“দুররে মুখতার গ্রন্থকারের বক্তব্য [নিজ জনপদ থেকে নির্বাসন দেয়ার মাধ্যমেও তা’যির হতে পারে।]- অবিবাহিত যিনাকারীকে নির্বাসন দেয়ার কথা যা আগে গেছে, সেটা এর মধ্যেই পড়ে। নসর ইবনে হাজ্জাজের সৌন্দযের কারণে মহিলারা যখন ফিতনার শিকার হচ্ছিল, তখন হযরত উমর রাদিয়াল্লাহু আনহু তাকে নির্বান দিয়েছিলেন। এটাও এর মধ্যেই পড়ে। আননাহরুল ফায়েক্বে আইনী প্রণীত বুখারীর ভাষ্যগ্রন্থ থেকে বর্ণিত আছে যে, যে ব্যক্তি লোকজনকে কষ্ট দেবে, তাকে নিজ জনপদ থেকে অন্যত্র নির্বাসন দিয়ে দেয়া হবে।” [রদ্দুল মুহতার: ৪/৬৪]

আল্লামা কাসানী রহ. (৫৮৭হি.) বলেন,

وفعل الصحابة محمول على أنهم رأوا ذلك مصلحة على طريق التعزير ، ألا يرى أنه روي عن سيدنا عمر رضي الله عنه أنه نفى رجلا فلحق بالروم فقال : لا أنفي بعدها أبدا .

وعن سيدنا علي رضي الله عنه أنه قال : كفى بالنفي فتنة؛ فدل

أن فعلهم كان على طريق التعزير ، ونحن به نقول : إن للإمام أن

ينفي إن رأى المصلحة في التغريب ، ويكون النفي تعزيرا لا حدا.
اهـ

“সাহাবায়ে কেরাম থেকে বর্ণিত নির্বাসন দেয়ার ঘটনা এর উপর প্রয়োগ হবে যে, তা’যিররূপে তারা তা উপকারী মনে করেছেন। আপনি কি দেখেন না- হযরত উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি এক ব্যক্তিকে নির্বাসন দিলে সে রোমানদের সাথে গিয়ে মিলে যায়। তখন তিনি বলেন, ‘এরপর আর কখনও আমি নির্বাসন দেব না।’

হযরত আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: ‘ফিতনার জন্য নির্বাসনই যথেষ্ট।’ অতএব, বুঝা গেল- তারা তা করেছেন তা’যিররূপে। আমরাও এ অভিমত পোষণ করি যে, যদি মাসলাহাত মনে করেন, তাহলে ইমামুল মুসলিমীন নির্বাসন দিতে পারেন। এ নির্বাসন হবে তা’যির, হদ না।” [বাদায়িউস সানায়ি’: ১৫/৫২]

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির); ০৯- তিন-চার. বন্দী ও প্রহার

তিন. বন্দী করে রাখা

এখানে জেলে বন্দী বা নিজ গৃহে নজরবন্দী উভয়টাই উদ্দেশ্য। কুরআন সুন্নাহয় এ উভয়টাই এসেছে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{ وَاللَّاتِي يَأْتِينَ الْفَاحِشَةَ مِنْ نِسَائِكُمْ فَاسْتَشْهِدُوا عَلَيْهِنَّ أَرْبَعَةً مِنْكُمْ فَإِنْ شَهِدُوا فَأَمْسِكُوهُنَّ فِي الْبُيُوتِ حَتَّى يَتَوَفَّاهُنَّ الْمَوْتُ أَوْ يَجْعَلَ اللَّهُ لَهُنَّ سَبِيلاً}

"তোমাদের নারীদের মধ্য হতে যারা অশ্লীল কাজ করবে, তাদের ব্যাপারে তোমাদের মধ্য হতে চার জন সাক্ষী রাখবে। তারা সাক্ষ্য দিলে সেসকল নারীকে গৃহে বন্দী করে রাখবে, যাবৎ না মৃত্যু তাদের তুলে নিয়ে যায় কিংবা আল্লাহ তাআলা তাদের জন্য কোন ব্যবস্থা দেন।" [নিসা: ১৫]

ইসলামের শুরু যামানায় যিনার নির্ধারিত কোন শাস্তি ছিল না। সে সময়ে ব্যবস্থা ছিল- যিনায় লিপ্ত নারীদের গৃহে বন্দী করে রাখা। পরবর্তীতে এ বিধান রহিত হয়ে গেছে। অবিবাহিতদের জন্য একশো বেত্রাঘাত আর বিবাহিতদের

জন্য রজম করে হত্যা নির্ধারিত হয়েছে।

এ আয়াত যদিও মানসূখ হয়ে গেছে, তবে এ থেকে এতটুকু বুঝে আসে যে, যেসকল অপরাধের জন্য শরীয়তে নির্ধারিত কোন শাস্তি নেই, সেসবের ক্ষেত্রে বন্দী করে রাখা একটা শাস্তি হতে পারে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮হি.) বলেন,

قوله تعالى: {فأمسكوهن في البيوت حتى يتوفاهن الموت أو يجعل الله لهن سبيلا} [النساء: 15] قد يستدل بذلك على أن المذنب إذا لم يعرف فيه حكم الشرع فإنه يمسك فيحبس حتى يعرف فيه الحكم الشرعي فينفذ فيه. اهـ

"আল্লাহ তাআলার বাণী: [সেসকল নারীকে গৃহে বন্দী করে রাখবে, যাবৎ না মৃত্যু তাদের তুলে নিয়ে যায় কিংবা আল্লাহ তাআলা তাদের জন্য কোন ব্যবস্থা দেন।] এ থেকে এ বিষয়ে দলীল দেয়া যায় যে, অপরাধীর ব্যাপারে যদি শরীয়তের বিধান জানা না যায়, তাহলে তার ব্যাপারে শরীয়তের বিধান জানা যাওয়ার পূর্ব পর্যন্ত তাকে আটক করে বন্দী করে রাখা হবে। বিধান জানা গেলে তখন বাস্তবায়ন করা হবে।" [আলফাতাওয়াল কুবরা: ৫/৫২৭]

এক হাদিসে এসেছে,

عن بهز بن حكيم عن أبيه عن جده: (أن النبي صلى الله عليه وسلم حبس رجلا في تهمة ثم خلى عنه)

“হযরত বাহয ইবনে হাকিম তার পিতৃসূত্রে তার দাদা থেকে বর্ণনা করেন- অভিযোগের ভিত্তিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বন্দী করেছিলেন। এরপর (নির্দোষ প্রমাণিত হলে) তাকে ছেড়ে দেন।” [তিরমিযি: ১৪১৭, আবু দাউদ: ৩৬৩০]

সাহাবায়ে কেরাম থেকে বন্দী করে রাখার অজস্র ঘটনা বর্ণিত আছে।

চার. প্রহার

প্রহার তা’যিরের অত্যধিক প্রসিদ্ধ পন্থা। বরং তা’যির বলতে যেন সাধারণত প্রহারকেই বুঝিয়ে থাকে। কুরআন সুন্নাহয় প্রহারের দ্বারা তা’যিরের কথা এসেছে। খুলাফায়ে রাশিদিনসহ পরবর্তী সকল যুগে প্রহারের মাধ্যমে তা’যিরের ধারা চলে আসছে।

কুরআনে কারীম থেকে সূরা নিসার পূর্বোল্লিখিত ৩৪ নং আয়াত এর দলীল। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{ وَاللَّاتِي تَخَافُونَ نُشُوزَهُنَّ فَعِظُوهُنَّ وَاهْجُرُوهُنَّ فِي الْمَضَاجِعِ وَاضْرِبُوهُنَّ فَإِنْ أَطَعْنَكُمْ فَلَا تَبْغُوا عَلَيْهِنَّ سَبِيلًا إِنَّ اللَّهَ كَانَ عَلِيًّا كَبِيرًا}

"যে সকল স্ত্রীর ব্যাপারে তোমরা অবাধ্যতার আশঙ্কা কর, তাদেরকে (প্রথমে) বুঝাও এবং (তাতে কাজ না হলে) তাদের সাথে একই বিছানায় শয়ন ছেড়ে দাও এবং (তাতেও সংশোধন না হলে) তাদের প্রহার করতে পার। অতঃপর তারা যদি তোমাদের আনুগত্য করে, তাহলে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণের পথ খুঁজো না। নিশ্চিত জেনো- আল্লাহ সবার উপরে, সবার বড়।" [নিসা: ৩৪]

এক হাদিসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

(مُرُوا أولادَكم بالصلاة وهم أَبناءُ سبع ، واضربوهم عليها وهم أبناءُ عشْر ، وفرِّقُوا بينهم في المضاجع)

"তোমাদের সন্তানরা যখন সাত বৎসরে উপনীত হয়, তখন তাদেরকে নামাজের আদেশ কর। আর দশ বৎসরে উপনীত হলে তাদেরকে নামাযের জন্য প্রহার কর এবং তাদের

বিছানা আলাদা করে দাও।” [আবু দাউদ: ৪৯৫]

এখানে নাবালেগকে নামায তরক করার কারণে প্রহারের আদেশ দেয়া হয়েছে, অথচ নাবালেগের উপর শরীয়তের বিধি বিধান বর্তায় না; তাছাড়া নামায না পড়ার দ্বারা শুধু ব্যক্তির নিজেরই ক্ষতি হয়, অন্যের ক্ষতি হয় না। তাহলে বালেগ ব্যক্তিদের এবং ঐ সকল অপরাধ, যেগুলোর দ্বারা অন্যের ক্ষতি হয় বা হক নষ্ট হয়- সেগুলোতে এর আগেই প্রহার বৈধ হবে।

অন্য হাদিসে এসেছে,
(لا يجلد فوق عشر جلدات إلا في حد من حدود الله)
“আল্লাহ তাআলার কোন হদ ভিন্ন অন্য কোথাও দশের অধিক বেত্রাঘাত করা যাবে না।” [সহীহ বুখারী: ৬৪৫৬]

এখানে হদ দ্বারা গুনাহ উদ্দেশ্য। অর্থাৎ গুনাহ নয় এমন বিষয়ে দশের অধিক বেত্রাঘাত করা যাবে না। অর্থাৎ আদব-কায়দা ও সামাজিক বা রাষ্ট্রীয় বৈধ রীতি-নীতির বিপরীত করলে, যদি তা শরয়ী দৃষ্টিকোণ থেকে গুনাহের পর্যায়ে না পড়ে, তাহলে বেত্রাঘাত করা যাবে, তবে দশের অধিক নয়।

আর কোন গুনাহে লিপ্ত হলে তখন মুনাসিব মতো দশের অধিক বেত্রাঘাত করা যাবে।

এক হাদিসে এসেছে, নিজ স্ত্রীর বাঁদিকে বৈধ মনে করে সহবাস করলে একশো বেত্রাঘাত লাগানো হবে। [সহীহ বুখারী: ২২৯০, মুসনাদে আহমাদ: ১৪৫১]

কুরআনে কারীমের মুতাশাবিহ আয়াত নিয়ে ফিতনা সৃষ্টির অপরাধে উমর রাদিয়াল্লাহু আনহু ইরাকের সাবিগ ইবনে ইসলকে পেটাতে পেটাতে রক্তাক্ত করেছেন। [সুনানে দারেমী: ১৪৪] অন্য বর্ণনায় আছে, তিনি তাকে দুইশত বেত্রাঘাত করেছেন। [মুসনাদে বাযযার: ২৯৯]

মোটকথা: প্রহারের দ্বারা তা'যির বৈধ। তবে এর সর্বোচ্চ পরিমাণ কত হবে তা নিয়ে আইম্মায়ে কেরামের মাঝে দ্বিমত রয়েছে। সামনে এর আলোচনা আসবে ইনশাআল্লাহ।

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির); ১০; পাঁচ. হত্যা

তা'যিরের পঞ্চম প্রকার: হত্যা

পাঁচ: হত্যা

হত্যার মাধ্যমেও তা'যির হতে পারে। সাধারণত একে القتل سياسةً তথা সিয়াসতরূপে হত্যা বলা হয়। কুরআন সুন্নাহয় তা'যিররূপে হত্যার নির্দেশনা এসেছে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{ مَنْ قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الْأَرْضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ جَمِيعًا}

"কাউকে হত্যা বা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি ব্যতীতই কেউ কাউকে হত্যা করলে, সে যেন গোটা মানব জাতিকে হত্যা করল।" - মায়েদা: ৩২

এ আয়ত থেকে বুঝা যায়, কেউ কাউকে হত্যা করলে হত্যার বদলে তাকে হত্যা করা যাবে। তদ্রূপ কেউ পৃথিবীতে ফাসাদ ও বিশৃংখলা করে বেড়ালে তাকেও হত্যা করা যাবে।

ইমাম জাসসাস রহ. (৩৭০হি.) বলেন,

فكان في مضمون الآية إباحة قتل المفسد في الأرض. اهـ

"আয়াত বুঝাচ্ছে- যমিনে বিশৃংখলাকারীকে হত্যা করা বৈধ।"

- আহকামুল কুরআন: ২/৫০৫

ফাসাদ দুনিয়াবিও হতে পারে, দ্বীনিও হতে পারে।

দুনিয়াবি ফাসাদ, যেমন: চুরি, ডাকাতি, রাহজানি, সন্ত্রাসী, খুন, ধর্ষণ, যাদু-টোনা ইত্যাদির মাধ্যমে সমাজের শান্তি-শৃংখলা নষ্ট করা, জনজীবন অতিষ্ট করে তোলা।

দ্বীনি ফাসাদ, যেমন: ইলহাদ, যান্দাকাহ্, নাস্তিকতা, বিদআত ইত্যাদি ছড়ানো।

এ উভয় ধরণের ফাসাদকারীকেই হত্যা করা যাবে, যদি হত্যা ব্যতীত তার অনিষ্ট দমন সম্ভব না হয়।

এক হাদিসে সমকামীকে হত্যার কথা এসেছে:

(من وجدتموه يعمل عمل قوم لوط فاقتلوا الفاعل والمفعول به)

“কাউকে লূত আলাইহিস সালামের কাওমের মতো কাজ (অর্থাৎ সমকামিতা) করতে দেখলে যে করেছে এবং যার সাথে করেছে, তাদের উভয়কে হত্যা করে দাও।” - আবু দাউদ: ৪৪৬৪ , তিরিমিযি: ১৪৫৬

অর্থাৎ বিবাহিত হলেও হত্যা কর, অবিবাহিত হলেও হত্যা কর।

অন্য হাদিসে পশুর সাথে সঙ্গমকারীকে হত্যা করে দিতে বলা হয়েছে:

(من وجدتموه وقع على بهيمة فاقتلوه)

“কাউকে কোন পশুর সাথে সঙ্গম করতে দেখলে হত্যা করে দেবে।” - আবু দাউদ: ৪৪৬৬, তিরিমিযি: ১৪৫৫

অন্য হাদিসে মাহরাম মহিলার সাথে যিনাকারীকে হত্যা করে দিতে বলা হয়েছে:

(ومن وقع على ذات محرم فاقتلوه)

“যে ব্যক্তি তার মাহরামের সাথে যিনা করে, তাকে হত্যা করে দাও।” - তিরিমিযি: ১৪৬২

অর্থাৎ বিবাহিত হলেও, না হলেও।

আমাদের আইম্মায়ে কেরামের মতে এসকল হত্যার কোনটাই হদ নয়, বরং তা’যির। কাজেই সর্বাস্থায় এদের হত্যা করা জরুরী নয়। যারা এসব কাজে অভ্যস্ত হয়ে পড়বে এবং তাদেরকে দমন করতে হত্যার প্রয়োজন পড়বে, তাদেরকে হত্যা করা হবে। আর যাদেরকে হত্যা ছাড়াই দমন করা সম্ভব, তাদেরকে হত্যা করা হবে না।

‘আদদুররুল মুখতার’ গ্রন্থকার (১০৮৮হি.) বলেন,

(ويكون) التعزير (بالقتل). اهـ

“তা’যির হত্যার দ্বারাও হতে পারে।” - আদদুররুল মুখতার (রদ্দুল মুহতারের সাথে ছাপা): ৪/৬২

আল্লামা শামী রহ. (১২৫২হি.) এর ব্যাখ্যায় বলেন,

رأيت في [الصارم المسلول] للحافظ ابن تيمية أن من أصول الحنفية أن ما لا قتل فيه عندهم مثل القتل بالمثقل والجماع في غير القبل إذا تكرر فللإمام أن يقتل فاعله، وكذلك له أن يزيد على الحد المقدر إذا رأى المصلحة في ذلك، ويحملون ما جاء عن النبي - صلى الله عليه وسلم - وأصحابه من القتل في مثل هذه الجرائم على أنه رأى المصلحة في ذلك ويسمونه القتل سياسة، وكان حاصله أن له أن يعزر بالقتل في الجرائم التي تعظمت بالتكرار وشرع القتل في جنسها. اهـ ... ومن ذلك ما سيذكره المصنف من أن للإمام قتل السارق سياسة أي إن تكرر منه. وسيأتي أيضا قبيل كتاب الجهاد أن من تكرر الخنق منه في المصر قتل به سياسة لسعيه بالفساد، وكل من كان كذلك يدفع شره بالقتل، وسيأتي أيضا في باب الردة أن الساحر أو الزنديق الداعي إذا أخذ قبل توبته ثم تاب لم تقبل توبته ويقتل، ولو أخذ بعدها قبلت، وأن الخناق لا توبة له وتقدم كيفية تعزير اللوطي بالقتل. اهـ كلام ابن عابدين رحمه الله

"হাফেয ইবনে তাইমিয়া রহ. এর 'আসসারিমুল মাসলূল' গ্রন্থে দেখেছি: [হানাফিদের একটি মূলনীতি হলো- তাদের মতে যেসব অপরাধের শাস্তি হত্যা নয়; যেমন: ভারি বস্তু দ্বারা হত্যা করা, যোনিদ্বার ব্যতীত অন্য পথে সঙ্গম করা; যদি

ব্যক্তি থেকে তা একাধিকবার প্রকাশ পায়, তাহলে ইমামুল মুসলিমীন তাকে হত্যা করতে পারবেন। তদ্রূপ মাসলাহাত মনে করলে তিনি নির্ধারিত পরিমাণের চেয়ে অতিরিক্ত শাস্তিও দিতে পারবেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার সাহাবায়ে কেরাম থেকে এ সকল অপরাধের বেলায় বর্ণিত হত্যাকে তারা এর উপর প্রয়োগ করেন যে, এতে তিনি মাসলাহাত রয়েছে মনে করেছেন। একে তারা 'সিয়াসতরূপে হত্যা' নাম দিয়ে থাকেন। এর সারকথা: যেসব অপরাধের অনুরূপ অপরাধে হত্যার বিধান রয়েছে, সেগুলো যখন বারংবার সংঘটিত হওয়ার দ্বারা গুরুতর অবস্থা ধারণ করবে, তখন সেগুলোতে তিনি তা'যিররূপে হত্যা করতে পারবেন।] হাফেয ইবনে তাইমিয়া রহ. এর বক্তব্য শেষ হল। ...

(শামী রহ. বলেন,) গ্রন্থকার সামনে যা উল্লেখ করবেন, সেটাও এই শ্রেণীভুক্তই। তা হল- ইমামুল মুসলিমীন সিয়াসতরূপে চোরকে হত্যা করতে পারবেন। অর্থাৎ যখন তার থেকে বারংবার চুরি প্রকাশ পাবে। কিতাবুল জিহাদের একটু আগে আলোচনা আসবে যে, যে ব্যক্তি থেকে শহরের অভ্যন্তরে শ্বাসরুদ্ধ করে হত্যার ঘটনা বারংবার ঘটবে, তাকে

সিয়াসতরূপে হত্যা করে দেয়া হবে। কেননা, সে যমিনে ফাসাদ করে বেড়াচ্ছে। প্রত্যেক ব্যক্তি, যার অবস্থা এমন হবে- তাকে হত্যা করে দিয়ে তার অনিষ্ট দমন করা হবে। বাবুর রিদ্দাহয় আলোচনা আসবে- যাদুকর কিংবা এমন যিন্দিক, যে নিজ কুফরি অভিমতের দিকে লোকজনকে দাওয়াত দেয়: যদি তাওবা করার আগেই ধৃত হয় এরপর তাওবা করে, তাহলে তার তাওবা কবুল হবে না বরং হত্যা করে দেয়া হবে। আর তাওবা করার পর ধৃত হলে তাওবা কবুল হবে। সামনে এও আসবে যে, শ্বাসরুদ্ধ করে হত্যাকারীর কোন তাওবার সুযোগ নেই। আর সমকামিকে তা'যিররূপে কিভাবে হত্যা করা হবে তার আলোচনা আগে গেছে।" - রদ্দুল মুহতার: ৪/৬২-৬৩

সহজ কথা: যাকে হত্যা ছাড়া দমন সম্ভব না, তাকে হত্যা করে দমন করা হবে। এই হত্যা হদ হিসেবে নয়, তা'যির হিসেবে।

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির); ১১- বিভিন্ন প্রকার তা'যির

কুরআন সুন্নাহয় সুস্পষ্টরূপে বর্ণিত কয়েকটি তা'যির উপরে উল্লেখ করা হল, নতুবা তা'যিরের ধরণ অসংখ্য। যাকে যেভাবে শাস্তি দিলে দমন হবে, সেটাই তার তা'যির। তবে কাউকে যদি প্রহারের মাধ্যমে তা'যির করার প্রয়োজন হয়, তাহলে সর্বোচ্চ কয়টি বেত্রাঘাত করা যাবে এ নিয়ে আইম্মায়ে কেরামের মাঝে মতভেদ আছে।

এখন তা'যির সংক্রান্ত আইম্মায়ে কেরামের কিছু বক্তব্য উল্লেখ করছি। তাতে বিষয়টি আরো পরিষ্কার হবে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮হি.) বলেন,

وليس لأقل التعزير حد بل هو بكل ما فيه إيلام الانسان من قول وفعل وترك قول وترك فعل فقد يعزر الرجل بوعظه وتوبيخه والاغلاظ له وقد يعزر بهجره وترك السلام عليه حتى يتوب إذا كان ذلك هو المصلحة كما هجر النبى وأصحابه الثلاثة الذين خلفوا وقد يعزر بعزله عن ولايته كما كان النبى وأصحابه يعزرون بذلك وقد يعزر بترك استخدامه فى جند المسلمين كالجندى المقاتل إذا فر من الزحف فان الفرار من الزحف من الكبائر وقطع أجره نوع تعزير له وكذلك الأمير إذا فعل ما يستعظم فعزله عن إمارته تعزير له وكذلك قد يعزر

بالحبس وقد يعزر بالضرب وقد يعزر بتسويد وجهه وإركابه على دابة مقلوبا كما روى عن عمر بن الخطاب رضى الله عنه أنه أمر بمثل ذلك فى شاهد الزور. اهـ

“তা’যিরের সর্বনিম্ন পরিমাণের কোন নির্ধারিত সীমা নেই। বরং প্রত্যেক এমন কথা ও কাজ কিংবা প্রত্যেক এমন কথা বা কাজ পরিত্যাগ করা, যার দ্বারা ব্যক্তির কষ্ট হবে, সেটা দিয়েই তা’যির হতে পারে। কোন সময় ব্যক্তিকে উপদেশ দিয়ে, ধমকি দিয়ে ও কঠোরতা করে তা’যির করা যায়। আবার কোন সময় তাওবা না করা পর্যন্ত বয়কট করে ও সালাম দেয়া বন্ধ রাখার মাধ্যমে করা যায়। এমনটা করা যায় যখন এটাই মাসলাহাত বলে মনে হয়। যেমন- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার সাহাবায়ে কেরাম ঐ তিন সাহাবিকে বয়কট করেছিলেন, যাদের ব্যাপারে সিদ্ধান্ত মুলতবী ছিল।

কখনো নিজ পদ থেকে অপসারিত করে দেয়ার দ্বারাও তা’যির হতে পারে। যেমন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার সাহাবায়ে কেরাম এভাবে তা’যির করতেন। আবার কখনো মুসলিম বাহিনিতে না নেয়ার মাধ্যমেও তা’যির হতে পারে; যেমন- যোদ্ধা সৈনিক যদি

যুদ্ধের ময়দান থেকে পলায়ন করে। কেননা, ময়দান ছেড়ে পালানো কবীরা গুনাহ। আর তার প্রতিদান বন্ধ করে দেয়াও তার জন্য এক প্রকার তা'যির। তদ্রূপ আমীর যদি জঘন্য কিছু করে ফেলে, তাহলে তাকে তার নেতৃত্ব থেকে অপসারিত করে দেয়া তার তা'যির। তেমনি কখনো কখনো বন্ধী করার মাধ্যমে তা'যির করা যেতে পারে, কখনো প্রহারের মাধ্যমে করা যেতে পারে, আবার কখনোও চেহারায় চুন-কালি মেখে কালো করে বাহনের উপর উল্টো করে বসিয়ে ঘুরানোর মাধ্যমেও হতে পারে, যেমনটা হযরত উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি মিথ্যা সাক্ষ্যদাতার সাথে এমনটা করার আদেশ দিয়েছেন।" - মাজমুউল ফাতাওয়া: ২৮/৩৪৪

এখানে তা'যিরের আরোও কয়েকটি পদ্ধতি পাওয়া গেল:

ছয়. শরীয়তসম্মত এমন কথা বলা, যার দ্বারা অপরাধীর কষ্ট হতে পারে।

সাত. তার সাথে শরীয়তসম্মত এমন কাজ করা, যার দ্বারা তার কষ্ট হতে পারে।

আট. তার সাথে শরীয়তসম্মত এমন কথা পরিত্যাগ করা, যার দ্বারা তার কষ্ট হতে পারে।

নয়. তার সাথে শরীয়তসম্মত এমন কাজ পরিত্যাগ করা, যার দ্বারা তার কষ্ট হতে পারে।

দশ. উপদেশ দেয়া।

এগার. ধমক দেয়া।

বার. কঠোরতা করা।

তের. সালাম না দেয়া।

চৌদ্দ. পদ থেকে অপসারিত করে দেয়া।

পনের. সেনাবাহিনিতে না নেয়া।

ষোল. আমীরকে নেতৃত্ব থেকে সরিয়ে দেয়া।

সতের. চেহারায় চুন-কালি মেখে কালো করে বাহনের উপর উল্টো করে বসিয়ে ঘুরানো।

ইবনুল কায়্যিম রহ. (৭৫১হি.) বলেন,

وتختلف مقاديرها وأجناسها وصفاتها باختلاف أحوال الجرائم وكبرها وصغرها وبحسب حال المذنب في نفسه والتعزير منه ما يكون بالتوبيخ وبالزجر وبالكلام ومنه ما يكون بالحبس ومنه ما يكون بالنفي ومنه ما يكون بالضرب. اهـ

“তা’যিরের পরিমাণ, ধরণ ও সিফাত অপরাধের অবস্থাভেদে, অপরাধ ছোট ও বড় হওয়া ভেদে এবং অপরাধীর নিজের অবস্থাভেদে বিভিন্ন রকম হয়ে থাকে। তা’যির হতে পারে ধমক দেয়া, তিরস্কার করা ও কথার মাধ্যমে। হতে পারে বন্দী করা ও এলাকা থেকে নির্বাসন দেয়ার মাধ্যমে। হতে পারে প্রহারের মাধ্যমে।” - আততুরুকুল হুকমিয়্যাহ: ১/৩৮৪

এখানে আরেকটি পাওয়া গেল:

আটার. তিরস্কার করা।

‘আদদুররুল মুখতার’ গ্রন্থকার (১০৮৮হি.) বলেন,

(و) التعزير (ليس فيه تقدير بل هو مفوض إلى رأي القاضي) وعليه مشايخنا زيلعي لأن المقصود منه الزجر، وأحوال الناس فيه مختلفة بحر. اهـ

“তা’যিরের কোন নির্ধারিত পরিমাণ নেই, বরং তা কাযির বিবেচনার উপর ন্যস্ত। ... কেননা, এর উদ্দেশ্য- (অপরাধ থেকে) বিরত রাখা। আর লোকজনের অবস্থা এক্ষেত্রে বিভিন্ন রকম হয়ে থাকে।” - আদদুররুল মুখতার (রদ্দুল মুহতারের

সাথে ছাপা): ৪/৬৪

তিনি আরো বলেন,

(ويكون به و) بالحبس و (بالصفع) على العنق (وفرك الأذن، وبالكلام العنيف، وبنظر القاضي له بوجه عبوس، وشتم غير القذف). اهـ

“তা’যির হতে পারে প্রহারের দ্বারা, বন্দী করার দ্বারা, গর্দানে চপেটাঘাতের দ্বারা, কানমলা ও রূঢ় কথার দ্বারা, কাযি সাহেব তার প্রতি ভ্রুকুচিত চেহারায় তাকানোর দ্বারা, অপবাদ নয় এমন গালি দেয়ার দ্বারা।” - আদদুররুল মুখতার (রদ্দুল মুহতারের সাথে ছাপা): ৪/৬১

অবশ্য সারাখসী রহ. মুসলমানকে গর্দানে চপেটাঘাতের মাধ্যমে তা’যির করতে নিষেধ করেছেন। যিম্মিকে করলে করা যেতে পারে।

এখান থেকে আরোও পাওয়া গেল:

উনিশ. কানমালা।

বিশ. কাযি সাহেব ভ্রুকুচিত চেহারায় তাকানো।

একুশ. অপবাদ নয় এমন গালি দেয়া।

উপরোক্ত আলোচনা থেকে আমরা তা'যিরের একুশটি পদ্ধতি পেলাম:

এক. বর্জন ও বয়কট।

দুই. নির্বাসন

তিন. বন্দী।

চার. প্রহার।

পাঁচ. হত্যা।

ছয়. শরীয়তসম্মত এমন কথা বলা, যার দ্বারা অপরাধীর কষ্ট হতে পারে।

সাত. তার সাথে শরীয়তসম্মত এমন কাজ করা, যার দ্বারা

তার কষ্ট হতে পারে।

আট. তার সাথে শরীয়তসম্মত এমন কথা পরিত্যাগ করা, যার দ্বারা তার কষ্ট হতে পারে।

নয়. তার সাথে শরীয়তসম্মত এমন কাজ পরিত্যাগ করা, যার দ্বারা তার কষ্ট হতে পারে।

দশ. উপদেশ দেয়া।

এগার. ধমক দেয়া।

বার. কঠোরতা করা।

তের. সালাম না দেয়া।

চৌদ্দ. পদ থেকে অপসারিত করে দেয়া।

পনের. সেনাবাহিনিতে না নেয়া।

ষোল. আমীরকে নেতৃত্ব থেকে সরিয়ে দেয়া।

সতের. চেহারায় চুন-কালি মেখে কালো করে বাহনের উপর উল্টো করে বসিয়ে ঘুরানো।

উনিশ. কানমলা।

বিশ. কাযি সাহেব ভ্রুকুচিত চেহারায় তাকানো।

একুশ. অপবাদ নয় এমন গালি দেয়া (ওহে আহমক!)।

এগুলো তা'যিরের কয়েকটি পদ্ধতি মাত্র। নতুবা এর কোন নির্ধারিত পরিমাণ ও পদ্ধতি নেই, যেমনটা অনেকবার বলা হয়েছে। যেখানে শরীয়তসম্মত যে পদ্ধতি কার্যকর মনে হবে সেটাই প্রয়োগ করা হবে। তবে কারো ক্ষেত্রে প্রহারের দ্বারা তা'যির উপকারী মনে হলে তখন সর্বোচ্চ কয়টি বেত্রাঘাত করা যাবে- সেটার একটা সীমারেখা আছে। সামনে এর বিবরণ আসছে ইনশাআল্লাহ।

তা'যিরের সর্বোচ্চ পরিমাণ

আমরা দেখেছি, তা'যিরের ভিত্তি কাযির ইজতিহাদের উপর, খাহেশাতের উপর নয়। তিনি ইজতিহাদের ভিত্তিতে যাকে যে ধরণের ও যে পরিমাণ তা'যির করা প্রয়োজন মনে করেন ততটুকুই করবেন। এর চেয়ে কমও না, এর চেয়ে বেশিও না। কমও জায়েয হবে না, বেশিও জায়েয হবে না। কারণ, বেশি লাগালে সীমালঙ্ঘন হবে আবার কম লাগালে অপরাধী দমন হবে না। সীমালঙ্ঘনও জায়েয নয়, অপরাধীকে দমন না করে ছেড়ে দেয়াও জায়েয নয়। অতএব, কমও জায়েয নয়, বেশিও জায়েয নয়। এ হিসেবে তা'যিরের সর্বনিম্ন বা সর্বোচ্চ কোন পরিমাণ নেই। অর্থাৎ এমন কোন পরিমাণ নেই যে, অপরাধী বিরত হয়ে গেলেও এর চেয়ে কম করা যাবে না; আবার এমন কোন পরিমাণও নেই যে, অপরাধী ঐ পরিমাণ শাস্তির পর বিরত হবে না বলে মনে হলেও তাকে এর অধিক শাস্তি দেয়া যাবে না।

হানাফি মাযহাবের অনেক কিতাবে আছে, তা’যিরের সর্বনিম্ন পরিমাণ তিন বেত। তবে আমাদের আইম্মায়ে কেরাম স্পষ্ট বলেছেন, এই বক্তব্য সহীহ নয়। যে ধমকে বিরত হয়ে যাবে, তাকে বেত্রাঘাত করা যাবে না। আবার যাকে এক বেত্রাঘাতে বিরত রাখা যাবে মনে হয়, এর বেশি দরকার হবে না- তাকে এর বেশি লাগানো যাবে না। অতএব, তিন বেত্রাঘাতের বক্তব্য সহীহ নয়।

তবে যাকে দশ বেতের কমে বিরত রাখা যাবে না, তার তা’যিরের সর্বনিম্ন পরিমাণ- দশ বেত্রাঘাত। যাকে বিশটা দরকার, তার জন্য বিশটাই সর্বনিম্ন। যার ত্রিশটা দরকার, তার ত্রিশটা। এর চেয়ে কম লাগানো জায়েয হবে না।
তদ্রূপ, যাকে দুই দিন বন্দী করে রাখলেই বিরত হয়ে যাবে, তাকে এর বেশি সময় বন্দী রাখা জায়েয হবে না। আবার যাকে এক বৎসরের কমে দমন সম্ভব নয়, তার সর্বনিম্ন তা’যির এক বৎসর। তাকে এক বৎসরের আগে ছেড়ে দেয়া জায়েয হবে না। অতএব, যাকে যে পরিমাণ বন্দী রাখা দরকার, কাযি সাহেব তাকে সে পরিমাণই বন্দী রাখবেন। অন্যান্য সকল তা’যিরের ক্ষেত্রেও একই কথা।

তবে বিশেষভাবে বেত্রাঘাতের দ্বারা তা'যিরের ক্ষেত্রে সর্বোচ্চ কতটি বেত লাগানো যাবে এ নিয়ে আইম্মায়ে কেরামের মাঝে মতভেদ আছে। ইমাম মালেক রহ. এর মতে এর কোন সর্বোচ্চ পরিমাণ নির্ধারিত নেই। যাকে বিরত রাখতে যত পরিমাণ বেত লাগানো দরকার তাকে সে পরিমাণই লাগানো যাবে। একশো দরকার হলে একশো, দু'শো দরকার হলে দু'শো, চারশো দরকার হলে চারশো।

তবে অন্যান্য আইম্মায়ে কেরামের মতে বেত্রাঘাতের একটা সর্বোচ্চ পরিমাণ নির্ধারিত আছে। আবু হানিফা রহ. এর মতে এর পরিমাণ ঊনচল্লিশ (৩৯)। অতএব, তা'যিররূপে কাউকে ঊনচল্লিশ বেতের অধিক লাগানো যাবে না।

এখন প্রশ্ন হতে পারে, যদি কেউ ঊনচল্লিশ বেতে বিরত না হয়, তাহলে তার ব্যাপারে কি করা হবে? ঊনচল্লিশ লাগানোর

পর কি ছেড়ে দেয়া হবে?

উত্তর:

না ছেড়ে দেয়া হবে না। বরং তাকে বিরত রাখতে বেত্রাঘাতের পরিবর্তে অন্য কোন শাস্তি বেছে নেয়া হবে। যেমন- বেত্রাঘাতের পর জেলে ভরে রাখা হবে কিংবা নির্বাসন দিয়ে দেয়া হবে কিংবা লোকজনকে তাকে বয়কট করার আদেশ দেয়া হবে, যাতে সংকীর্ণতার শিকার হয়ে সে সংশোধন হয়ে যায়। অতএব, বেত্রাঘাতের সর্বোচ্চ পরিমাণ ৩৯ হওয়ার অর্থ এই নয়- এর অতিরিক্ত কোন শাস্তি দেয়া যাবে না। বরং এর অর্থ: বেত্রাঘাত ৩৯- এর অধিক লাগানো যাবে না, তবে ৩৯- এ বিরত না হলে আর বেত্রাঘাত না করে বরং অন্য কোন শাস্তি বেছে নেয়া হবে।

দ্বিতীয়ত: কারো অপরাধ যদি অনেক হয়, আর প্রত্যেকটা অপরাধের কারণে তা'যিরের প্রয়োজন পড়ে, যার ফলে সবগুলো বেত্রাঘাতের পরিমাণ সমষ্টিগতভাবে ৩৯- এর অধিক হয়ে যায়: তাহলে তাতেও কোন অসুবিধা নেই। বর্ণিত আছে, হযরত উমর রাদিয়াল্লাহু আনহুর খেলাফতকালে তার আংটির

নকশা নকল করে বাইতুল মাল থেকে সম্পদ হাতিয়ে নেয়ার কারণে মা'ন ইবনে যায়েদাকে তিনি দু'শো বেত্রাঘাত করেছেন, সাথে বন্দীও করেছেন এবং নির্বাসনও দিয়েছেন। কারণ, তার এই অপরাধ অনেকগুলো অপরাধের রূপ নিয়েছে। যেমন:

- আংটির নকশা নকল করা।
- অন্যায়ভাবে বাইতুল মালের সম্পদ হাতিয়ে নেয়া।
- অপরাধীদের জন্য এই অপরাধের রাস্তা খোলে দেয়া।

কেননা, তার দেখাদেখি অন্যরাও বাইতুল মালের সম্পদ হাতিয়ে নিতে দায়িত্বশীলদের আংটির নকশা নকল করার পথ ধরতে পারে ইত্যাদি।

যেহেতু তার অপরাধ অনেকগুলো অপরাধের রূপ নিয়েছে এ কারণে সবগুলোর তা'যিররূপে দু'শো লাগানো হয়েছে।

[বিস্তারিত ফাতহুল কাদীর ও রদ্দুল মুহতার, বাবুত তা'যির দেখুন।]

অতএব, ৩৯- এর অধিক লাগানো যাবে না ঐ সময়, যখন অপরাধ একটা হবে। যেমন- কোন অবিবাহিত পুরুষ কোন অবিবাহিত মহিলার সাথে সঙ্গম ব্যতীত অন্যান্য কুকর্ম করলো

(যেমন- জড়িয়ে ধরা, চুমু খাওয়া ইত্যাদি)। তার শাস্তি কি তা শরীয়তে নির্ধারিত নেই। এখানে তা'যির করতে হবে। তবে এই তা'যিরের পরিমাণ হানাফি মাযহাব মতে ৩৯ বেতের অধিক হতে পারবে না। তবে যদি এর দ্বারা সে পরবর্তীতে এসব কুকর্ম থেকে বিরত হবে না বলে মনে হয়, তাহলে তাকে জেলে দেয়া যেতে পারে কিংবা মুনাসিব মতো অন্য কোন শাস্তি দেয়া যেতে পারে।

পক্ষান্তরে কোন ব্যক্তির অপরাধ যদি অনেকগুলো হয়, যেমন:

- কাউকে গালি দিয়েছে,
- কারো নামে মিথ্যা অপবাদ দিয়েছে,
- কাউকে অন্যায়ভাবে প্রহার করেছে,
- কোন মহিলার সাথে সঙ্গম ব্যতীত অন্যান্য কুকর্ম করেছে,
- অন্যায়ভাবে কারো টাকা হাতিয়ে নিয়েছে,
- জুয়া খেলেছে ইত্যাদি;

এমতাবস্থায় তাকে সবগুলোর বিপরীতে যদি বেত্রাঘাত করা হয়, তাহলে তার সংখ্যা ৩৯- এর চেয়ে অনেক বেশি হবে। এতে কোন সমস্যা নেই। কেননা, এখানে এক অপরাধের

বিপরীতে বেত্রাঘাত হচ্ছে না, অনেকগুলো অপরাধের বিপরীতে হচ্ছে। তবে বেত্রাঘাতের ক্ষেত্রে লক্ষ রাখতে হবে- যেন তার মৃত্যু না ঘটে যায় কিংবা কোন অঙ্গ নষ্ট না হয়ে যায়।

সারকথা এই দাঁড়ালো:

ϖ তা’যির কাযির ইজতিহাদের উপর নির্ভরশীল। তিনি খাহেশাতের বশবর্তী না হয়ে ইজতিহাদের ভিত্তিতে যাকে যেমন মুনাসিব মনে করেন তা’যির করবেন।

ϖ তা’যিরের সর্বনিম্ন কোন পরিমাণ নির্ধারিত নেই। যাকে দমন করতে যে পরিমাণ শাস্তি দরকার, সেটাই তার জন্য সর্বনিম্ন তা’যির। এর চেয়ে কম শাস্তি জায়েয হবে না। তদ্রূপ, যে পরিমাণ শাস্তির মাধ্যমে অপরাধী দমন হয়ে যাবে, এর বেশি লাগবে না মনে হয়- সেটা তার জন্য সর্বোচ্চ তা’যির। এর অধিক শাস্তি দেয়া যাবে না।

ϖ হানাফি মাযহাব মতে তা’যিরে বেত্রাঘাতের সর্বোচ্চ পরিমাণ ৩৯। এর বেশি বৈধ নয়। তবে অপরাধ যদি অনেক হয় এবং প্রত্যেকটার জন্য তা’যিরের দরকার পড়ে, তাহলে সবগুলোর

সমষ্টি ৩৯- এর অধিক হতে কোন সমস্যা নেই। তদ্রূপ, যেক্ষেত্রে ৩৯- এর অধিক বৈধ নয়, সেক্ষেত্রেও যদি অপরাধী বিরত হবে না বলে মনে হয়, তাহলে বেত্রাঘাতের সাথে অন্য শাস্তি যোগ করা হবে।

ওয়ালা-বারা এবং শরীফ হাতেম আলআউনীর বিভ্রান্তি

ঈমান সহীহ হওয়ার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বা কুরআন বা দ্বীনে ইসলামের সত্যতায় বিশ্বাসী হওয়াই যথেষ্ট নয়। তদ্রূপ বিশ্বাসের পাশাপাশি মহব্বত রাখাও যথেষ্ট নয়। বিশ্বাস ও মহব্বতের পাশাপাশি দ্বীনে ইসলামকে তা'জিম করা, তা'জিম পরিপন্থী কোন কিছু না করা এবং দ্বীনে ইসলামের আনুগত্য অবধারিতরূপে গ্রহণ করে নেওয়া আবশ্যক।

একইভাবে ঈমান আনার পর শুধু বিশ্বাস রাখা বা মহব্বত রাখাই ঈমানের উপর বহাল থাকার জন্য যথেষ্ট নয়। বিশ্বাস ও

মহব্বত রেখেও যদি কোন কুফরি করে বা তা'জিম পরিপন্থী কোন কাজ করে, তাহলে মুরতাদ হয়ে যাবে। তার বিশ্বাস ও মহব্বত তাকে কুফর থেকে বাঁচাতে পারবে না। এর দলীল-

ক.

আহলে কিতাবরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সত্যতায় বিশ্বাস করতো। কিন্তু এরপরও তারা কাফের। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ وَإِنَّ فَرِيقًا مِنْهُمْ لَيَكْتُمُونَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُونَ

"যাদেরকে আমি কিতাব দিয়েছি, তারা তাকে চেনে, যেমন চেনে তাদের ছেলে-সন্তানদেরকে। আর নিশ্চয় তাদের মধ্য থেকে একটি দল সত্যকে গোপন করে, অথচ তারা জানে।"- বাক্বারা ১৪৬

অন্য আয়াতে বলেন,

الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمُ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُونَ

"যাদেরকে আমি কিতাব দিয়েছি তারা তাকে চেনে যেরূপ চেনে তাদের ছেলে-সন্তানদেরকে। যারা নিজদের ক্ষতি করেছে

তারা ঈমান আনবে না।”- আনআম ২০

খ.

ফিরআউন এবং তার কওমের ব্যাপারে বলেন,

وَجَحَدُوا بِهَا وَاسْتَيْقَنَتْهَا أَنْفُسُهُمْ ظُلْمًا وَعُلُوًّا فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِينَ

“আর তারা অন্যায় ও উদ্ধতভাবে নিদর্শনগুলোকে প্রত্যাখ্যান করল। অথচ তাদের অন্তর তা নিশ্চিত বিশ্বাস করেছিল। অতএব দেখ, ফাসাদ সৃষ্টিকারীদের পরিণাম কেমন হয়েছিল।”- নামল ১৪

অন্তরে নিশ্চিত বিশ্বাস রাখার পরও তারা কাফের ছিল।

গ.

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চাচা আবু তালেব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিশ্বাস করতেন এবং মহব্বতও করতেন। কিন্তু রাসূলের দ্বীনের আনুগত্য গ্রহণ না করায় কাফের ছিলেন।

ঘ.

রোম সম্রাট হিরাক্লিয়াস রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিশ্বাস করতো এবং মহব্বতও করতো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে পৌঁছতে পারলে তার কদম মোবারকের ধূলি ধোয়ে দেবে বলে তামান্নাও রাখতো। কিন্তু রাসূলের দ্বীনের আনুগত্য গ্রহণ না করায় কাফের ছিলো।

কাশ্মিরি রহ. (১৩৫২ হি.) বলেন,

وهذا القرآن يشهدُ بمعرفة الكفار، قال تعالى: {يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَآءهُمْ} [البقرة: 146] وهذا أبو طالب يُقِرُ بنبوتِهِ ونباهته صلى الله عليه وسلّم ويُعْلِنُ بها في أبياته، حتى دارت وسارت، فيقول:

ودعوتَني وزعمتَ أَنَّكَ صادِق ... وصدقت فيه وكنت ثَمّ أمِينًا*

وعرفتُ دينَك لا محالةَ أنه ... من خيرِ أديانِ البَرِيَّةِ دِينا*

لولا الملامةُ أو حَذَارِ مَسَبَّةٍ ... لوجدتَّني سمحًا بذاك مُبِينًا*

وهذا هرقل عظيم الروم يقول: لو أني أعلم أني أَخْلُصُ إليه لتجَشَّمْتُ لقاءه، ولو كنت عنده لغَسَلْتُ عن قدميه، وفي «فتح الباري»: عن مرسل ابن إسحق عن بعض أهل العلم: أن هرقل قال: ويحك، والله إني لأَعْلَمُ أنه نبيٌ مرسل، ولكني أخاف الرومَ على نفسي، ولولا ذلك لاتَّبعتُهُ. فهل تريدُ من التصديق أمرًا وراء ذلك؟ فلما وُجِد منهم التصديقُ والتسليمُ والإقرارُ بهذه المثابة، وَجَبَ على التعريفِ المذكورِ أن يُحْكم عليهم بالإسلام، مع اتفاقهم

على كونهم كافرين.

فأقول: إنّ الجزءَ الذي يمتاز به الإيمان والكفر، هو التزام الطاعة (1) مع الردع والتبري عن دين سواه، فإذا التزم الطاعة فقد خرجَ عن ضلالة الكفر ودخل في هَدْي الإسلام. وحينئذٍ تبين لك وجه كفر هؤلاء الكفرة مع تصديقهم ومعرفتهم، وذلك لأن أبا طالب وإن أعلن بحقية دينه، إلا أنه لم يلتزم طاعته، ولم يدخل في دينه، ولذا قال: لولا الملامة أو حذار مسبة .... إلخ، فآثر النار على العار. وهكذا هِرَقل، وإن تمنى لقاءه وَبجَّلَه وعظمه بظهر الغيب، لكنه خشي الرومَ أشدَّ خشية، فلم يلتزم طاعته. وكذلك حال الكفار الذين أخبر الله سبحانه عن معرفتهم، فإنهم مع معرفتهم الحقَ، صفحوا عن كلمة الحق، ولم يَدِينُوا بدين الإسلام. اهـ فيض الباري شرح صحيح البخاري: 1/125كتاب الإيمان ،.

“এই কুরআনই সাক্ষ্য দিচ্ছে যে, কাফেরদের মা’রেফত রয়েছে। আল্লাহ তাআলা ইরশাদ করেন, ‘তারা তাকে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে) তেমনই চেনে, যেমন চেনে তাদের ছেলে সন্তানদেরকে।’ এই যে আবু তালেব! সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নবুওয়্যাত ও মহত্বের স্বীকৃতি দিতো। তার কবিতার পংক্তিতে সে তা সুস্পষ্ট ঘোষণা করছে। সে বলছে,

*তুমি আমাকে আহ্বান করেছ এবং বলেছো যে, তুমি সত্যবাদি ... এতে তুমি সত্যই বলেছো এবং এ ব্যাপারে তুমি বিশ্বস্ত।
*আমি তোমার ধর্মকে চিনতে পেরেছি যে, ... নিঃসন্দেহে তা সৃষ্টির সর্বশ্রেষ্ঠ ধর্ম।
*যদি তিরস্কারের ভয় কিংবা গালি-গালাজের আশঙ্কা না থাকতো ... তাহলে আমাকে স্পষ্টরূপেই তা গ্রহণকারী বলে দেখতে পেতে।

এই যে রোমের অধিপতি হিরাক্লিয়াস! সে বলছে, 'আমি যদি জানতাম, আমি তাঁর (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের) কাছে পৌঁছতে পারবো, তাহলে আমি অবশ্যই কষ্ট বরদাশত করে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতাম। যদি আমি তাঁর নিকট থাকতাম, তাহলে তাঁর কদমের ধুলোবালি ধুয়ে দিতাম।'
ফাতহুল বারিতে ইবনে ইসহাক সূত্রে মুরসাল সনদে কোনো কোনো আহলে ইলম থেকে বর্ণিত আছে, হিরাক্লিয়াস বলেছিল, 'আফসোস তোমার জন্য! আল্লাহর কসম! আমি জানি, নিঃসন্দেহে তিনি প্রেরিত নবী। কিন্তু আমি নিজের ব্যাপারে রোমানদের আশঙ্কা করছি। যদি এমনটা না হতো, তাহলে আমি অবশ্যই তাঁর অনুসরণ করতাম।'
এর চেয়েও অধিক তাসদিক আপনি চান? এমন পর্যায়ের

তাসদিক, তাসলিম ও স্বীকারোক্তি যখন তাদের থেকে পাওয়া গেছে, তখন উল্লেখিত সংজ্ঞানুযায়ী তাদেরকে মুসলমান বলে হুকুম দেয়া আবশ্যক! অথচ তারা কাফের হওয়ার ব্যাপারে সকলেই একমত।

অতএব, আমি বলি, ঈমান ও কুফর পরস্পর থেকে আলাদা হবে যে মৌলিক জিনিসের মাধ্যমে, তা হলো, (নিজের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের) আনুগত্য অবধারিত করে নেয়া, সাথে সাথে অন্য সকল ধর্ম থেকে মুক্ত হওয়া ও সম্পর্কচ্ছেদ করা। যখন আনুগত্য অবধারিত করে নেবে, তখন কুফরের গোমরাহি হতে বের হয়ে ইসলামের হেদায়াতে প্রবেশ করবে। আশা করি এখন আপনার নিকট সুস্পষ্ট হয়েছে যে, তাসদিক ও মা'রেফত থাকা সত্ত্বেও এসব কাফেরের কুফরির কারণ কি ছিল। কারণ, আবু তালেব যদিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ধর্ম হক্ব বলে ঘোষণা দিয়েছে, কিন্তু সে তাঁর আনুগত্য নিজের জন্য অবধারিত করে নেয়নি। তাঁর ধর্মে প্রবেশ করেনি। এ কারণেই সে বলেছে, 'যদি তিরস্কারের ভয় কিংবা গালি-গালাজের আশঙ্কা না থাকতো ... ।' লজ্জা (বরণের) অপেক্ষায় সে জাহান্নামকে অগ্রাধিকার দিয়েছে। হিরাক্লিয়াসও তা-ই করেছে। সে যদিও রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লামের সাথে সাক্ষাতের আকাঙ্ক্ষা করেছে, অনুপস্থিতিতে তাঁকে সম্মান করেছে, তা'জিম করেছে, কিন্তু সে রোমানদেরকে অতিমাত্রায় ভয় পেয়েছে, ফলে তাঁর আনুগত্য নিজের জন্য অবধারিত করে নেয়নি। ঐসব কাফেরদের অবস্থাও এমনই, যাদের ব্যাপারে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা জানিয়েছেন: তাদের মা'রেফাত ছিল, কিন্তু হক্ক চেনার পরও তারা হকের কালিমা থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। ইসলাম ধর্মকে নিজের ধর্ম হিসেবে গ্রহণ করেনি।"- ফায়জুল বারি, কিতাবুল ঈমান ১/১২৫

ঈমান না আনার পক্ষে কাফেরদের কতগুলো খোঁড়া যুক্তি উল্লেখ করার পর শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮ হি.) বলেন,

وهذه الأمور وأمثالها ليست حججا تقدح في صدق الرسل بل تبين أنها تخالف إرادتهم وأهواءهم وعاداتهم فلذلك لم يتبعوهم وهؤلاء كلهم كفار بل أبو طالب وغيره كانوا يحبون النبي صلى الله عليه وسلم ويحبون علو كلمته وليس عندهم حسد له وكانوا يعلمون صدقه ولكن كانوا يعلمون أن في متابعته فراق دين آبائهم وذم قريش لهم فما احتملت نفوسهم ترك تلك العادة واحتمال هذا الذم فلم يتركوا الإيمان لعدم العلم بصدق الإيمان به؛ بل لهوى النفس. اهـ

“এসব বিষয় এবং এর সমশ্রেণীর অন্যান্য বিষয় এমন কোন দলীল নয় যা রাসূলগণের সত্যতাকে প্রশ্নবিদ্ধ করতে পারে। বরং প্রমাণ করে যে, এগুলো তাদের মনোচাহিদা, প্রবৃত্তি ও আদত-অভ্যাসের পরিপন্থী সাব্যস্ত হয়েছে। এ কারণেই তারা রাসূলগণের আনুসরণ করেনি। এদের সকলেই কাফের। বরং আবু তালেব ও আরো অনেকে তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মহব্বতও করতো। তার কালিমা বলুন্দ হোক তাও চাইতো। তার প্রতি তাদের কোন প্রতিহিংসা ছিল না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সত্যতাও তাদের জানা ছিল। কিন্তু তারা জানতো যে, রাসূলের অনুসরণ করতে গেলে তাদের বাপ-দাদাদের ধর্ম ছাড়তে হবে। কুরাইশরা তাদের গাল-মন্দ করবে। (পূর্ব পুরুষদের) ঐসব আদত-অভ্যাস পরিত্যাগ করা এবং এই গাল-মন্দ বরদাশত করার হিম্মত তাদের হয়নি। অতএব, তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি ঈমান আনার সত্যতা না জানার কারণে ঈমান ছাড়েনি, বরং প্রবৃত্তির তাড়নায় ছেড়েছে।”- মাজমুউল ফাতাওয়া ৭/১৯২-১৯৩

বুঝা গেল, কাফেরদের অনেকে সব কিছু জানা বুঝার পরও শুধু দুনিয়ার লোভে ঈমান আনেনি। যেমনটা আল্লাহ তাআলা বলেছেন,

ذَلِكَ بِأَنَّهُمُ اسْتَحَبُّوا الْحَيَاةَ الدُّنْيَا عَلَى الْآخِرَةِ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ

“তা (অর্থাৎ তাদের কুফর) এ কারণে যে, তারা দুনিয়াকে আখেরাতের উপর অগ্রাধিকার দিয়েছে এবং (এ কারণে যে,) আল্লাহ তাআলা কাফের সম্প্রদায়কে (জোরপূর্বক) হেদায়াত দেন না।”- নাহল ১০৭

বুঝা গেল: বিশ্বাস, মহব্বত, স্বীকারোক্তি সব থাকার পরও যদি কেউ দুনিয়ার লোভে পড়ে ঈমান ত্যাগ করে, তাহলে সেও কাফেরই গণ্য হবে। তার বিশ্বাস, তার মহব্বত, তার স্বীকারোক্তি- এসব কোনই কাজে আসবে না।

একইভাবে ঈমান আনার পর যদি কেউ কোন কুফরি কাজ করে তাহলে তার বিশ্বাস, মহব্বত, স্বীকারোক্তি কোনই কাজে আসবে না। আহলে সুন্নাহর সকলের ঐক্যমতে সে মুরতাদ।

যেমন, কেউ যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর পূর্ণ বিশ্বাস রাখা সত্বেও তাকে নিয়ে কটাক্ষ করে, তাহলে সর্বসম্মতিতে সে মুরতাদ। শুধু দুনিয়ার লোভেও যদি করে তবুও মুরতাদ। অন্তরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি বিদ্বেষ রাখা আবশ্যক নয়। তাকে মিথ্যা ভাবাও আবশ্যক নয়। সব ঠিকঠাক থাকার পরও যদি কোন দুনিয়াবি লোভে, অর্থ-কড়ি বা পদের বা চাকরির লোভে কটাক্ষ করে তবুও মুরতাদ। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنْتُمْ تَسْتَهْزِئُونَ (65) لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ

“আপনি বলুন, তোমরা কি আল্লাহ, আল্লাহর আয়াত ও তার রাসূলকে নিয়ে ঠাট্টা করছিলে?! কোন অজুহাত দেখিও না। ঈমান আনার পর তোমরা যে কাফের হয়ে গেছো।”- তাওবা ৬৫-৬৬

***

উপরোক্ত আলোচনা বুঝার পর আশাকরি সহজে বুঝে আসবে যে, কোন ব্যক্তি যদি ইসলামের সত্যতায় বিশ্বাস করার পরও, নিজেকে ইসলামের অনুসারি দাবি করার পরও শুধু দুনিয়ার লোভে বা চাকরি ঠিক রাখার খাতিরে ইসলাম ও মুসলমানদের বিপক্ষে কাফেরদের সহায়তা করে, তাহলে সে মুরতাদ হয়ে যাবে। যেমনটা আল্লাহ তাআলা বলেছেন,

وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ

"তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত।"- মায়েদা ৫১

এ ব্যাপারে আহলে ইলমদের কয়েকটি বক্তব্য উল্লেখ করছি:

এক. ইবনে হাযম রহ. (৪৫৬ হি.)

من لحق بدار الكفر والحرب مختارا محاربا لمن يليه من المسلمين، فهو بهذا الفعل مرتد له أحكام المرتد كلها: من وجوب القتل عليه متى قدر عليه، ومن إباحة ماله، وانفساخ نكاحه، وغير ذلك. اهـ

“যে ব্যক্তি স্বেচ্ছায় দারুল কুফর ও দারুল হরবে চলে যাবে এবং গিয়ে (দারুল হরবের) নিকটবর্তী মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করবে, সে তার এ কাজের দ্বারা মুরতাদ হয়ে যাবে। মুরতাদের সকল বিধি বিধান তার উপর বর্তাবে। যেমন- ধরতে সক্ষম হলে তাকে হত্যা করা ফরয, তার মাল হালাল, তার বিবাহ বাতিল ইত্যাদি।”- আলমুহাল্লাহ ১১/২৫০

আরো বলেন,

وكذلك: من سكن بأرض الهند، والسند، والصين، والترك، والسودان والروم، من المسلمين، فإن كان لا يقدر على الخروج من هنالك لثقل ظهر، أو لقلة مال، أو لضعف جسم، أو لامتناع طريق، فهو معذور. فإن كان هناك محاربا للمسلمين معينا للكفار بخدمة، أو كتابة: فهو كافر. اهـ

“তদ্রূপ যে মুসলমান হিন্দুস্তান, সিন্দু, চীন, তুর্কিদের ভূমি, সুদান বা রোমে বসবাস করে; যদি সে পরিবার বড়, সম্পদের স্বল্পতা, শারীরিক দুর্বলতা বা রাস্তা অনিরাপদ হওয়ার কারণে সেখান থেকে বেরিয়ে আসতে না পারে, তাহলে সে মা’জূর। পক্ষান্তরে যদি সেখানে থেকে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করে,

খেদমত বা লিখনীর (মতো সামান্য কিছুর) দ্বারাও কাফেরদের সহায়তা করে, তাহলে সে কাফের।”- আলমুহাল্লা ১১/২৫০

উল্লেখ্য, এসব ভূমি তখন কাফেরদের ভূমি ছিল।

আরো বলেন,

ولو أن كافرا مجاهدا غلب على دار من دور الإسلام، وأقر المسلمين بها على حالهم، إلا أنه هو المالك لها، المنفرد بنفسه في ضبطها، وهو معلن بدين غير الإسلام لكفر بالبقاء معه كل من عاونه، وأقام معه - وإن ادعى أنه مسلم. اهـ

“যদি কোন সুস্পষ্ট কাফের মুসলমানদের কোন ভূমি দখল করে নেয় কিন্তু মুসলমানদেরকে আপন হালতে সেখানে বহাল রাখে; তবে উক্ত ভূমির মালিক সে-ই এবং সে-ই তার একচ্ছত্র নিয়ন্ত্রক, পাশাপাশি সে প্রকাশ্যে ইসলাম ভিন্ন অন্য কোন ধর্ম অনুসরণের দাবিদার হয়, তাহলে সেখানে থেকে গিয়ে যে-ই তাকে সহায়তা করবে এবং তার সাথে অবস্থান করবে, সে-ই কাফের হয়ে যাবে; যদিও সে নিজেকে মুসলমান দাবি করে।”- আলমুহাল্লা ১১/২৫১

উল্লেখ্য, দারুল হরবে চলে যাওয়া বা থেকে যাওয়াই মূল উদ্দেশ্য নয়, মূলকথা হলো, যে ব্যক্তিই মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সহায়তা করবে, সেই মুরতাদ হয়ে যাবে।

প্রথম বক্তব্যে فهو بهذا الفعل مرتد -'সে তার এ কাজের দ্বারা মুরতাদ হয়ে যাবে'- কথাটা থেকে সুস্পষ্ট যে, কাফেরদের সহায়তা করা কাজটাই কুফর। আকীদা যা-ই হোক, এ কাজের দ্বারাই কাফের হয়ে যাবে। তদ্রূপ, শেষ বক্তব্যে وإن ادعى أنه مسلم-' যদিও সে নিজেকে মুসলমান দাবি করে' থেকেও বিষয়টা স্পষ্ট। সহায়তা কি হালাল মনে করে করলো, না'কি হারাম মনে করে করলো; কাফেরদের মহব্বতে করলো বা ইসলামের প্রতি বিদ্বেষ নিয়ে করলো: এসব কিছু দেখার দরকার নেই। মুসলমানদের বিরুদ্ধে সহায়তা করলেই মুরতাদ হয়ে যাবে।

দুই. হামদ ইবনে আতিক আননজদি রহ. (১৩০১ হি.)

مظاهرة المشركين ، ودلالتهم على عورات المسلمين ، أو الذب عنهم بلسان ، أو رضي بما هم عليه ، كل هذه مكفرات ، فمن صدرت منه – من غير الإكراه المذكور – فهو مرتد ، وإن كان مع ذلك يبغض الكفار ويحب المسلمين. اهـ

“কাফেরদের সহায়তা করা, মুসলমানদের গোপন খবরাখবর তাদের অবগত করা, যবান দিয়ে তাদের পক্ষ নেয়া, তাদের মত ও পথের প্রতি সন্তুষ্ট থাকা: এ সবগুলোই কুফর। পূর্বোক্ত ইকরাহ-জবরদস্তী ব্যতীত যার থেকে এসব প্রকাশ পাবে, সে মুরতাদ; যদিও সে পাশাপাশি কাফেরদের প্রতি বিদ্বেষ পোষণ করে থাকে এবং মুসলমানদের মহব্বত করে থাকে।”- আদদিফা আন আহলিস সুন্নাহ ৩০

লক্ষ করুন, **‘যদিও সে পাশাপাশি কাফেরদের প্রতি বিদ্বেষ পোষণ করে থাকে এবং মুসলমানদের মহব্বত করে থাকে।’**

তিন. শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮ হি.)

যেসব মুসলমান তাতারদের পক্ষাবলম্বন করেছিল, তাদের

তাকফির করে শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮ হি.) বলেন,

وكل من قفز إليهم من أمراء العسكر وغير الأمراء فحكمه حكمهم وفيهم من الردة عن شرائع الإسلام بقدر ما ارتد عنه من شرائع الإسلام. وإذا كان السلف قد سموا مانعي الزكاة مرتدين - مع كونهم يصومون. ويصلون ولم يكونوا يقاتلون جماعة المسلمين - فكيف بمن صار مع أعداء الله ورسوله قاتلا للمسلمين. اهـ

“সেনাবাহিনির শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গ বা অন্যান্য মুসলমানের মধ্য থেকে যারাই তাতারদের দলে যোগ দেবে, তাদের বিধান তাতারদেরই অনুরূপ হবে। চেঙ্গিস খান ইসলামী শরীয়তের বিধানাবলী থেকে যে পরিমাণ রিদ্দাহয় লিপ্ত, তাদের মাঝেও ঐ একই পরিমাণ ইরতিদাদ বিদ্যমান। সালাফগণ যেখানে যাকাত আদায়ে অসম্মতিজ্ঞাপনকারীদেরকে মুরতাদ আখ্যায়িত করেছেন; অথচ তারা নামাযও পড়তো, রোযাও রাখতো এবং মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধও করেনি; তখন ঐ ব্যক্তির কি বিধান হবে, যে আল্লাহ ও রাসূলের দুশমনদের সাথে মিলে মুসলমানদের হত্যা করে?!”- মাজমুউল ফাতাওয়া ২৮/৫৩০

অর্থাৎ সে আরো আগেই মুরতাদ হয়ে যাবে। এখানে তিনি এ শর্ত করেননি যে, যারা কাফেরদের মহব্বতে তাতারদের সাথে যোগ দেবে তারাই কেবল কাফের হবে, বাকিরা হবে না। ঢালাওভাবে সকলের উপর হুকুম লাগিয়েছেন।

চার. আহমাদ শাকের রহ. (১৩৭৭ হি.)

আগ্রাসী ইংরেজ ও ফরাসীদের সহায়তার বিধান আলোচনাকল্পে তৎকালীন যুগশ্রেষ্ঠ মুহাদ্দিস ও কাযি আহমাদ শাকের রহ. (১৩৭৭ হি.) বলেন,

أما التعاون مع الإنجليز، بأي نوع من أنواع التعاون، قل أو كثر، فهو الردة الجامحة، والكفر الصُّراح ... سواء أكان ذلك من أفراد أو حكومات أو زعماء. كلهم في الكفر والردة سواء. اهـ

"ইংরেজদেরকে যেকোন প্রকারে সাহায্য করা- কম হোক বেশি হোক- তা সুনিশ্চিত রিদ্দাহ ও সুস্পষ্ট কুফর। ...সাহায্য ব্যক্তিকেন্দ্রিক হোক, রাষ্ট্রীয় হোক বা নেতৃস্থানীয় লোকদের থেকে হোক- রিদ্দাহ ও কুফরে সকলেই বরাবর।"- কালিমাতুল হক ৭৬

আরো বলেন,

ولا يجوز لمسلم في أي بقعة من بقاع الأرض أن يتعاون معهم
بأي نوع من أنواع التعاون، وإن التعاون معهم حكمه حكم التعاون
مع الإنجليز: الردة والخروج من الإسلام جملة، أياَ كان لون
المتعاون معهم أو نوعه أو جنسه. اهـ

“কোন ভূখণ্ডেই কোন মুসলিমের জন্য ফরাসীদের কোন রকম সহায়তা করা জায়েয হবে না। তাদেরকে সহায়তা করার বিধান ইংরেজদের সহায়তা করার অনুরূপ। অর্থাৎ, রিদ্দাহ ও সম্পূর্ণরূপে দ্বীন থেকে বহিষ্কৃত হয়ে যাওয়া; সহায়তাকারী যে বর্ণেরই হোক, যে শ্রেণীরই হোক আর যে জাতীরই হোক।”- কালিমাতুল হক ৭৭

এ শর্ত করেননি যে, ইংরেজদের বা ফরাসিদের মহব্বতে সহায়তা করলে কাফের হবে, অন্যথায় নয়।
উপরোক্ত আলোচনার পর আশাকরি শরীফ হাতেম আলআউনীর বিভ্রান্তি বুঝতে পারবেন। তিনি এ বিভ্রান্তি ছড়িয়েছেন যে, কাফেরদের ও কাফেরদের দ্বীনের মহব্বত নিয়ে মুসলমানদের বিরুদ্ধে সহায়তা করলে কাফের হবে,

অন্যথায় হবে না। দুনিয়ার লোভে, চাকরির লোভে কেউ মুসলমানদের বিরুদ্ধে সহায়তা করলে কাফের হবে না। অন্তরে ইসলাম ও মুসলমানদের প্রতি মহব্বত থাকলে এবং কাফেরদের প্রতি বিদ্বেষ থাকলে সহায়তা যতই করুক, যতই মুসলমান হত্যা করুক, আল্লাহর দ্বীনের যতই ক্ষতি করুক- কাফের হবে না। এটি সুস্পষ্ট জাহমিয়াদের মতবাদ।

প্রথমত কথা হল, যে কাফেরদের সাথে মিলে ইসলামকে মিটিয়ে দিতে যুদ্ধে লিপ্ত, তার অন্তরে ইসলামের সত্যতার বিশ্বাস যদিও থাকতে পারে, কিন্তু ঐ পরিমাণ তা'জিম নেই, যেই পরিমাণ তা'জিম থাকলে তাকে মুসলমান ধরা যায়। বেশির চেয়ে বেশি আবু তালেবের মতো মহব্বত আছে, যা ঈমানের জন্য যথেষ্ট নয়।

দ্বিতীয়ত পূর্ণ তা'জিমও যদি থাকে, তথাপি সুস্পষ্ট কুফরে লিপ্ত হলে এ তা'জিম তাকে কুফর থেকে বাঁচাতে পারবে না; যেমন পারে না রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে কটাক্ষকারীকে বাঁচাতে। কাজেই আউনীর এ শর্তটি কুরআন

সুন্নাহ পরিপন্থী জাহমি মতবাদের বক্তব্য। আমার মনে হয় এসব জাহমি, মুরজি ও দরবারিদের কিতাবাদি আগে অধ্যয়ন করাও মারকাযের বড়দের বিভ্রান্তির একটা বড় কারণ। আল্লাহ আমাদেরকে আলেমদের বিচ্যুতি এবং মুনাফিক ও দরবারি আলেমদের থেকে হিফাজত করুন। আমীন।

ওয়ালা-বারা এবং শরীফ হাতেম আলআউনীর বিভ্রান্তি-০২

গত পর্বে কয়েকজনের বক্তব্য তুলে ধরেছিলাম। আজ শাইখুল ইসলাম মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব রহ. (১২০৬ হি.) এর বক্তব্য তুলে ধরছি।

পাঁচ.

শাইখুল ইসলাম মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব রহ. (১২০৬ হি.)

তিনি ঈমান ভঙ্গের প্রসিদ্ধ দশটি কারণ উল্লেখ করেছেন। সেগুলোর মধ্যে কাফেরদের দ্বীনকে সঠিক মনে করা,

কাফেরদের দ্বীনকে পছন্দ করা বা ইসলাম ধর্মকে অপছন্দ করা- এগুলোকে ঈমান ভঙ্গের স্বতন্ত্র কারণ বলেছেন, আর মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সহায়তা করাকে স্বতন্ত্র কারণ ধরেছেন। তিনি বলেন,

الثالث: من لم يكفر المشركين، أو شك في كفرهم، أو صحح مذهبهم، كفر إجماعا

الرابع: من اعتقد أن غير هدي النبي صلى الله عليه وسلم أكمل من هديه، أو أن حكم غيره أحسن من حكمه، كالذين يفضلون حكم الطاغوت على حكمه، فهو كافر

.

الخامس: من أبغض شيئا مما جاء به الرسول صلى الله عليه وسلم ولو عمل به، كفر إجماعا، والدليل قوله تعالى: {ذَلِكَ بِأَنَّهُمْ كَرِهُوا مَا أَنْزَلَ اللَّهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ}

...

الثامن: مظاهرة المشركين ومعاونتهم على المسلمين، والدليل قوله تعالى: (ومن يتولهم منكم فإنه منهم إن الله لا يهدي القوم الظالمين). اهـ الدرر السنية 10\91-92

“**তৃতীয়:** যে ব্যক্তি মুশরিকদেরকে কাফের বলে না, কিংবা তারা কাফের হওয়ার ব্যাপারে সন্দেহ করে, কিংবা তাদের ধর্মকে সঠিক মনে করে- সকলের ঐক্যমতে সে কাফের হয়ে যাবে।

চতুর্থ: যে ব্যক্তি বিশ্বাস করে যে, ভিন্ন কারো জীবনাদর্শ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনাদর্শের চেয়ে অধিকতর পরিপূর্ণ, কিংবা ভিন্ন কারো বিধান তাঁর বিধানের চেয়ে অধিক ভাল- যেমন ঐসব লোক, যারা তাগুতের বিধানকে তাঁর বিধানের উপর শ্রেষ্ঠত্ব দেয়: সে ব্যক্তি কাফের।

পঞ্চম: যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত কোন বিধানকে অপছন্দ করে, সেটি অনুযায়ী আমল করলেও সে সকলের ঐক্যমতে কাফের হয়ে যাবে। এর দলীল আল্লাহ তাআলার বাণী, ‘তা এ কারণে যে, আল্লাহ যা নাযিল করেছেন, তারা তা অপছন্দ করেছে। ফলে আল্লাহ তাআলা তাদের সকল আমল বরবাদ করে দিয়েছেন।” –মুহাম্মাদ ৯ ...

অষ্টম: মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য-সহযোগিতা

করা। এর দলীল- আল্লাহ তাআলার বাণী, ‘তোমাদের মধ্যে যে তাদেরক সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালেমদের পথ প্রদর্শন করেন না।’- মায়েদা ৫১”- আদদুরারুস সানিয়্যাহ ১০/৯১-৯২

দেখুন, তৃতীয়-চতুর্থ ও পঞ্চম কারণে তিনি কাফেরদের দ্বীনকে সঠিক মনে করা, কিংবা ইসলামের চেয়ে শ্রেষ্ঠ মনে করা কিংবা ইসলামকে অপছন্দ করাকে স্বতন্ত্র কারণ ধরেছেন। এরপর অষ্টম কারণ বলেছেন, মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সহায়তা করা। এটি একটি স্বতন্ত্র ও ভিন্ন কারণ। এর জন্য কাফেরদের দ্বীনকে সঠিক মনে করা বা পছন্দ করা শর্ত নয়। এটিকে তিনি আগেই কুফর বলে এসেছেন। বুঝা গেল, মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সহায়তা করা আমলটিই স্বয়ং কুফর। এর জন্য কাফেরদের দ্বীনকে মহব্বত করা বা ইসলামকে অপছন্দ করা শর্ত নয়। হ্যাঁ, কেউ যদি সহায়তার পাশাপাশি মহব্বতও করে, তাহলে সে দু’টি কুফর করলো: সহায়তা ও মহব্বত। আর যে মহব্বত করেনি কিন্তু সহায়তা করেছে, সে একটি কুফর করল। আর তা হল, সহায়তা। আর স্পষ্ট যে, কাফের হওয়ার জন্য একটি কুফরই যথেষ্ট। অতএব,

যে ব্যক্তি মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সহায়তা করবে, সে কাফের। কাফেরদের দ্বীনকে পছন্দ করলেও কাফের, না করলেও কাফের। ইসলামকে অপছন্দ করলেও কাফের, না করলেও কাফের। শায়খ হামদ ইবনে আতিক আননজদি রহ. (১৩০১ হি.) এর বক্তব্য উল্লেখ করে এসেছি যে, তিনি বলেছেন,

فهو مرتد ، وإن كان مع ذلك يبغض الكفار ويحب المسلمين. اهـ

"সে মুরতাদ; যদিও সে পাশাপাশি কাফেরদের প্রতি বিদ্বেষ পোষণ করে থাকে এবং মুসলমানদের মহব্বত করে থাকে।"- আদদিফা আন আহলিস সুন্নাহ ৩০

অতএব, ওয়ালা বারার মাসআলায় কাফেরদের দ্বীনকে মহব্বত করা বা সঠিক মনে করার শর্ত সম্পূর্ণ বাতিল ও জাহমি ও মুরজিদের ত্বরিকা।

করোনা মহামারি: ০১. সংক্রামক ব্যাধি

বিসমিল্লাহির রাহমানীর রাহীম

করোনার প্রাদুর্ভাব শুরু হওয়ার পর একদিকে যেমন এটি এক মহা আতংকে পরিণত হয়েছে – বিশেষত কাফেরদের জন্য- অন্য দিকে তা নিয়ে বিভিন্ন আলোচনা-পর্যালোচনা, লেখালেখি ও মন্তব্য হচ্ছে। জনমনে অসংখ্য প্রশ্ন জন্ম নিয়েছে। সংক্রমণ, লক ডাউন, কোয়ারেনটিন, কারফিউ, মসজিদ-মাদ্রাসা ও জুমআ-জামাত বন্ধ ইত্যাদি অসংখ্য বিষয় সামনে এসেছে। সৌদি আরবসহ বিভিন্ন রাষ্ট্রে মসজিদ বন্ধ হয়ে যাওয়ায় আরো ধোঁয়াশা সৃষ্টি হয়েছে। কিছু কিছু প্রশ্নের উত্তর কিছুটা মিললেও সার্বিক দৃষ্টিকোণ থেকে ইসলামের দৃষ্টিভঙ্গি ও নির্দেশনা স্পষ্ট হচ্ছে না। ধোঁয়াশা থেকেই যাচ্ছে।

অনেকে আলহামদুলিল্লাহ লেখালেখি ও বয়ান-ভিডিওর মাধ্যমে মুসলিমদের হতাশা থেকে ফিরানোর পথে যথেষ্ট ভূমিকা রাখছেন। সে সিলসিলাতে আমিও ইনশাআল্লাহ কিছু বিষয় তুলে ধরার চেষ্টা করছি। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

সংক্রামক ব্যাধি

প্রথমে যে বিষয়টি সামনে এসেছে তা হলো, সংক্রমণ। ইসলাম

সংক্রামক ব্যাধির অস্তিত্ব স্বীকার করে কি'না? অন্য কথায় বলতে গেলে, একজন আক্রান্ত রোগীর শরীর থেকে অন্যের শরীরে রোগ প্রবেশ করা এবং তার সংস্পর্শে অন্যরাও আক্রান্ত হওয়া ইসলাম সমর্থন করে কি'না?

সাধারণত সকলেই যে বিষয়টি জানে তা হলো, কিছু রোগ আছে ছোঁয়াচে। কিছু পয়জন আছে সংক্রামক। একজনের সংস্পর্শ থেকে অন্য জনের হতে পারে। এ বিয়ষটি মোটামুটি সব মহলেই জানাশুনা। বিশেষত বিশ্বময় করোনার আক্রমণ থেকে বিষয়টা আরো পরিষ্কার। বিশেষত ডাক্তাররাও বলছেন এবং এর বিপরীতে কঠোর নিরাপত্তা ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে। তখন তো আর বিশ্বাস না করে উপায় নেই।

এর বিপরীতে যখন সহীহ হাদিস সামনে চলে এসেছে যে, ﻻ عدوى- 'সংক্রমণ বলে কিছু নেই' তখন বিপত্তি ঘটে গেছে। না আমরা হাদিস অস্বীকার করতে পারছি আর না বাস্তব দেখাকে। বাস্তবে তো দেখছি যে একজন থেকে অন্য জনের হচ্ছে। এটা কিভাবে অস্বীকার করতে পারি? অন্য দিকে সহীহ হাদিস বলছে সংক্রমণ বলে কিছু নেই। হাদিসও বাদ দিতে পারছি না বাস্তবও অস্বীকার করতে পারছি না। তাহলে এর ব্যাখ্যা কি?

কোনো কোনো ভাই আলহামদুলিল্লাহ বিষয়টি তুলে ধরেছেন। আমি ইনশাআল্লাহ আরেকটু পরিষ্কার করতে চেষ্টা করবো।

প্রথমে একটি সাদামাটা কথা বলে নিই। আরবিতে একটা কথা আছে الصحبة مؤثرة- 'সান্নিধ্য প্রভাব ফেলে থাকে'। আর স্বাভাবিক সকলেই জানে ভালোর সাথে চললে ভালো হয়, মন্দের সাথে চললে মন্দ। ইয়াহুদির ঘরে স্বাভাবিক ইয়াহুদিই জন্মায়, মুসলিমের ঘরে মুসলিম। ব্যতিক্রম হয় কম। **এর সত্যায়নে হাদিসও পরিষ্কার-**

ما من مولود إلا يولد على الفطرة فأبواه يهودانه أو ينصرانه أو يمجسانه

"প্রতিটি সন্তানই ফিতরাতের উপর জন্ম গ্রহণ করে। তারপর তার পিতা মাতা তাকে ইয়াহুদি বানায়, নাসারা বানায় বা মাজূসী বানায়।" –সহীহ বুখারি ১২৯২

সান্নিধ্যের জোর প্রভাব রয়েছে বলেই ইসলাম অসৎ সঙ্গ ত্যাগ করে সৎ সঙ্গ গ্রহণ করতে আদেশ দিয়েছে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

الرجل على دين خليله، فلينظر أحدكم من يخالل –سنن ابي داود، قال الشيخ الأرنؤوط: إسناده حسن. اهـ

"ব্যক্তি তার বন্ধুর মত-পথকে গ্রহণ করে থাকে। তাই তোমাদের যেকেউ যেন দেখে নেয় যে, সে কার সাথে বন্ধুত্ব করছে।" –সুনানে আবু দাউদ ৪৮৩৩

এ তো গেল মানসিক ও চারিত্রিক প্রভাবের কথা। সরাসরি রোগ সংক্রমণের ঈঙ্গিতও অনেক হাদিসে পাওয়া যায়। যেমন,

এক.

لَا يُورِدَنَّ مُمْرِضٌ عَلَى مُصِحٍّ

"অসুস্থ উটের মালিক যেন তার রোগাক্রান্ত উটগুলোকে নিয়ে গিয়ে (অন্য মালিকের) সুস্থ উটের সাথে মিশ্রিত না করে।" –সহীহ বুখারি ৫৪৩৭

এ নিষেধ কেন? বিভিন্ন মত আছে। একটা মত এও যে, রোগাক্রান্ত উটগুলোর সংস্পর্শে সুস্থগুলোতে জীবাণু ছড়িয়ে সেগুলোও রোগাক্রান্ত হতে পারে।

দুই.

فر من المجذوم كما تفر من الأسد

“সিংহ থেকে যেমন পলায়ন কর কুষ্ঠ রোগী থেকেও তেমনি পলায়ন করবে।” –সহীহ বুখারি ৫৩৮০

কুষ্ঠ রোগী থেকে দূরে থাকতে বলা হলো কেন? একটা কারণ এও হতে পারে যে, এ রোগটি কংক্রামক। রোগীর সংস্পর্শে সুস্থ ব্যক্তিও আক্রান্ত হতে পারে।

তিন.

كان فى وفد ثقيف رجل مجذوم فأرسل إليه النبى -صلى الله عليه وسلم- « إنا قد بايعناك فارجع »

“সাকিফ গোত্রের প্রতিনিধি দলের মাঝে একজন কুষ্ঠ রোগী ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কাছে লোক পাঠালেন, আমরা আপনাকে বাইয়াত করে নিয়েছি। আপনি ফিরে যান।” –সহীহ মুসলিম ৫৯৫৮

এখানেও এ ব্যাখ্যা আছে যে, তার থেকে অন্যদের সংক্রমণের আশঙ্কা ছিল বিধায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ফিরে যেতে বলেছেন।

চার.

একটি জয়িফ হাদিসে এসেছে,

لا تديموا النظر إلى المجذومين

“কুষ্ঠ রোগে আক্রান্ত ব্যক্তিদের দিকে এক দৃষ্টিতে তাকিয়ে থাকবে না।” –সুনানে ইবনে মাজাহ ৩৫৪৩

এখানেও একই কথা যে, এক দৃষ্টিতে তাকিয়ে থাকার দ্বারা সংক্রমণের আশঙ্কা আছে।

পাঁচ.

إِذَا سَمِعْتُمْ بِالطَّاعُونِ بِأَرْضٍ فَلَا تَدْخُلُوهَا وَإِذَا وَقَعَ بِأَرْضٍ وَأَنْتُمْ بِهَا فَلَا تَخْرُجُوا مِنْهَا

“কোনো ভূমিতে তাউন দেখা দিয়েছে শুনলে তাতে প্রবেশ করবে না। আর তোমরা কোনো ভূমিতে থাকাবস্থায় যদি সেখানে দেখা দেয় তাহলে সেখান থেকে বের হবে না।” –সহীহ বুখারি ৫৭২৮

এখানেও একই কথা যে, প্রবেশ করলে নিজে আক্রান্ত হওয়ার সম্ভাবনা আছে। আর বের হয়ে গেলে সে যে জীবাণু বহন করে নিয়ে যাবে তার দ্বারা অন্যরা আক্রান্ত হওয়ার সম্ভাবনা আছে।

ছয়.

অন্য একটি জয়িফ হাদিসে এসেছে,

فإن من القرف التلف

“القرف ধ্বংস ডেকে আনে।”- সুনানে আবু দাউদ ৩৯২৩

ইবনুল আসির রহ. (৬০৬হি.) القرف এর ব্যাখ্যায় বলেন,

ملابسة الداء ومداناة المرض. اهـ

"রোগ বালাই ও অসুখ বিসুখের সংস্পর্শে আসা।" –আননিহায়া ফি গারিবিল হাদিস ৪/৪৬

বুঝা গেল, রোগের সংস্পর্শে সংক্রমণ ঘটতে পারে।

তাহলে এখানে আমরা কয়েকটি বিয়ষ পেলাম,

- আক্রান্ত উট সুস্থ উটের সাথে মেশাতে নিষেধ করেছেন।
- কুষ্ঠ রোগী থেকে দূরে থাকতে নির্দেশ দিয়েছেন।
- কুষ্ঠ রোগীকে মৌখিক বাইয়াত নিয়ে ফিরে যেতে বলেছেন।
- কুষ্ঠ রোগীর দিকে এক দৃষ্টিতে তাকিয়ে থাকতে নিষেধ করেছেন।
- তাউন মহামারির এলাকায় যেতে বা সেখান থেকে বের হতে নিষেধ করেছেন।
- রোগ বালাইয়ের সংস্পর্শ ধ্বংস ডেকে আনতে পারে বলে সাবধান করেছেন।

উপরোক্ত সবগুলো হাদিস থেকে সংক্রমণ বুঝে আসে।

এর বিপরীতে কয়েকটি হাদিস রয়েছে যেগুলো

থেকে সংক্রমণ বলতে কিছু নেই বুঝে আসে। যেমন,

এক.

لا عدوى

“সংক্রমণ বলে কিছু নেই।” –সহীহ বুখারি ৫৪৩৮

দুই.

إن رسول الله صلى الله عليه و سلم قال (لا عدوى) . فقام أعرابي فقال أرأيت الإبل تكون في الرمال أمثال الظباء فيأتيها البعير الأجرب فتجرب ؟ قال النبي صلى الله عليه و سلم (فمن أعدى الأول)

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সংক্রমণ বলতে কিছু নেই। তখন এক আ’রাবি-গ্রাম্য ব্যক্তি দাঁড়িয়ে জিজ্ঞাসা করলো, বলুন তো দেখি, বালু ময়দানে উটের পাল চড়তে থাকে, যেন সেগুলো হরিণের মতো (সুস্থ, সবল ও সতেজ)। তখন একটি পাঁচড়ায় আক্রান্ত উট আসে। ফলে বাকি উটগুলো আক্রান্ত হয়ে পড়ে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে প্রথমটিকে কে আক্রান্ত করলো?” –সহীহ বুখারি ৫৪৩৯

তিন.

عن جابر: أن رسول الله - صلى الله عليه وسلم - أخذ بيد مجذوم "فوضعها معه في القصعة، وقال: "كل، ثقة بالله وتوكلا عليه

“হযরত জাবের রাদিয়াল্লাহু আনহু বলেন, কুষ্ঠরোগে আক্রান্ত এক ব্যক্তির হাত ধরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা

খাবার ডিশে রাখলেন এবং বললেন, আল্লাহর উপর আস্থা রেখে এবং তার উপর ভরসা করে খাও।” –সুনানে আবু দাউদ ৩৯২৫

বাহ্যত বুঝা যায়, রাসূল সে ব্যক্তিকে নিয়ে খানা খেয়েছেন।

***

সামঞ্জস্য বিধান

বাহ্যত এসব হাদিসে তাআরুজ ও বিরোধ মনে হলেও আসলে বিরোধ নেই। যেসব হাদিসে সংক্রমণ বলতে কিছু নেই বলা হয়েছে সেগুলো দ্বারা জাহিলি যামানার একটি শিরকি আকিদা দূর করা উদ্দেশ্য।

আমরা জানি, জাহিলি যামানায় মানুষ গাইরুল্লাহর ইবাদাত করতো। চন্দ্র, সূর্য, তারকারাজি, গাছপালা ইত্যাদির পূজা করতো। এগুলোকে শক্তির অধিকারী মনে করতো। বৃষ্টি হলে তারা বলতো, অমুক তারকা বৃষ্টি দিয়েছে। অর্থাৎ তারকাকে তারা বৃষ্টি দানের শক্তিমত্তার অধিকারী মনে করতো। এ কারণে বৃষ্টির জন্য তারকার পূজা করতো। এভাবে একেক বস্তুকে একেকটার জন্য পূজা করতো। যেমনটা বর্তমানে হিন্দুরা করে থাকে। একেক বিষয়ে তাদের একেক দেবতা।

এভাবে তাদের মা'বুদের সংখ্যা অসংখ্য।

সংক্রমণের ব্যাপারেও জাহিলি যামানাতে এমন ধারণা ছিল যে, রোগের একটা শক্তি রয়েছে। সে যে কারো শরীরে প্রবেশ করে তাকে আক্রান্ত করতে পারে। অন্যান্য দেবতাদের যেমন একটা শক্তি রয়েছে সম্ভবত রোগকেও তারা এমন একটা শক্তির অধিকারী বস্তু মনে করতো। আল্লাহ তাআলা চান বা না চান সে অন্যকে আক্রান্ত করতে পারে।

“দুনিয়াতে আমার আকাঙ্খার বস্তু ছিল দু’টি: ইলম ও তীরন্দাজি। তীরন্দাজিতে আমি এমনই পারদর্শীতা অর্জন করেছি যে, দশটিতে দশটিই টার্গেটে গিয়ে বিঁধতো।”- মানাকিবুশ শাফিয়ী লিলবাইহাকি ২/১২৮

অন্য বর্ণনায় বলেন,

كنت ألزم الرمي حتى كان الطبيب يقول لي: أخاف أن يصيبك السل من كثرة وقوفك في الحر. اهـ

“আমি তীরন্দাজি নিয়ে পড়ে থাকতাম। এমনকি ডাক্তার আমাকে বলতো, ‘তুমি রোদ্রে যেভাবে পড়ে থাক, আমার ভয় হচ্ছে যে, তুমি যক্ষায় আক্রান্ত হয়ে পড়বে।”- তারিখে বাগদাদ ২/৩৯২

ইমাম শাফিয়ী রহ. এর বিশিষ্ট শাগরেদ রবি বিন সুলাইমান রহ. বলেন,

كان الشافعي أفرس خلق الله وأشجعه، وكان يأخذ بأذنه وأذن الفرس، والفرس يعدو، فيثب على ظهره وهو يعدو. اهـ

"শাফিয়ী রহ. অতুলনীয় ঘোড় সওয়ার এবং নেহায়েত বীর বাহাদুর ছিলেন। (এমনকি) তিনি এক হাতে নিজের কান আরেক হাতে ঘোড়ার কান ধরে ঘোড়া দৌড়াতে পারতেন। ঘোড়া প্রবল বেগে দৌড়তে থাকতো। ঘোড়া দৌড়তো আর তিনি ঘোড়ার পিঠে লাফাতে থাকতেন।"- মানাকিবুশ শাফিয়ী লিলবাইহাকি ২/১২৯

তার আরেক শাগরেদ ইমাম মুযানী রহ. বলেন,

كان الشافعي يسميني القطامي الرامي، ووضع «كتاب السبق والرمي» بسببي، وأملاه عليّ. اهـ

"শাফিয়ী রহ. আমাকে তীরন্দাজ কাতামি নামে ডাকতেন। আমার জন্যই তিনি كتاب السبق والرمي (ঘোড় দৌড়

প্রতিযোগিতা ও তীরন্দাজির বিধি বিধান) কিতাবটি লেখেন এবং ইমলা করিয়ে আমাকে তা লিখিয়ে দেন।”- মানাকিবুশ শাফিয়ী লিলবাইহাকি ২/১২৯

ইমলা বলা হয়: উস্তাদ বসে মুখস্থ বলবেন আর শাগরেদরা লিখবে। আগের যুগে এভাবেই পাঠ দেয়া হতো।

লক্ষণীয়, তীরন্দাজি শাফিয়ী রহ. এর কাছে এতই প্রিয় ছিল যে, তার প্রিয় শাগরেদ মুযানী রহ.কে তীরন্দাজ বলে ডাকতেন। সম্ভবত তিনি দক্ষ তীরন্দাজ ছিলেন। পাশাপাশি শাগরেদের জন্য তিনি তীরন্দাজি ও ঘোড়দৌড় প্রতিযোগিতার বিধিবিধান সম্বলিত একটা কিতাবই রচনা করেছেন এবং ইমলা করিয়ে শাগরেদকে তা লিখিয়েও দিয়েছেন।

শাফিয়ী রহ. এর মূল ব্যস্ততা যদিও ইলম নিয়ে ছিল, তথাপি তিনি আল্লাহর রাস্তায় রিবাত তথা ইসলামী সীমান্ত প্রহরার

দায়িত্ব পালন করেছেন বলে বর্ণিত আছে।

তার বিশিষ্ট শাগরেদ রবি বিন সুলাইমান রহ. বলেন,

خرجت مع محمد بن إدريس الشافعي من الفسطاط إلى الإسكندرية مرابطا، وكان يصلي الصلوات الخمس في المسجد الجامع، ثم يسير إلى المَحْرَس فيستقبل البحر بوجهه جالساً يقرأ القرآن في الليل والنهار حتى أُحصيت عليه ستين ختمة في شهر رمضان. اهـ

“মুহাম্মাদ বিন ইদরিস শাফিয়ী রহ. এর সাথে একবার ফুসতাত থেকে ইস্কানদারিয়ায় রিবাত তথা সীমান্ত প্রহরায় বের হলাম। পাঁচ ওয়াক্ত ফরয নামায তিনি জামে মসজিদে পড়তেন। এরপর পাহারার স্থানে চলে যেতেন। সমূদ্রের দিকে মুখ করে বসে পড়তেন। বসে বসে কুরআন তিলাওয়াত করতেন। দিন-রাত সর্বক্ষণ তিলাওয়াত করতে থাকতেন। এমনকি আমি রমজান মাসে হিসেব করে দেখিছি যে, তিনি ষাট খতম করেছেন।”- মানাকিবুশ শাফিয়ী লিলবাইহাকি ২/১৫৮

সীমান্ত অঞ্চল, যেদিক দিয়ে কাফেরদের আক্রমণের আশঙ্খা থাকে, সেখানে গিয়ে পাহারাদারি করাকে রিবাত বলে।

হাদিসে এসেছে,

رباط يوم في سبيل الله خير من الدنيا وما عليها

“একদিন রিবাতের দায়িত্ব পালন করা দুনিয়া এবং তার মাঝে যা কিছু আছে তার চেয়েও উত্তম।”- সহীহ বুখারি ২৮৯২

অন্য হাদিসে এসেছে,

« رباط يوم وليلة خير من صيام شهر وقيامه، وإن مات جرى عليه عمله الذي كان يعمله، وأجري عليه رزقه، وأمن الفتان»

“এক দিন ও এক রাত রিবাতের দায়িত্ব পালন করা এক মাসের নামায ও রোযা থেকেও উত্তম। যদি রিবাতরত অবস্থায় মারা যায়, তাহলে সে যেসকল নেক আমল করতো, সেগুলো তার নামে জারি থাকবে (তথা সেগুলোর সওয়াব পেতে থাকবে)। তার রিযিক জারি হয়ে যাবে এবং কবরে আযাবের ফিরিশতার হাত থেকে নিরাপদ থাকবে।”- সহীহ মুসলিম ১৯১৩

রিবাতের এত ফজিলতের কারণেই বড় বড় উলামায়ে কেরাম সীমান্ত অঞ্চলে চলে যেতেন রিবাতের জন্য। অনেকে সপরিবারে গিয়ে বসবাস করতেন। উদ্দেশ্য থাকতো সীমান্ত পাহারা। বর্ণনা থেকে বুঝা গেল, ইমাম শাফিয়ী রহ. সুযোগ মতো রিবাতে চলে যেতেন। পাহারা দিতেন আর ইবাদাত বন্দেগী করতেন। কারণ, ঘরে বসে যিকির আযকার, তিলাওয়াত ও ইবাদাত বন্দেগী করলে যে সওয়াব পাওয়া যাবে, ময়দানে গিয়ে করলে তার শত-হাজারো গুণ বেশি পাওয়া যাবে। কিন্তু আমাদের হযরতওয়ালারা বুঝেছেন উল্টো।

জিহাদ ও মুজাহিদিন নিয়ে হযরতওয়ালাদের বিভ্রান্তি-০৬ (ইমাম আহমাদ বিন হাম্বল রহ. (২৪১ হি.) এর জিহাদ)

ইমাম আহমাদ বিন হাম্বল রহ. (২৪১ হি.) এর জিহাদ

ইমাম যাহাবি রহ. (৭৪৮ হি.) আহমাদ বিন হাম্বল রহ. এর জিহাদের স্বতন্ত্র শিরোনাম কায়েম করেছেন। **তিনি বলেন,**

من جهاده

قال عبد الله بن محمود بن الفرج: سمعت عبد الله بن أحمد يقول: خرج أبي إلى طرسوس، ورابط بها، وغزا ... وعن أحمد، أنه قال لرجل: عليك بالثغر، عليك بقزوين، وكانت ثغرا. اهـ

"**ইমাম আহমাদ রহ. এর জিহাদ:**
আব্দুল্লাহ ইবনু মাহমূদ ইবনুল ফারাজ বলেন, আমি আহমাদ রহ. এর পুত্র আব্দুল্লাহকে বলতে শুনেছি যে তিনি বলেন, 'আমার পিতা (সীমান্ত এলাকা) ত্বরাসূসে গিয়েছেন। সেখানে রিবাতের দায়িত্ব পালন করেছেন এবং যুদ্ধ করেছেন'। ... আহমাদ রহ. থেকে আরো বর্ণিত আছে যে, তিনি এক ব্যক্তিকে বলেছেন, 'তুমি সীমান্তে চলে যাও। কাযবিনে চলে যাও'। কাযবিন তখন সীমান্ত এলাকা ছিল।"- সিয়ারু আ'লামিন নুবালা ১১/৩৩১

যাহাবি রহ. আরো বর্ণনা করেন,

قال عبد الله بن أحمد: خرج أبي إلى طرسوس ماشيا. اهـ

“আহমাদ রহ. এর পুত্র আব্দুল্লাহ বলেন, আমার পিতা ত্বরাসূস গিয়ে পায়ে হেঁটে।”- সিয়ারু আ’লামিন নুবালা ১১/২২১

আরো বর্ণনা করেন,

وعن أحمد، قال: ... كنا خرجنا إلى طرسوس على أرجلنا. اهـ

“আহমাদ রহ. থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমরা ত্বরাসূস গিয়েছিলাম পায়ে হেঁটে।”- সিয়ারু আ’লামিন নুবালা ১১/৩০৮

যাহাবি রহ. এর বর্ণনা থেকে বুঝা গেল,

ক. আহমাদ রহ. পায়ে হেঁটে সীমান্তে গিয়েছেন।

খ. সীমান্তে রিবাতের দায়িত্ব পালন করেছেন তথা সীমান্ত পাহারা দিয়েছেন।

গ. যুদ্ধও করেছেন।

ঘ. অন্যদেরকে সীমান্ত পাহারায় উদ্ধুদ্ধ করেছেন।

সীমান্তবাসী মুজাহিদিনে কেরাম আহমাদ বিন হাম্বল রহ.কে অত্যন্ত ভালবাসতেন। অনেক সময় তারা আহমাদ রহ. এর তরফ থেকে গোলা ছোঁড়তেন। আল্লাহ তাআলা তাতে বরকত দান করতেন। **যেমন এক বর্ণনায় এসেছে,**

قدم رجل من طرسوس، فقال: كنا في بلاد الروم في الغزو إذا هدأ الليل، رفعوا أصواتهم بالدعاء، ادعوا لأبي عبد الله، وكنا نمد المنجنيق، ونرمي عن أبي عبد الله. ولقد رمي عنه بحجر، والعلج على الحصن متترس بدرقة، فذهب برأسه وبالدرقة. اهـ

"এক লোক ত্বরাসূস থেকে আসল। বলল, আমরা রোমে যুদ্ধে ছিলাম। যখন নিঝুম রাত হল দোয়ায় সকলে জোরো জোরো বলতে লাগল, সকলে আবু আব্দুল্লাহ (আহমাদ বিন হাম্বল)- এর জন্য দোয়া কর। আমরা অনেক সময় ক্ষেপণাস্ত্র ফিট করে আবু আব্দুল্লাহ (আহমাদ বিন হাম্বল) এর তরফ থেকে ছোঁড়তাম। একবার তার তরফ থেকে একটি পাথর নিক্ষেপ করা হল। শত্রু সৈন্যটি দূর্গের উপর ছিল। একটি

ঢাল দিয়ে আত্মরক্ষা করছিল। পাথরটি সৈন্যটির ঢালসহ মাথা গুঁড়িয়ে দিল।"- সিয়ারু আ'লামিন নুবালা **১১/২১০**

অনেক সময় সীমান্তবাসী মুজাহিদিনে কেরাম বিভিন্ন বিষয় জিজ্ঞেস করে আহমাদ বিন হাম্বল রহ. এর কাছে চিঠি পাঠাতেন। তিনিও প্রতিউত্তর লিখে চিঠি পাঠাতেন। যেমন, একবার তারা এক বিদআতি লোকের ব্যাপারে জানতে চেয়ে চিঠি পাঠান। **আহমাদ রহ. বলেন,**

كتب إلي أهل الثغر يسألوني عن أمره، فكتبت إليهم، فأخبرتهم بمذهبه وما أحدث، وأمرتهم أن لا يجالسوه. اهـ

"সীমান্তবাসীরা আমার কাছে এ লোকের ব্যাপারে জানতে চেয়ে চিঠি পাঠিয়েছিল। আমি তার মাযহাব-মতাদর্শ ও তার আবিষ্কৃত বিদআত সম্পর্কে তাদের অবগত করিয়ে প্রতিউত্তর পাঠাই এবং তাদের আদেশ দিই, যেন তারা তার সাথে উঠাবসা না করে।"- সিয়ারু আ'লামিন নুবালা **১১/২১১**

আহমাদ বিন হাম্বল রহ. জিহাদকে সর্বোত্তম আমল মনে করতেন এবং জিহাদের কথা স্বরণ হলে কাঁদতেন। **ইবনে কুদামা রহ. (৬২০ হি.) বলেন,**

قال أبو عبد الله: لا أعلم شيئا من العمل بعد الفرائض أفضل من الجهاد روى هذه المسألة عن أحمد جماعة من أصحابه، قال الأثرم: قال أحمد: لا نعلم شيئا من أبواب البر أفضل من السبيل. وقال الفضل بن زياد: سمعت أبا عبد الله، وذكر له أمر العدو؟ فجعل يبكي، ويقول: ما من أعمال البر أفضل منه. وقال عنه غيره: ليس يعدل لقاء العدو شيء. اهـ

"আবু আব্দুল্লাহ (আহমাদ বিন হাম্বল রহ.) বলেন, 'ফরযের পর আমার জানা মতে জিহাদের চেয়ে উত্তম কোন আমল নেই'।

আহমাদ রহ. এর অনেক শাগরেদ তার থেকে এ মাসআলাটি বর্ণনা করেছেন। আসরাম রহ. বলেন, আহমাদ রহ. বলেছেন, 'জিহাদ ফি সাবিলিল্লাহর চেয়ে উত্তম কোন নেক আমল আছে বলে আমার জানা নেই'।

ফজল বিন যিয়াদ রহ. বলেন, 'একবার শত্রুর (তথা কাফেরদের) আলোচনা উঠল। আবু আব্দুল্লাহ (আহমাদ রহ.)

কাঁদতে লাগলেন এবং আমি শুনেছি যে, তিনি বলতে লাগলেন, ‘জিহাদের চেয়ে উত্তম কোন আমল নেই’। অন্য কেউ

কেউ তার থেকে বর্ণনা করেছেন, ‘শত্রুর মোকাবেলার চেয়ে উত্তম কিছু নেই’।”- আলমুগনি ৯/১৯৯

আহমাদ রহ. এর কাছে জিহাদ এতই প্রিয় ছিল যে, খলিফা মু’তাসিম বিল্লাহ- যিনি খালকে কুরআনকে সমর্থন না করায় আহমাদ রহ.কে নিদারুণ ও নির্মম নির্যাতন করেছেন- তিনি যখন বাতেনী কাফের বাবাক আলখুররামি ও তার বাহিনিকে পরাজিত করতে সক্ষম হন, তখন আহমাদ রহ. খুশি হয়ে তাকে মাফ করে দেন। **ইমাম যাহাবি রহ. আহমাদ বিন সিনান রহ. থেকে বর্ণনা করেন,**

بلغني أن أحمد بن حنبل جعل المعتصم في حل يوم فتح عاصمة بابك، وظفر به، أو في فتح عمورية، فقال: هو في حل من ضربي. اهـ

“আমার কাছে এ সংবাদ পৌঁছেছে যে, মু’তাসিম বিল্লাহ যেদিন বাবাকের রাজধানী বিজয় করেন এবং বাবাককে পাকড়াও করতে সক্ষম হন কিংবা যখন তিনি আমুরিয়া বিজয় করেন, তখন আহমাদ রহ. তাকে মাফ করে দেন এবং বলেন, ‘আমি তাকে আমার প্রহারের অপরাধ মাফ করে দিলাম।”- সিয়ারু আ’লামিন নুবালা ১১/২৫৭-২৫৮

মু’তাসিম বিল্লাহ আহমাদ রহ.কে কতটুকু নির্মম নির্যাতন করেছিল তা সকলের জানা। আড়াই বছর পর্যন্ত জেলে ভরে রেখেছেন। তাকে এমনও শিকল পরানো হতো যে, শিকলের ভারেই তিনি ক্লান্ত হয়ে পড়তেন। খালি গায়ে দু’ হাত দুই দিকে টানা দিয়ে বেঁধে মু’তাসিম বিল্লাহর সামনে হাজির করা হল ইমাম আহমাদ রহ.কে। মু’তাসিম বিল্লাহ বললেন, আহমাদ! আমার কথায় সাড়া দাও, কুরআন মাখলূক মেনে নাও, আমি নিজ হাতে তোমার শিকল খুলে তোমাকে মুক্ত করে দেবো। আহমাদ রহ. জওয়াব দিলেন, আমীরুল মু’মিনীন! আপনার মতের পক্ষে কোনো একটা আয়াত বা একটা হাদিস যদি পারেন দেখান। মু’তাসিম বিল্লাহ ভড়কে

গেল। কিন্তু দরবারি মোল্লারা বুঝাল, আমীরুল মু’মিনীন! এ লোকটা কাফের হয়ে গেছে। একে হত্যা করুন। মু’তাসিম জল্লাদকে আদেশ দিল, একে চাবুক মারো। চাবুক শুরু হল। একেকটা আঘাত এমন ছিল যেন, মৃত্যু প্রতিক্ষা করছে। মু’তাসিম বিল্লাহ আবারও প্রস্তাব দিলেন, আহমাদ! আমার কথায় সাড়া দাও, কুরআন মাখলূক মেনে নাও, আমি নিজ হাতে তোমার শিকল খুলে তোমাকে মুক্ত করে দেবো। আহমাদ রহ. আগের মতোই জওয়াব দিলেন, আমীরুল মু’মিনীন! আপনার মতের পক্ষে কোনো একটা আয়াত বা একটা হাদিস যদি পারেন দেখান। মু’তাসিম আবারও জল্লাদকে আদেশ দিল। আবারও চাবুক শুরু হল। আহমাদ রহ. জ্ঞান হারিয়ে ফেললেন। কিছুক্ষণ চাবুক বন্ধ রইল। কিছুক্ষণ পর যখন জ্ঞান ফিরল, আবার শুরু হল চাবুক। আবারও তিনি জ্ঞান হারিয়ে ফেললেন। আবার হুঁশে আসলেন। আবার শুরু হল। এভাবেই আহমাদ রহ.কে নির্যাতন করতো মু’তাসিম বিল্লাহ। কিন্তু যিন্দিক বাবাক আলখুররামি- যাকে বিশ বছর যাবৎ পরাজিত করা যাচ্ছিল না- তার বিরুদ্ধে যখন তিনি জয় লাভ করলেন, আহমাদ রহ. তাকে ক্ষমা করে দিলেন। জিহাদকে তিনি এমনই ভালবাসতেন।

ইমাম আহমাদ রহ. যদিও জালেম খলিফার বিরুদ্ধে বিদ্রোহ করেননি, কিন্তু আহলে সুন্নাহর বিশিষ্ট ইমাম আহমাদ বিন নাসর আলখুজায়ি রহ. যখন মু'তাসিমের বিরুদ্ধে বিদ্রোহ করে শহীদ হন, তখন তিনি তার প্রশংসা করেন।

২৩১ হিজরির আলোচনায় ইবনে কাসীর রহ. বলেন,

فلما كان شهر شعبان من هذه السنة انتظمت البيعة لأحمد بن نصر الخزاعي في السر على القيام بالأمر بالمعروف والنهي عن المنكر، والخروج على السلطان لبدعته ودعوته إلى القول بخلق القرآن، ولما هو عليه وأمراؤه وحاشيته من المعاصي والفواحش وغيرها. اهـ

"এ বছরের শা'বান মাসে গোপনে আহমাদ বিন নাসর আলখুজায়ি রহ. এর হাতে বাইয়াত সংঘটিত হয়। আমর বিল মা'রূফ ও নাহি আনিল মুনকার প্রতিষ্ঠার জন্য এবং সুলতানের বিদআত, খালকে কুরআনের দিকে দাওয়াত এবং তার উমারা ও ঘনিষ্টজনদের পাপাচারসহ আরো বিভিন্ন কারণে সুলতানের বিরুদ্ধে বিদ্রোহ করার জন্য এ বাইয়াত সংঘটিত হয়।"- আলবিদায়া ওয়াননিহায়া ১০/৩৩৬

কিন্তু তিনি কামিয়াব হতে পারেননি। সুলতানের হাতে বন্দী হন এবং শহীদ হন। **একদিন আহমাদ বিন হাম্বল রহ. এর সামনে তার আলোচনা উঠলে তিনি তার প্রতি আপ্লুত হয়ে বলেন,**

رحمه الله ما كان أسخاه بنفسه لله، لقد جاد بنفسه له. اهـ

“আল্লাহ তাআলা তার প্রতি রহম করুন। আল্লাহর জন্য আপন প্রাণ বিলিয়ে দিতে তিনি কতই না অগ্রগামী ছিলেন। তার জন্য তিনি আপন প্রাণ উৎস্বর্গ করে গেছেন।”- আলবিদায়া ওয়াননিহায়া ১০/৩৩৬

উপরোক্ত বর্ণনাগুলো থেকে দিবালোকের মতোই স্পষ্ট হয়ে উঠেছে ইনশাআল্লাহ যে, ইমাম আহমাদ বিন হাম্বল রহ. একজন প্রকৃত মুজাহিদ ছিলেন। আল্লাহর রাস্তায় রিবাতের দায়িত্ব পালন করেছেন। দ্বীনের পথে স্বশরীরে জিহাদ করেছেন। অন্যদের উৎসাহিত করেছেন। জিহাদকে ভালবেসেছেন। জিহাদে খুশি হয়েছেন। জিহাদকে সকল আমলের চেয়ে উত্তম মনে করেছেন।

***

শেষকথা

আইম্মায়ে আরবাআরা ব্যাপারে এ হল সংক্ষিপ্ত আলোচনা। আশাকরি এ সংক্ষিপ্ত আলোচনা থেকেই পরিষ্কার যে, তাদের সকলেই মুজাহিদ ছিলেন। জিহাদের পথে জীবন দিয়েছেন। নির্যাতিত হয়েছেন। শহীদ হয়েছেন। আমাদের জিহাদে তারাই আমাদের অনুসরণীয়। মুজাহিদিনে কেরাম যা করছেন তাদেরই অনুসরণে করছেন। তাদের দিয়ে যাওয়া ফতোয়ার ভিত্তিতেই করছেন। কিন্তু হায়! এমনসব লোকই আমাদের নেতৃত্বের আসনে বসে গেছেন, যারা নিজেদেরকে আইম্মায়ে আরবাআর অনুসারি বলে দাবি তো করেন, কিন্তু তাদের সীরতের ব্যাপারে কোন ধারণাই তারা রাখেন না। তাদের রেখে যাওয়া আদর্শের ব্যাপারেও তারা বেখবর। যে পথে তারা জীবন দিয়ে গেছেন, সে পথকেই তারা অস্বীকার করছেন। কোনো দিন তারা সে পথে চলেননি বলেও দাবি করছেন। বরং সে পথকে অস্বীকার করতে তাদেরকেই দলীল হিসেবে দাঁড় করাচ্ছেন। কত বড় অজ্ঞতা! কত বড়

জাহালত! নয়তো কত বড় ইফতিরা! কত বড় বুহতান! কত সাংঘাতিক অপবাদ।

***

ফাওয়ায়েদ

আইম্মায়ে আরবাআর সীরত থেকে আমাদের বেশ কিছু সমকালীন মাসআলার সমাধান পাওয়া যাবে। আমরা একটু খেয়াল করলেই বুঝতে পারবো ইনশাআল্লাহ।

- আবু হানিফা রহ. ও মালেক রহ.সহ তৎপূর্ববর্তী ও পরবর্তী ঐ সকল উলামায়ে কেরাম ও আইম্মায়ে দ্বীন, যারা নিজ নিজ যামানার জালেম শাকদের বিরুদ্ধে বিদ্রোহ করে গেছেন, তাদের সকলের মতেই জালেম শাসক- কাফের না হলেও- তার বিরুদ্ধে বিদ্রোহ করা জায়েয। অতএব, জালেম শাসকের বিরুদ্ধে বিদ্রোহ নাজায়েয হওয়ার ব্যাপারে যে ইজমার কথা বলা হয় তা সঠিক নয়। বেশির চেয়ে বেশি এ কথা বলা যায় যে, পরবর্তী উলামায়ে কেরাম বিদ্রোহ না করার পক্ষে ফতোয়া দিয়েছেন।

- যিন্দিক মুরতাদদের বিরুদ্ধে বিদ্রোহ জরুরী। এতে কোনো দ্বিমত নেই। এজন্যই যিন্দিক বাবাক আলখুররামির বিরুদ্ধে জিহাদ ও বিজয়ে আহমাদ রহ. যারপরনাই খুশি হয়েছেন।

- জিহাদ ফরয বা সহীহ হওয়ার জন্য ইসলাহে নফস আবশ্যক নয়। আমরা দেখেছি, আবু হানিফা, মালেক ও আহমাদ রহ.কে যারা নির্যাতন করেছে, তারাই কাফের মুরতাদদের বিরুদ্ধে জিহাদ করেছে। আইম্মায়ে কেরাম সেগুলো সমর্থন করেছেন বরং উৎসাহিত করেছেন। কোনো সন্দেহ নেই যে, এসব শাসক ফাসেক ও জালেম ছিল। এতদসত্ত্বেও আইম্মায়ে কেরাম তাদের সাথে মিলে কাফের-মুরতাদদের বিরুদ্ধে জিহাদ করেছেন এবং তাদের জিহাদগুলোকে সমর্থন করেছেন। বুঝা গেল, ইসলাহে নফস জিহাদের জন্য শর্ত নয়- যেমন নামায রোযার জন্য শর্ত নয়।

- জিহাদের জন্য গোপনে বাইয়াত হওয়া এবং বাইয়াত গোপন রাখা জায়েয। যেমন, নফসে যাকিয়্যা রহ. ও তার ভাই ইব্রাহিম রহ. এর বাইয়াত গোপনে হয়েছিল। আবু হানিফা রহ. ও মালেক রহ. গোপনে গোপনেই ফতোয়া দিয়েছিলেন। তদ্রূপ, আহমাদ বিন নাসর আলখুজায়ি রহ. এর

বাইয়াতও গোপনেই হয়েছিল।

- জিহাদের পক্ষে গোপনে গোপনে ফতোয়া দেয়া জায়েয। যেমন ইমাম মালেক রহ. ও আবু হানিফা রহ. দিয়েছিলেন।

- জিহাদের জন্য গোপনে গোপনে আর্থিক সহায়তা দেয়া জায়েয। যেমন, আবু হানিফা রহ. যায়দ বিন আলী রহ.কে গোপনে আর্থিক সহায়তা দিয়েছেন।

- জিহাদের পক্ষে থেকে নির্যাতিত হওয়া জায়েয। যেমন, আবু হানিফা রহ. ও মালেক রহ. নির্যাতিত হয়েছেন।

- জিহাদের অপরাধে জেলে যাওয়া জায়েয। যেমন, আবু হানিফা রহ. জেলে গিয়েছেন।

- জিহাদের জন্য শহীদ হওয়া জায়েয। যেমন, আবু হানিফা রহ. ও আহমাদ বিন নাসর আলখুজায়ি রহ. শহীদ হয়েছেন।

- জিহাদের জন্য ট্রেনিং নেয়া জায়েয। যেমন, ইমাম শাফিয়ি রহ. ট্রেনিং নিয়েছেন।

- আল্লাহর রাস্তায় রিবাত তথা পাহারাদারি করা জায়েয। যেমন, ইমাম শাফিয়ি রহ. ও আহমাদ রহ. রিবাতের দায়িত্ব পালন করেছেন।

- আল্লাহর রাস্তায় স্বশরীরে যুদ্ধ করা জায়েয, যেমন আহমাদ রহ. যুদ্ধ করেছেন।

- অন্যকে জিহাদে উদ্বুদ্ধ করা জায়েয। যেমন, আব হানিফা রহ. মানসূরের বিরুদ্ধে ইব্রাহিম রহ. এর পক্ষে লোকজনকে উদ্বুদ্ধ করেছেন। আহমাদ রহ. এক ব্যক্তিকে সীমান্তে গিয়ে পাহারাদারি করতে উদ্বুদ্ধ করেছেন।

- জিহাদের কথা স্বরণ হলে কাঁদা জায়েয। যেমন, আহমাদ রহ. কেঁদেছেন।

- শহীদের প্রশংসা করা জায়েয। যেমন, আবু হানিফা রহ. আবু ইসহাক ফাযারির ভাইয়ের প্রশংসা করেছেন। আহমাদ রহ. আহমাদ বিন নাসর আলখুজায়ি রহ. এর প্রশংসা করেছেন।

- মুজাহিদদের সাথে যোগাযোগ রাখা এবং তাদের

প্রয়োজনীয় মাসআলা মাসায়েল ও জিজ্ঞাসার জওয়াব দেয়া জায়েয। যেমন, আহমাদ রহ. সীমান্তবাসীদের প্রশ্নের উত্তর দিয়ে চিঠি লিখেছেন। মালেক রহ.কে মানসূরের বাইয়াতের ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি তা মানা আবশ্যক নয় বলে জওয়াব দিয়েছেন।

- মুজাহিদদের বিজয়ে খুশি হওয়া জায়েয (যদিও মুজাহিদরা বা তাদের আমীর ফাসেক হয়)। যেমন, বাবাকের বিরুদ্ধে মু'তাসিমের বিজয়ে আহমাদ রহ. খুশি হয়েছেন, অথচ মু'তাসিম ফাসেক ছিল। তার বাহিনির বহু মুজাহিদিই ফাসেক ছিল।

- জিহাদের জন্য পায়ে হেঁটে চলাও জায়েয। যেমন, আহমাদ রহ. পায়ে হেঁটে ত্বরাতূস গিয়েছেন।

- বড় আলেম বরং সবচেয়ে বড় আলেমদের জন্যও জিহাদ জায়েয। যেমন, আইম্মায়ে আরবাআর সকলেই যুগের শ্রেষ্ঠ আলেম ছিলেন।

- শাগরেদকেও জিহাদের ময়দানে নিয়ে যাওয়া জায়েয।

যেমন, ইমাম শাফিয়ি রহ. তার শাগরেদ রবি বিন সুলাইমানকে নিয়ে ইস্কান্দারিয়ায় রিবাতে গিয়েছেন।

- শাগরেদের জন্যও উস্তাদের সাথে জিহাদে যাওয়া জায়েয। যেমন, রবি বিন সুলাইমান আপন উস্তাদ শাফিয়ি রহ. এর সাথে রিবাতে গিয়েছেন।

- ছোট বেলা থেকেই জিহাদের ট্রেনিং নেয়া জায়েয। যেমন, ইমাম শাফিয়ি রহ. ছোট বেলা থেকেই জিহাদের ট্রেনিং নিতেন।

- যুবক বয়সে জিহাদ করা জায়েয। যেমন, আবু হানিফা রহ. যখন বনী উমাইয়ার বিরুদ্ধে বিদ্রোহের ফতোয়া দিয়েছেন, তখন তার বয়স ৪১ বছর।

- বৃদ্ধ বয়সেও জিহাদ করা জায়েয। যেমন, আবু হানিফা রহ. যখন আব্বাসীদের বিরুদ্ধে ফতোয়া দিয়েছেন, তখন তার বয়স ৬৭ বছর।

- জিহাদের জন্য যুবক বয়সেও নির্যাতিত হওয়া জায়েয, বৃদ্ধ বয়সেও জায়েয। যেমন, আবু হানিফা রহ. যখন উমাইয়াদের

হাতে নির্যাতিত হয়েছেন, তখন তিনি যুবক আর যখন আব্বাসীদের হাতে নির্যাতিত হয়েছেন, তখন তিনি বৃদ্ধ।

- উলূমে হাদিসে মাহের হলেও জিহাদে যাওয়া জায়েয। যেমন, আইম্মায়ে আরবাআ সকলেই (বিশেষত ইমাম আহমাদ রহ.) উলূমে হাদিসে মাহের ছিলেন।

- ফিকহে মাহের হলেও জিহাদে যাওয়া জায়েয। যেমন, আইম্মায়ে আরআবা সকলেই ফিকহে মাহের ছিলেন (বিশেষত আবু হানিফা রহ.)।

- হাদিসের উস্তাদদের জন্যও জিহাদে যাওয়া জায়েয। মেযন, মালেক রহ. ও আহমাদ রহ. উভয়ই নিয়মতান্ত্রিক হাদিসের দরস দিতেন।

- জাস্টিস তথা বিচারকদের জন্যও জিহাদে যাওয়া জায়েয। যেমন, ইমাম শাফিয়ি রহ. এক সময় জাস্টিস ছিলেন।

***

الحمد لله رب العالمين. وصلى الله تعالى على خير خلقه محمد وعلى آله وصحبه أجمعين.

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন- (অবতরণিকা)

بسم الله الرحمن الرحيم
وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمعين، أما بعد

জিহাদ দমানোর জন্য যেসকল ষড়যন্ত্র হয়েছে, তার মধ্যে বড় একটি ষড়যন্ত্র: ইলমকে জিহাদের বিপরীতে দাঁড় করানো। যার ফলে আমাদের সমাজের উলামা-তুলাবাদের মাঝে ব্যাপকভাবে এই ভ্রান্ত্র ধারণা গেড়ে বসেছে যে, ইলম আর জিহাদ একত্র হতে পারে না। যারা ইলম নিয়ে থাকবে, তারা জিহাদ করবে না। জিহাদ করে ইলম শিখা যায় না। পাশাপাশি এ ধারণাও আছে যে, ইলম হল সর্বশ্রেষ্ঠ। যারা ইলম নিয়ে ব্যস্ত তারা সর্বশ্রেষ্ঠ কাজে লিপ্ত। ইলম ছেড়ে জিহাদে যাওয়ার অর্থ আফজাল ও শ্রেষ্ঠ ইবাদত ছেড়ে নিম্নমানের কাজে লিপ্ত হওয়া।

এই ভ্রান্ত আকীদার পক্ষে কুরআন সুন্নাহর কোনো দলীল তো অবশ্যই তারা দিতে সক্ষম নয়, তবে যে কাজটি তারা করেছে, তা হলো- জেনে না জেনে- আইম্মায়ে কেরামের সীরাতকে

বিকৃত ও অপব্যাখ্যা করেছে। আপনি যদি জিহাদবিরোধী কোনো আলেমের সাথে কথা বলেন, তাহলে তিনি অকপটেই বলে দেবেন যে, আপনি কি বেশি বুঝেন? আবু হানিফা, শাফিয়ি, মালেক, আহমাদ, বুখারি, মুসলিম- এরা কি আপনার চেয়ে কম বুঝে? এরা তো কেউ ইলম ছেড়ে জিহাদে যায়নি?

মোটকথা তাদের বিশ্বাস, আমাদের পূর্বসূরি সালাফে সালেহীন আইম্মায়ে কেরাম জিহাদ করেননি। শুধু তাই নয়, বরং তাদেরকে জিহাদ বিরোধী বলে চালিয়ে দিতেও অনেকের দ্বিধা হয় না। গত রমযানে ঢালকানগরের পীর আব্দুল মতীন সাহেবের একটি বিভ্রান্তিকর বক্তব্য হয়তো অনেকে শুনেছেনও।

সালাফে সালেহীনকে জিহাদের বিপরীতে দাঁড় করানোর পেছনে বড় কয়েকটি কারণ হল:

ক. অজ্ঞতা।

আপনি দেখবেন যে, যারা সালাফে সালেহীনকে জিহাদের বিপরীতে দাঁড় করায়, তারা আসলে সালাফের জীবন চরিত সম্পর্কে অজ্ঞ। যেমন, ঢালাকানগরের পীর সাহেবের বক্তব্যে হয়তো আপনারা লক্ষ করেছেন যে, অজ্ঞতার কারণে তিনি আইম্মায়ে আরবাআ সকলকেই জিহাদের বিপরীতে দাঁড় করিয়েছেন এবং তাদেরকে জিহাদ নাজায়েয হওয়ার পক্ষে দলীল বানিয়েছেন। যদি তারা মন্তব্য করার আগে একটু কষ্ট করে সালাফের জীবনী পড়ে দেখতো, তাহলে হয়তো এমন আজগুবি কথা মুখে আসতো না।

খ. একপেশে ভাবনা।

সালাফকে জিহাদ বিরোধী ধারণা করার এটাও একটা বড় কারণ। আমাদের বর্তমান উলামা-তুলাবারা ইলমকেই সবচেয়ে বড় করে দেখে। সালাফের কারো জীবনী যদি তারা পড়েও, তাহলেও সালাফের ইলমী দিকটিই শুধু তাদের নজরে পড়ে। তাদের সিয়াসী ও জিহাদি জীবন, আমর বিল মা'রূফ-নাহি আনিল মুনকার, হকের পথে জীবন দেয়া: এগুলো তাদের নজরে তেমন পড়ে না। এগুলো ভাসা ভাসা নজরে দেখে চলে যায়। তারা শুধু দেখে যে, তিনি হাদিসের কি কি খিদমাত করেছেন, ফিকহে তার কি অবদান ইত্যাদি। এই একপেশে

ভাবনা প্রবল হওয়ার কারণে অন্য দিকগুলো তাদের নজর কাড়ে না।

গ. উলামাদের জীবনীতে ইলমী দিকের প্রাবল্য।

উলামায়ে কেরামের জীবনের মৌলিক দিকটি হচ্ছে ইলম। কেউ যখন তাদের জীবনী অধ্যয়ন করতে যাবে, তাদের ইলমী দিকটিই স্বাভাবিক বেশি নজরে আসবে। অন্যান্য দিকগুলো তাদের মৌলিক ব্যস্ততা না হওযায় সেগুলোর আলোচনা আসে প্রসঙ্গত। এ কারণে ভাসা ভাসা দৃষ্টিতে যারা সালাফের জীবনী অধ্যয়ন করে তাদের কাছে ইলমী দিকটিই প্রবল হয়ে আসে। অন্যান্য দিকগুলো প্রচ্ছন্ন হয়ে থাকে।

ঘ. পাঠকদের জিহাদ বিমুখীতা।

জিহাদ বিরোধীরা যদি সালাফের জীবনী পড়েও, তাহলেও নিজেদের অন্তরে সুপ্ত জিহাদ বিমুখীতার কারণে সালাফের জিহাদি জীবনটা তাদের দৃষ্টি কাড়ে না। নজরে পড়ে গেলে বা কেউ দেখিয়ে দিলে নিজেদের জিহাদ বিমুখীতার কারণে সালাফকেও তারা নিজেদের মতো জিহাদবিমুখী ধারণা করে এবং সালাফের জিহাদি দিকগুলোকে তাবিল, তাহরিফ ও অপব্যাখ্যা করে নিজেদের অনুকূল বানিয়ে নেয়।

এ সমস্ত কারণসহ আরো বিভিন্ন কারণে সালাফে সালিহীনের জিহাদি দিকগুলো প্রচ্ছন্ন থেকে যায় এবং অপব্যাখ্যার শিকার হয়। জিহাদবিরোধীরা গর্বভরে বলে বেড়ায়, আমাদের সালাফ জিহাদ করেননি, তাহলে আমাদের না করাতে কি দোষ? শুধু তাই নয়, বরং সালাফকে জিহাদ বিরোধী দাঁড় করিয়ে জিহাদ নাজায়েয-হারাম ফতোয়া দিয়ে বেড়ায়।

ঢালকানগরের পীর সাহেবের অজ্ঞতাপ্রসূত বিভ্রান্তিমূলক বয়ানের প্রেক্ষিতে আল্লাহ তাআলার তাওফিকে কিছু দিন আগে আইম্মায়ে আরবাআর জিহাদ প্রসঙ্গে কিছু আলোচনা করেছি। আইম্মায়ে আরবাআর জিহাদি জীবনের মতো আরো কতক আইম্মার জিহাদি জীবনটাও যদি পাঠকদের সামনে তুলে ধরা যায়, তাহলে একটা বড় খিদমাত হয়। দীর্ঘদিন ধরে চলে আসা একটা বিভ্রান্তির কিছুটা হলেও অপনোদন হয়। বিশেষত আমাদের নিজেদের ভাইদের উপকার হবে এবং দাওয়াতের

কাজে সহায়ক হবে। এ ধারণা থেকেই এ ব্যাপারে কলম ধরা। আল্লাহ চাহেন তো আমাদের আইম্মায়ে কেরাম যে ইলমের পাশাপাশি জিহাদের ময়দানেও বিচরণ করেছেন তার কিঞ্চিত তুলে ধরার চেষ্টা করবো। আমরা তো তাদের থেকেই জিহাদ শিখেছি। তাদেরকে জিহাদবিরোধী দাঁড় করানো অজ্ঞতা, অপবাদ ও স্বার্থপরতা ছাড়া কিছুই নয়। সকল ভাইয়ের কাছে দোয়ার দরখাস্ত। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন- (অবতরণিকা - ২)

ইলম নিয়ে ব্যস্ততার অজুহাত

জিহাদবিমুখ উলামা-তুলাবাদের একটি মুখরোচক অজুহাত হল, **'আমরা ইলম নিয়ে ব্যস্ত আছি। জিহাদ করতে গেলে ইলম ছুটে যাবে। সমাজের মানুষের ইলম ও মাসায়েলের সমাধান তাহলে দেবে কে- যদি আমরা জিহাদে চলে যাই'**?

বাহ্যত যুক্তিটি অনেক সুন্দর। যে কেউ কথাটি শুনবে আপাত দৃষ্টিতে সমর্থন না করে পারবে না। তবে আমি এখানে একটি কথা জিজ্ঞেস করতে চাই: **ইলম কি শুধু অজু-গোসল, হায়েয-নেফাস, নামায-রোযা, নিকাহ-তালাকের মাঝেই সীমাবদ্ধ? না'কি গোটা শরীয়তের সকল দিক, সকল বিধি-বিধানই ইলম? ঈমান-কুফর, তাকফিরুত তাওয়াগিত, সিয়াসত-খিলাফত-ইমারাত, জিহাদ-কিতাল-সিয়ার এগুলো কি ইলমের গণ্ডিতে পড়ে?**

যদি বলেন, পড়ে; তাহলে আপনারা কি এগুলো নিয়ে ব্যস্ত? স্বাভাবিক প্রায় সকলেরই উত্তর আসবে, না। একান্ত যারা কিছুটা অধ্যয়ন করেনও তারাও বলতে গেলে ভাসা ভাসা দৃষ্টিতে। নিকাহ-তালাকের মাসআলা যেভাবে বুঝতে পারছেন এবং ফতোয়া দিতে পারছেন, এসব মাসআলায় তার দশ ভাগের এক ভাগ বরং বলতে গেলে একশ ভাগের এক ভাগও দক্ষতা নেই। তাহলে এখন যদি পর্যালোচনা করা হয় দেখা যাবে আপনারা ইলমের খুব কম অংশ নিয়েই লিপ্ত আছেন, আর বাকি সকল ইলমই আপনাদের ব্যস্ততার

বাহিরে। তাহলে বলা যায় ইলমের অজুহাতের দাবিতেও আপনারা সত্যবাদি নন।

যদি সত্য সত্যই আপনারা ইলম নিয়ে ব্যস্ত থাকতেন, তাহলে তো আপনারাই আমাদের রাহবার হতেন। আপনারা যা বলতেন আমরা নির্দ্বিধায় মেনে নিতাম। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, বর্তমান পরিস্থিতিতে উম্মাহর সর্বাপেক্ষা বেশি প্রয়োজনীয় ইলমটুকুর ধারে কাছেও আপনারা নেই বরং বিনা ইলমে উল্টো উল্টে ফতোয়া দিয়ে দিয়ে উম্মাহকে বিভ্রান্ত করে যাচ্ছেন। এমতাবস্থায় আমরা কিভাবে আপনাদের কথা মেনে চলতে পারি? বরং আপনাদের অজুহাত কবূল করার মতো কোন সুযোগও তো দেখছি না। বরং সত্য কথা বলতে গেলে: আপনারা ইলমের কেবল ততটুকু নিয়েই ব্যস্ত যতটুকুতে আপনাদের রুজি রোজগারের বন্দোবস্ত হবে, যতটুকুতে রাষ্ট্রের বিরোধীতার কিছু নেই এবং যতটুকুতে তাগুত শাসক শ্রেণী আপনাদের প্রতি নারাজ হবে না। তাহলে বলা যায়, ‘ইলম নিয়ে ব্যস্ত আছি’- উজরটা একেবারেরই অবাস্তব।

আমরা তো ইলমের দাবিই জানাচ্ছি

ইলমী ব্যস্ততার অজুহাত অবাস্তব হওয়ার একটা বড় দলীল হচ্ছে, আপনাদের জিহাদ বিমুখতা। কারণ, মুজাহিদরা যখন আপনাদেরকে জিহাদের দাওয়াত দিচ্ছেন, তখন তো আপনাদেরকে এ কথা বলছেন না যে, আপনারা এখনই অস্ত্র হাতে রাস্তায় বেরিয়ে শহীদ হয়ে যান। আপনাদেরকে কাছে দাবি হচ্ছে, আপনারা প্রথমে সত্য জানুন। সত্য জেনে উম্মাহর সামনে সত্য তুলে ধরুন। উম্মাহকে দ্বীন ও জিহাদ বুঝান। তাহলে বলা যায়, যে ইলম নিয়ে আপনারা ব্যস্ত বলে দাবি করছেন, মুজাহিদগণ আপনাদের কাছে সে ইলমই দাবি করছেন এবং আপনাদের সামনে ইলমের বিশাল এক ময়দান খুলে দিচ্ছেন। কিন্তু আপনারা যদি সারা না দেন, তাহলে কিভাবে আমরা বিশ্বাস করতে পারি যে, আপনারা ইলম নিয়ে আছেন? বরং তখন তো সন্দেহ জাগে যে, আপনারা ইলমের নামে ইলম ও জিহাদ উভয়টা থেকেই বিমুখ হয়ে আছেন।

বি.দ্র.

আমার এ কথা শুধু ঐসব উলামা-তুলাবার ব্যাপারে যারা আসলেই নিজেদের দাবিতে মিথ্যাবাদি। সকলের ব্যাপারে নয়।

জিহাদ ফরযে আইন হওয়ার সময় ইলমী ব্যস্ততায় জিহাদ ছাড়ার সুযোগ নেই

সর্বোপরি জিহাদ ফরযে আইন হওয়ার সূরতে ইলম নিয়ে পড়ে থেকে জিহাদ ছাড়ার কোন অবকাশ নেই। ইলমী ব্যস্ততা যদিও সর্বশ্রেষ্ঠ একটি আমল, কিন্তু যখন উম্মাহর উপর কাফের-মুরতাদরা সওয়ার হয়ে পড়ে, তখন আলেম-গাইরে আলেম সকলেরই প্রথম দায়িত্ব শত্রু প্রতিহত করা। এমন সময় ইলম নিয়ে পড়ে থাকা হারাম। স্বাভাবিক অবস্থায় ইলম-জিহাদ উভয়টাই ফরযে কিফায়া। মুজাহিদগণ যদি জিহাদের ফরয আঞ্জাম দিতে থাকেন, তাহলে জিহাদের প্রয়োজনে যে সংখ্যক আলেম জিহাদে অংশগ্রহণ জরুরী, তারা বাদে বাকি আলেমদের উপর জিহাদে যাওয়া জরুরী নয়। তাদের জন্য তখন ইলম-জিহাদ উভয়টিই বরাবর। ইচ্ছা করলে জিহাদও করতে পারেন, ইচ্ছা করলে ইলমেও লিপ্ত থাকতে পারেন। অবশ্য এ সময় কোনটা উত্তম তা

নিয়ে মতভেদ আছে।

জিহাদবিরোধীরা যেসকল আইম্মাদের দোহাই দিয়ে জিহাদ হারাম-নাজায়েয ফতোয়া দেয়, সেসকল আইম্মার যামানায় জিহাদের মূলত এ অবস্থাটিই ছিল। তাদের জন্য ইলম-জিহাদ উভয়টিই বরাবর ছিল। তখন কেউ কেউ ইলমের পাশাপাশি জিহাদ ও রিবাতের দায়িত্বও পালন করেছেন, আর কেউ কেউ ইলম নিয়েই ব্যস্ত থেকেছেন। তবে মুজাহিদদের প্রয়োজনীয় হাদিস ও মাসায়েল বর্ণনা ও সংকলন করে দিয়েছেন। এভাবে ময়দানে না গিয়েও তারা জিহাদের খিদমাত করেছেন। আর উলামায়ে কেরামের অনেকের জন্য তখন জিহাদের ময়দানে যাওয়া জায়েযও ছিল না। কারণ: শীয়া, খাওয়ারিজ, মু'তাজিলি, বাতিনি ইত্যাদি বাতিল ফিরকাগুলো তো তখনই মাথাছাড়া দিয়ে গজিয়েছিল। এদেরকে দমন করা উলামাদের উপর ফরযে আইন ছিল। সকলেই যদি জিহাদে চলে যেতো তাহলে এদের দমন কে করতো? এমতাবস্থায় জিহাদে যাওয়ার অর্থ ছিল ফরযে কিফায়া আদায় করতে গিয়ে ফরযে আইন তরক করা যা হারাম। তাই, উলামায়ে কেরামের বিশাল একটা অংশ

সার্বক্ষণিক ইলমে লিপ্ত থাকা আবশ্যক ছিল। তাদের জন্য জিহাদে যাওয়া নাজায়েয ছিল।

কিন্তু আমাদের বর্তমান অবস্থা এর বিপরীত। এখন জিহাদ ফরযে আইন। আর জিহাদ যখন ফরযে আইন হয়ে যায়, তখন অন্য সব বাদ দিয়ে আগে শত্রু প্রতিহত করা ফরয। কারণ, এখন যদি শত্রু প্রতিহত করা না যায়, তাহলে দ্বীন-দুনিয়া সবই বরবাদ হয়ে যাবে। শত্রু প্রতিহত হয়ে গেলে তখন দ্বীনের সকল শাখার সকল খিদমাত করা যাবে। এজন্য উম্মাহর আইম্মায়ে কেরামের ইজমা: জিহাদ ফরযে আইন হয়ে গেলে তখন আলেমদেরকেও জিহাদে চলে যেতে হবে।

তবে বর্তমান বিশ্বের সকল এলাকার অবস্থা এক রকম নয়। যেখানে সরাসরি যুদ্ধ চলছে, সেখানে আলেমদেরকেও জিহাদে বের হতে হবে। আর আমাদের দেশের মতো যেসব এলাকায় দাওয়াত ও ই'দাদি কাজ চলছে, সেখানে ময়দানে যাওয়া আবশ্যক নয়। দাওয়াত ও ই'দাদের জন্য আলেমদের

যে ধরণের ভূমিকা প্রয়োজন, সে ধরণের ভূমিকা রাখাই তাদের কাজ। বিশেষত ইলমী কাজটাই তাদের মূল কাজ। হ্যাঁ, কখনও যদি সরাসরি ময়দানে নেমে পড়ার দরকার পড়ে- এদেশে হোক বা অন্য দেশে- তাহলে তখনকার কথা ভিন্ন।

মোটকথা, সালাফে সালিহীন আইম্মায়ে কেরামের যামানায় আলেমদের জন্য জিহাদ ফরযে আইন ছিল না। করাতে কোন সমস্যা ছিল না। বরং অনেকের জন্য ইলমে লিপ্ত থাকাই ফরযে আইন ছিল, জিহাদে যাওয়া নাজায়েয ছিল। পক্ষান্তরে আমাদের অবস্থা ভিন্ন। এখন ইলমের নাম করে জিহাদের ইলমী-আমলী সকল ধরণের সহায়তা থেকে দূরে থাকার কোন সুযোগ নেই।

যাহোক, ভূমিকা দীর্ঘ হয়ে যাচ্ছে। সামনের পর্ব থেকে ইনশাআল্লাহ মুজাহিদ ও মুরাবিত উলামাদের আলোচনা শুরু করবো। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

***

এক.

হাসান বসরী রহ. (১১০হি.)

বিশিষ্ট তাবিয়ী। অনেক সাহাবি থেকে হাদিস বর্ণনা করেছেন। তাফসীর, হাদিস ও ফিকহে যামানার শ্রেষ্ঠ ইমাম। খলিফায়ে রাশেদ উমার ইবনু আব্দুল আজিজ রহ. এর খেলাফতকালে তিনি বসরার কাযি ছিলেন।

হযরত উমার রাদিয়াল্লাহু আনহুর খেলাফতের দুই বছর বাকি থাকতে তিনি জন্মগ্রহণ করেন। হযরত উসমান রাদিয়াল্লাহু আনহুর শাহাদাতের সময় তার বয়স ছিল চৌদ্দ।

তার পিতা-মাতা উভয়ই যুদ্ধবন্দী দাস ছিলেন। আল্লাহ তাআলা তাদেরই ঔরসে এ মহামানবের জন্ম দেন। তার মা

উম্মুল মু’মিনীন উম্মে সালামা রাদিয়াল্লাহু আনহার ঘরে কাজ করতেন। অনেক সময় তিনি কাজের ব্যস্ততায় শিশু হাসান রহ.কে দুধ পান করাতে পারতেন না। তিনি যখন কাঁদতে থাকতেন, অনেক সময় উম্মুল মু’মিনীন উম্মে সালামা রাদিয়াল্লাহু আনহা তাকে দুধ পান করাতেন। বলা হয়, সে দুধের বরকতেই এ ইলম ও হিকমতের দৌলত তিনি লাভ করেন। তাছাড়া তার মা তাকে সাহাবায়ে কেরামের কাছে নিয়ে যেতেন এবং দোয়া চাইতেন। তারা জন্য দোয়া করতেন। হযরত উমার ফারুক রাদিয়াল্লাহু আনহু তার জন্য দোয়া করেন,

اللهم فقهه في الدين، وحببه إلى الناس. اهـ

“হে আল্লাহ! তুমি তাকে দ্বীনের সমঝ দান কর এবং মানুষের কাছে তাকে প্রিয় বানিয়ে দাও।”- আলবিদায়া ওয়াননিহায়া ৯/২৯৫

তার যামানায় তিনি সাহাবায়ে কেরামের সাথে সবচেয়ে বেশি সাদৃশ্যপূর্ণ ছিলেন। এমনকি এও বলা হয় যে, তিনি নবীগণের সাদৃশ্য রাখতেন।

তিনি অত্যন্ত সুদর্শন, শক্তিশালী ও বীরবাহাদুর সুপুরুষ ছিলেন। বীরত্বের জন্য সুখ্যাত ছিলেন। শুরু শুরুতে তিনি জিহাদ নিয়েই পড়ে থাকতেন। এমনকি খুরাসানের আমীর আর-রবি ইবনু যিয়াদের কাতেবে পরিণত হন। তার হাতের কব্জি এক বিঘত প্রশস্ত ছিল- যা খুবই বিরল। উমাইয়া শাসনামলে তিনি খুরাসানে জিহাদ করতেন। তিনি এমনই প্রসিদ্ধ বীর ছিলেন যে, আমীরুল মুজাহিদিন আলমুহাল্লাব ইবনু আবি সুফরা যখন মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধে জড়াতেন, তখন হাসান বসরী রহ.কে সামনের কাতারে রাখতেন।

ইমাম যাহাবি রহ. (৭৪৮হি.) 'সিয়ারু আ'লামিন নুবালা' গ্রন্থে হিশাম ইবনু হাসসান রহ. থেকে বর্ণনা করেন (৪/৫৭৮),

كان الحسن أشجع أهل زمانه. اهـ

"হাসান রহ. যামানার সর্বশ্রেষ্ঠ বীর ছিলেন।"

আছমায়ী রহ. এর সূত্রে তার পিতা থেকে বর্ণনা করেন (৪/৫৭২),

ما رأيت زندا أعرض من زند الحسن البصري، كان عرضه شبرا. قلت: كان رجلا تام الشكل، مليح الصورة، بهيا، وكان من الشجعان الموصوفين. اهـ

"হাসান বসরীর কব্জির চেয়ে প্রশস্ত কোন কব্জি দেখিনি। তার কব্জি এক বিঘত প্রশস্ত ছিল। আমি বলি- অর্থাৎ যাহাবি রহ. বলেন- শারীরিকভাবে তিনি পূর্ণ গড়নবিশিষ্ট ব্যক্তি ছিলেন। সুদর্শন ও চক্ষুশীতলকারী ছিলেন। প্রসিদ্ধ বীরদের একজন ছিলেন।"

আরো বলেন (৪/৫৭২),

لم يطلب الحديث في صباه، وكان كثير الجهاد، وصار كاتبا لأمير خراسان الربيع بن زياد

وقال سليمان التيمي: كان الحسن يغزو، وكان مفتي البصرة جابر بن زيد أبو الشعثاء، ثم جاء الحسن، فكان يفتي. اهـ

“তিনি বাল্যকালে হাদিস অন্বেষণ করেননি। খুব বেশি জিহাদ করতেন। এমনকি খুরাসানের আমীর আর-রবি ইবনু যিয়াদের কাতেবে পরিণত হন।
সুলাইমান আততাইমি রহ. বলেন, হাসান রহ. জিহাদ করতেন। তখন বসরার মুফতি ছিলেন, আবুশ শা’ছা জাবির ইবনু যায়দ রহ.। এরপর যখন হাসান রহ. আসলেন, তখন তিনিই ফতোয়া দিতেন।”

ইতিহাসবিদ ফাসাবি রহ. (২৭৭হি.) ‘আলমা’রিফাতু ওয়াততারিখ’ কিতাবে জা’ফর ইবনু সুলাইমান রহ. থেকে বর্ণনা করেন (২/৪৯),

كان الحسن من أشد الناس إذا حضر الناس ... وكان المهلب إذا قاتل المشركين فكان الحسن من الفرسان الذين يقدمون. اهـ

“যুদ্ধ যখন বেঁধে যেতো, তখন হাসান রহ. অতীব জানবাজ ব্যক্তি পরিগণিত হতেন। ... (আমীর) মুহাল্লাব যখন

মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধে জড়াতেন, তখন হাসান রহ. ঐসকল বীর ঘোড়সওয়ারদের অন্তর্ভুক্ত থাকতেন, যাদেরকে অগ্রে রাখা হতো।”

আব্দুল্লাহ ইবনু আউন রহ. থেকে বর্ণনা করেন (২/৪৯),

سألت محمدا عن شيء من أمر الطعام في الغزو. فقال: سل الحسن فإنه كان يغزو. اهـ

“আমি মুহাম্মাদ ইবনু সিরিন রহ. এর কাছে যুদ্ধের ময়দানে খাদ্য সংক্রান্ত একটি বিষয়ে জিজ্ঞাসা করলাম। তিনি বললেন, ‘হাসানকে জিজ্ঞেস কর। কারণ, তিনি জিহাদ করতেন’।”

আবু খালিদ মুহাজির রহ. থেকে বর্ণনা করেন (২/৫২),

ذكر لأبي العالية الحسن، فقال: رجل مسلم يأمر بالمعروف وينهى عن المنكر. اهـ

“আবুল আলিয়া রহ. এর কাছে হাসান রহ. এর আলোচনা উঠল। তিনি বললেন, তিনি এমন একজন মুসলিম ছিলেন,

যিনি আমর বিল মা’রূফ ও নাহি আনিল মুনকার করতেন।”

হাসান বসরী রহ. ১১০ হিজরীতে ইন্তেকাল করেন।

***

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন: দুই. ইবরাহীম ইবনু আদহাম রহ. (১৬২হি.)

দুই

ইবরাহীম ইবনু আদহাম আলবালখি রহ. (১৬২হি.)

সাইয়্যিদুয যুহহাদ ইবরাহীম ইবনু আদহাম রহ. মূলত খুরাসানের বালখের অধীবাসী ছিলেন। পরে শামে চলে যান এবং সেখানেই রোমানদের বিরুদ্ধে রিবাতরত অবস্থায় মৃত্যুবরণ করেন।

আবু ইসহাক আসসাবিয়ী, মানসূর ইবনুল মু’তামির, মালিক ইবনু দিনার, সুলাইমান আলআ’মাশ প্রমুখ জগদ্বিখ্যাত

মুহাদ্দিস থেকে হাদিস বর্ণনা করেছেন।

সুফিয়ান সাওরি, বাক্কিয়্যাতুবনুল ওয়ালিদ, শাক্কিক্ক আলবালখি প্রমুখ বড় বড় ইমাম তার থেকে হাদিস বর্ণনা করেছেন।

সুফি দুনিয়ায় ইবরাহীম ইবনু আদহাম রহ.কে নিয়ে অনেক মাতামাতি হয়ে থাকে। তার নামে বানোয়াট অনেক কিছুই প্রচলিত আছে। তবে আমরা যদি তার বাস্তব ইতিহাস দেখতাম, তাহলে বুঝতে পারতাম, সুফিবাদিরা ইবরাহীম ইবনু আদহামের আদর্শ থেকে কত হাজারো কোটি মাইল দূরেই না অবস্থান করছে। বরং বলতে গেলে ভ্রান্ত সুফিবাদিরা নিজেদের উদ্দেশ্য চরিতার্থ করার জন্য ইবরাহীম ইবনু আদহামের মতো যাহেদ ইমামদেরকে ব্যবহার করছে, আর বাস্তব জীবনে তারা এসকল ইমামদের অনুসরণ থেকে সম্পূর্ণই বিমুখ।

ইবরাহীম ইবনু আদহাম রহ. বালখের এক উচ্চবংশীয় ও ধনাঢ্য রাজ পরিবারে জন্মগ্রহণ করেন। ঐশ্বর্য্যের কোন অভাব তার ছিল না। কিন্তু হালাল রিযিকের অন্বেষণে তিনি শুধু নিজ পরিবারই ত্যাগ করেননি, নিজ জন্মভূমিও ত্যাগ করেছেন।

প্রথমে তিনি ইরাক চলে যান। কিন্তু ইরাক তার কাছে ভাল ঠেকলো না। অনেকে পরামর্শ দিল, শামে চলে যান। সেখানে হালাল রিযিকের সন্ধান পাবেন। তিনি শাম চলে গেলেন। দিনমজুরি করে চলতে লাগলেন। একমাত্র নিজের হাতের হালাল কামাই ছাড়া অন্য কিছুতেই নিশ্চিত হতে পারছিলেন না যে, তাতে হারাম নেই। এজন্য তিনি পিতার ঐশ্বর্য্য ছেড়ে এসেছেন। আর রাজা বাদশাদের হাদিয়া তোহফা গ্রহণের তো কোনো প্রশ্নই নেই। কখনো ক্ষেতে কাজ করতেন, কখনো বাগান দেখাশুনার মজুরি নিতেন, কখনও বা অন্য কোন হালাল মজুরি। যখন প্রয়োজন হতো মজুরি করতেন। পারিশ্রমিক যা পেতেন ক্ষুধা নিবারণের প্রয়োজনটুকু রেখে বাকিটুকু সাদাকা করে দিতেন। এরপরও আপসোস করতেন আর কাঁদতেন এই ভয়ে যে, আখেরাতের নিয়ামত দুনিয়াতেই

ভোগ করে ফেলছেন কি’না।

এই মহামানবের রাত যেমন কাটতো ইবাদতে, দিন কাটতো রিবাতের ময়দানে। এমনকি তার শিষ্যত্ব যারা গ্রহণ করতো, তারাও মুজাহিদ হয়ে যেতো। এমনকি জিহাদ না করার কারণে তিনি জগদ্বিখ্যাত ইমাম, আমীরুল মু’মিনীন ফিল হাদিস: সুফিয়ান সাওরি রহ.কে-ও তিরস্কার করতেন। **যাহাবি রহ. (৭২৮হি.) খুরাইবি রহ. থেকে বর্ণনা করেন,**

جلست إلى إبراهيم بن أدهم، فكأنه عاب على سفيان ترك الغزو، وقال: هذا الأوزاعي يغزو، وهو أسن منه. اهـ

“একবার ইবরাহীম ইবনু আদহামের কাছে বসলাম। মনে হল তিনি জিহাদ তরক করার কারণে সুফিয়ান (সাওরি)কে তিরস্কার করেছেন এবং বলেছেন, এই যে আওযায়ী! তিনি জিহাদ করছেন অথচ তিনি সুফিয়ানের চেয়েও বয়স্ক।”- সিয়ারু আ’লামিন নুবালা ৭/২৬৯

এই মর্দে মুজাহিদ মৃত্যুকালে জিহাদপ্রেমের যে দৃষ্টান্ত রেখে

গেছেন, আজকালকার জিহাদবিদ্বেষী সুফিমহল যদি একটু বিবেচনা করে দেখতো! **ইবনে কাসীর রহ. (৭৭৪হি.) বলেন,**

وذكروا إنه توفي في جزيرة من جزائر بحر الروم وهو مرابط، وأنه ذهب إلى الخلاء ليلة مات نحوا من عشرين مرة، وفي كل مرة يجدد الوضوء بعد هذا، وكان به البطن، فلما كانت غشية الموت قال: أوتروا لي قوسي، فأوتروه فقبض عليه فمات وهو قابض عليه يريد الرمي به إلى العدو رحمه الله وأكرم مثواه. اهـ

"ইতিহাসবিদগণ লিখেছেন, তিনি রোম সাগরের এক দ্বীপে রিবাতরত অবস্থায় ইন্তেকাল করেন। তারা লিখেছেন, যে রাত্রে তিনি মৃত্যুবরণ করেন, সে রাত্রে বিশ বারের মতো ইস্তিনজাখানায় গিয়েছেন। প্রত্যেকবারই ইস্তিনজার পর (নামাযের জন্য) অজু করেছেন। তার পেট খারাপ ছিল। যখন (দেখলেন) মৃত্যুর আখিরি মূর্ছা শুরু হচ্ছে (সাথীদের) বললেন, 'আমার ধনুকে রশি লাগিয়ে দাও'। সাথীরা ধুনুকে রশি লাগিয়ে দিল। তিনি ধনুক হাতে নিলেন। (আকাঙ্খা: দুনিয়া থেকে এভাবে বিদায় হন যেন,) দুশমনদের প্রতি তীর নিক্ষেপ করতে যাচ্ছেন। এভাবে ধনুক হাতে অবস্থায়ই তিনি মৃত্যুবরণ করেন। আল্লাহ তাআলা তার উপর রহম করুন। সম্মানজনক ঠিকানা দান করুন।"- আলবিদায়া ওয়াননিহায়া

১০/১৫৪

ইবনে আসাকির রহ. (৫৭১হি.) উক্ত ঘটনা বর্ণনা করে বলেন,

قال: فدفناه في بعض الجزائر في بلاد الروم. اهـ

“বর্ণনাকারী বলেন, এরপর আমরা তাকে রোম সাম্রাজ্যের একটি দ্বীপে দাফন করলাম।”- তারিখে দিমাশক ৬/৩৪৯

বর্তমান সুফি দুনিয়াকে ইবরাহীম ইবনু আদহাম রহ. এর সীরাতের সাথে তুলনা করলে কত বৈপরীত্বই না দেখতে পাবো:

- তিনি হালাল রিযিকের তালাশে নিজের পিতার রাজত্ব পর্যন্ত ছেড়ে দিয়েছেন, ক্ষেত খামারে দিনমজুরি করেছেন; পক্ষান্তরে আমাদের সুফি মহল সরকার, রাজনৈতিক নেতা-নেত্রী ও ধনাঢ্য ব্যক্তিবর্গ, যাদের অধিকাংশের অধিকাংশ মাল

সুনিশ্চিত হারাম, তাদের পকেটের দিকে তাকিয়ে থাকেন। হালাল হারামের কোন তোয়াক্কা না করে, যা আসে সবই গ্রহণ করে নেন।

- তিনি দুনিয়া খুব সামান্যই গ্রহণ করেছেন। ক্ষুধানিবারণের প্রয়োজনটুকুই শুধু গ্রহণ করেছেন; পক্ষান্তরে আমাদের সুফি মহলের ধন-ঐশ্বর্য্যের কোন শেষ নেই। একেক জন কলাগাছের মতো এমনই ফুলে উঠেছেন, যেন হস্তিপেট না হলে সুফিই হওয়া যায় না। বরং অবস্থা এমন ধারণ করেছে যে, ধন ভাণ্ডার আর আরাম আয়েশের লোভে এখন যে কেউ নিজেকে সুফি দাবি করে বসছে।

- আল্লাহ তাআলার দ্বীন বুলন্দ করার লক্ষ্যে খুরাসান থেকে হাজার হাজার মাইল দূরে সুদূর রোম সাম্রাজ্যের এক নির্জন সমূদ্র-দ্বীপে তিনি রিবাতে চলে গেছেন; পক্ষান্তরে আমাদের সুফি মহল আজ একেতো অপব্যাখ্যা করে শরীয়তের জিহাদের প্রকৃত রূপ বিকৃত করেছেন, দ্বিতীয়ত আল্লাহ তাআলার এই বিধানটিকে দুনিয়া থেকে বিলীন করে দেয়ার হীন উদ্দেশ্যে নিজেদের সর্বসামর্থ্য দিয়ে জিহাদের বিরোধীতা আর মুজাহিদদের সমালোচনা ও গালিগালাজ করে যাচ্ছেন

এবং তাদের নামে সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট অপবাদ আরোপ করে যাচ্ছেন। এরপরও তাদের লজ্জা হয় না যে, নিজেদেরকে ইবরাহীম ইবনু আদহামের অনুসারি দাবি করে?!

শেষে ইবরাহীম ইবনু আদহাম রহ. এর একটি স্বর্ণাক্ষরে লিখে রাখার মতো উক্তির উদ্ধৃতি দিয়ে শেষ করছি,

كل سلطان لا يكون عادلا فهو واللص بمنزلة واحدة، وكل عالم لا يكون ورعا فهو والذئب بمنزلة واحدة، وكل من خدم سوى الله فهو والكلب بمنزلة واحدة. اهـ

- "প্রত্যেক সুলতান যে আদেল-ন্যায়পরায়ণ না হবে, সে আর চোর একই কথা।

- প্রত্যেক আলেম যে পরহেযগার না হবে, সে আর হিংস্র বাঘ একই কথা।

- প্রত্যেক এমন ব্যক্তি যে আল্লাহ ভিন্ন অন্য কারো সেবক হবে, সে আর কুকুর একই কথা।"- আলবিদায়া ওয়াননিহায়া ১০/১৫১

***

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন: তিন. আব্দুল্লাহ ইবনু আউন রহ. (১৫১হি.)

হাসান বসরী রহ. ও ইবরাহীম ইবনু আদহাম রহ. এর মুজাহিদ শাগরেদ

আলহামদুলিল্লাহ! এতক্ষণ আমরা তাসাওউফ জগতের প্রথম সারির দু'জন শায়েখ নিয়ে আলোচনা করলাম। আমরা দেখলাম, তারা মুজাহিদ ছিলেন। এখন আমরা ইনশাআল্লাহ তাদের প্রত্যেকের দু'জন করে শাগরেদ নিয়ে আলোচনা করবো যারা মুজাহিদ ছিলেন। যাতে আমাদের সামনে স্পষ্ট হয়ে পড়ে যে, তাসাওউফ দুনিয়ায় যাদের দোহাই দিয়ে চলা হয়, তাদের বড় বড় মাশায়েখগণ নিজেরাই যে শুধু মুজাহিদ ছিলেন তাই নয়, তাদের সোহবতে যারা আসতো তারাও জিহাদি হয়ে যেত। যাতে এও স্পষ্ট হয়ে পড়ে যে, বর্তমান তাসাওউফের দাবিদার বহু শায়েখ, যাদের সংস্পর্শে আসলে পুরুষসুলভ গুণটিই নষ্ট হওয়ার উপক্রম হয় এবং জিহাদের প্রতি অনিহা সৃষ্টি হয়: তারা আর যা কিছুই হোক, অন্তত আইম্মায়ে আহলে সুন্নাহর ত্বরীকার উপর নেই।

হাসান বসরী রহ. এর দু'জন মুজাহিদ শাগরেদ: হাফেয আব্দুল্লাহ ইবনু আউন আলবাসরী রহ. (১৫১হি.) ও আর-রবি ইবনু সাবিহ আলবাসরী রহ. (১৬০হি.)।

ইবরাহীম ইবনু আদহাম রহ. এর দু'জন মুজাহিদ শাগরেদ: শাকিক আলবালখি রহ. (১৯৪হি.) ও আলী ইবনু বাক্কার আলবাসরী রহ. (২০৭হি.)।

***

তিন

হাফেয আব্দুল্লাহ ইবনু আউন আলবাসরী রহ. (১৫১হি.)

তিনি হাসান বসরী রহ. এর প্রথম সারির শাগরেদ। বসরার ইমাম। হাফিজুল হাদিস। নজীর বিহীন তাকওয়া-পরহেযগারির অধিকারী। বুখারি-মুসলিমসহ সুনানে

আরবাআর সকলেই নিজ নিজ সনদে তার থেকে হাদিস বর্ণনা করেছেন। **যাহাবি রহ. 'তাযকিরাতুল হুফফায' গ্রন্থে বলেন (১/১১৭-১১৮):**

ابن عون الإمام شيخ أهل البصرة ... الحافظ

حدث عن: سعيد بن جبير وأبي وائل وإبراهيم النخعي وعطاء ومجاهد والشعبي والحسن والقاسم بن محمد وخلق.

وعنه: حماد بن زيد وإسماعيل بن علية وإسحاق الأزرق ويزيد بن هارون وأبو عاصم الأنصاري ومسلم بن إبراهيم وخلق كثير.

قال عبد الرحمن بن مهدي: ما كان بالعراق أعلم بالسنة من بن عون. وقال قرة: كنا نعجب من ورع بن سيرين فأنساناه ابن عون. وقال شعبة: ما رأيت مثل أيوب وابن عون ويونس. وقال هشام بن حسان: لم تر عيناي مثل ابن عون. وقال ابن المبارك: ما رأيت أحدا أفضل من ابن عون. وقال شعبة: شك ابن عون أحب إلي من يقين غيره ... وقال ابن معين: ثقة في كل شيء. وقال بكار السيريني: كان ابن عون يصوم يوما ويفطر يوما وصحبته دهرا، وكان ... يختم كل أسبوع. اهـ

"ইমাম ইবনু আউন রহ. বসরার শায়েখ। ... হাফিজুল

হাদিস।

সাঈদ ইবনু যুবায়ের, আবু ওয়ায়িল, ইব্রাহিম নাখায়ি, আতা, মুজাহিদ, শা'বি, হাসান (বসরী) ও কাসিম ইবনু মুহাম্মাদসহ অসংখ্য মুহাদ্দিস থেকে হাদিস বর্ণনা করেছেন।

তার থেকে হাম্মাদ ইবনু যায়েদ, ইসামাঈল ইবনু উলাইয়া, ইসহাক আলআযরাক, ইয়াযিদ ইবনু হারুন, আবু আসিম আলআনসারি ও মুসলিম ইবনু ইব্রাহিমসহ অসংখ্য মুহাদ্দিস হাদিস রিওয়ায়াত করেছেন।

আব্দুর রহমান ইবনু মাহদি রহ. বলেন, 'ইরাকে ইবনে আউনের চেয়ে সুন্নাহয় বড় আলেম আর কেউ নেই'।

কুররা রহ. বলেন, 'আমরা ইবনে সিরিনের তাকওয়া-পরহেযগারিতে আশ্চর্যান্বিত হতাম। কিন্তু পরে ইবনে আউন (আপন পরহেযগারির সামনে) ইবনে সিরিনের পরহেযগারির কথা (আমাদেরকে) ভুলিয়েই দিলেন'। ...

হিশাম ইবনু হাসসান রহ. বলেন, 'আমার দু' চক্ষু ইবনে

আউনের মতো ব্যক্তি দ্বিতীয়টি দেখেনি’।

ইবনুল মুবারক রহ. বলেন, ‘ইবনে আউনের চেয়ে শ্রেষ্ঠ কোন ব্যক্তি আমি দেখিনি’।

শু’বা রহ. বলেন, ‘ইবনে আউনের সংশয়জনক রিওয়ায়াতও আমাদের কাছে অন্যদের ইয়াকিনের তুলনায় অধিক প্রিয়’।

ইবনে মায়ীন রহ. বলেন, ‘তিনি সকল বিষয়েই নির্ভরযোগ্য’।

বাক্কার আসসিরিনি রহ. বলেন, ‘ইবনে আউন একদিন পর পর রোযা রাখতেন। আমি দীর্ঘ যামানা তার সোহবতে ছিলাম। ... তিনি প্রতি সপ্তাহে কুরআনে কারীম এক খতম করতেন’।”

এরপর ইমাম যাহাবি রহ. বলেন (১/১১৮):

لابن عون جلالة عجيبة ووقع في النفوس؛ لأنه كان إماما في العلم رأسا في التأله والعبادة حافظا لأنفاسه. كبير الشأن. مات في رجب سنة إحدى وخمسين ومائة رحمه الله تعالى. اهـ

“ইবনে আউন রহ. এর আশ্চর্য রকমের জালালত ও জনপ্রিয়তা ছিল। কেননা, তিনি ছিলেন ইলমের জগতে ইমাম। ইবাদাত ও আল্লাহমুখীতায় সকলের অগ্রগামী। আপন শ্বাস-প্রশ্বাসেরও হিফাজতকারী ছিলেন। বড় শানদার ব্যক্তি ছিলেন। রজব, ১৫১হিজরিতে ইন্তেকাল করেন। রাহিমাহুল্লাহু তাআলা।”

অন্যত্র বলেন,

كان ابن عون عديم النظير في وقته، زهدا، وصلاحا. اهـ

“যুহদ ও বুযুর্গীতে আপন যামানায় ইবনে আউনের সমকক্ষ কেউ ছিল না।”- সিয়ারু আ’লামিন নুবালা ৬/৩৭৫

***

জিহাদের ময়দানে

ইলম ও আমলের ময়দানের এ শ্রেষ্ঠতম ব্যক্তিটি জিহাদের

ময়দানেও ছিলেন বাহাদুর। **তার দীর্ঘ দিনের শাগরেদ বাক্কার রহ. বলেন,**

وكان يغزو ويركب الخيل. بارز مرة علجا فقتله. اهـ

“তিনি জিহাদ করতেন এবং ঘোড়ায় সওয়ার হতেন। একবার এক মল্লযুদ্ধে এক (রুমান) বাহাদুরকে হত্যা করেছেন।”- তাযকিরাতুল হুফফাজ **১/১১৮**

বাক্কার রহ. আরো বলেন,

وكان - فيما حدثني بعض أصحابنا - لابن عون ناقة يغزو عليها، ويحج. اهـ

“ইবনে আউনের একটি উষ্ট্রী ছিল, যার উপর সওয়ার হয়ে তিনি জিহাদ ও হজ করতেন।”- সিয়ারু আ’লামিন নুবালা ৬/৩৭০

আরো বলেন,

وكان يغزو على ناقته إلى الشام، فإذا صار إلى الشام، ركب الخيل، وقد بارز روميا، فقتل الرومي. اهـ

“জিহাদে যাওয়ার সময় প্রথমে উষ্ট্রীটিতে চড়ে শাম যেতেন। শামে গিয়ে ঘোড়ায় চড়তেন। একবার এক রুমান সৈন্যের সাথে মল্লযুদ্ধে নেমেছিলেন। তিনি রুমান সৈন্যটিকে হত্যা করেছিলেন।”- সিয়ারু আ’লামিন নুবালা ৬/৩৭০

মল্লযুদ্ধের ঘটনাটি অন্য রেওয়াতে আরো চমৎকারভাবে এসেছে। ইমাম যাহাবি রহ. বর্ণনা করেন (সিয়ারু আ’লামিন নুবালা ৬/৩৬৮):

محمد بن عبد الله الأنصاري: حدثني مفضل بن لاحق، قال: كنا بأرض الروم، فخرج رومي يدعو إلى المبارزة، فخرج إليه رجل فقتله، ثم دخل في الناس، فجعلت ألوذ به لأعرفه، وعليه المغفر. فوضع المغفر يمسح وجهه، فإذا ابن عون!. اهـ

“মুহাম্মাদ ইবনু আব্দুল্লাহ আলআনসারি বলেন, আমাদের কাছে মুফাজজাল ইবনু লাহিক্ব বর্ণনা করেছেন, ‘আমরা একবার রোম সাম্রাজ্যে (জিহাদে) ছিলাম। তখন এক রুমান সৈন্য বেরিয়ে এল। সে মল্লযুদ্ধের জন্য ডাকাডাকি করতে লাগলো। তার ডাকে সাড়া দিয়ে (আমাদের) এক ব্যক্তি বের হলেন। তিনি সৈন্যটিকে হত্যা করে এসে লোকদের মাঝে ঢুকে পড়লেন। আমি তাকে চেনার জন্য তার পিছু নিলাম।

তার মাথায় তখন শিরস্ত্রাণ পরা ছিল। তিনি মুখ মুছতে মুছতে শিরস্ত্রাণটি খুললেন। আশ্চর্য! তাকিয়ে দেখি তিনি ইবনে আউন।”

এই ছিল সালাফদের অবস্থা। তারা ইলম ও আমলের ময়দানে যেমন ছিলেন অতুলনীয়, জিহাদের ময়দানেও ছিলেন বীর সেনানি।

***

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন: চার-পাঁচ

চার

আর-রবি ইবনু সাবিহ আলবাসরী রহ. (১৬০হি.)

বসরার বিশিষ্ট আবেদ ও যাহেদ। হাসান বসরী রহ. এর শাগরেদ। এছাড়াও মুহাম্মাদ ইবনু সিরিন, আতা ইবনু আবি রাবাহ, সাবিত বুনানি প্রমুখ থেকে হাদিস বর্ণনা করেছেন।

ওয়াকি ইবনুল জাররাহ, আব্দুর রহমান ইবনু মাহদি, আবু দাউদ তায়ালিসি, সুফিয়ান সাউরি, আব্দুল্লাহ ইবনুল মুবারক প্রমুখ তার থেকে হাদিস বর্ণনা করেছেন।

ইয়াহইয়া ইবনু মায়ীন ও আহমাদ ইবনু হাম্বলসহ অনেকে তাকে ছিকাহ তথা হাদিসে নির্ভরযোগ্য বলেছেন।

আমীরুল মু'মিনীন মাহদির আমলে হিন্দুস্তানে জিহাদ করতে এসে তিনি মারা যান। বিজয়ের পর বাহিনি যখন ফিরে যাচ্ছিল, তখন বিশেষ এক রোগ দেখা দেয়। তাতে আক্রান্ত হয়ে রবি রহ. সহ এক হাজার মুজাহিদ মারা যান। তাছাড়া জাহাজ ডুবিতেও অনেকে মারা যান। আল্লাহ তাআলা তাদের উপর রহম করুন। তাদেরই কুরবানির উসিলায় আজ আমরা ঈমানদার। **১৬০ হিজরির আলোচনায় ইমাম যাহাবি রহ. বলেন,**

وفيها افتتح المسلمون وعليهم عبد الملك المسمعي مدينة كبيرة بالهند ... وتُوفي في غزوة الهند في الرجعة بالبحر الربيع بن صبيح البصري صاحب الحسن. اهـ

“আব্দুল মালিক আলমিসমায়িির নেতৃত্বে এ বছর মুসলমানগণ হিন্দুস্তানের বিশাল একটি এলাকা বিজয় করেন। ... এ গাযওয়াতুল হিন্দে সমূদ্রপথে ফেরার সময় হাসান বসরী রহ. এর শাগরেদ রবি ইবনু সাবিহ রহ. মৃত্যুবরণ করেন।”- আলইবার ১/১৭৯

***

পাঁচ

শাকিক আলবালখি রহ. (১৯৪হি.)

ইব্রাহিম ইবনু আদহাম রহ. এর মুরীদ। তাসাউফ জগতে অতি পরিচিত ব্যক্তি। প্রথমে আবু হানিফা রহ. এর সান্নিধ্য গ্রহণ করেন। তার ওফাতের পর যুফার রহ. এর শিষ্যত্ব গ্রহণ করেন। উভয়ের কাছ থেকে ইলমে ফিকহ শিখেন। আবু ইউসুফ রহ. থেকেও ফিকহ শিখার সুযোগ হয়েছে।

তিনি এক দিকে যেমন ছিলেন দুনিয়া বিমুখ যাহেদ

ইবাদতগুজার, অন্যদিকে ছিলেন অনন্য সাধারণ মুজাহিদ।

ইমাম যাহাবি রহ. বলেন,

وقد جاء عن شقيق مع تألهه وزهده، أنه كان من رؤوس الغزاة.
وروى: محمد بن عمران، عن حاتم الأصم، قال: كنا مع شقيق ونحن مصافو العدو الترك، في يوم لا أرى إلا رؤوسا تندر ، وسيوفا تقطع، ورماحا تقصف، فقال لي: كيف ترى نفسك، هي مثل ليلة عرسك؟ قلت: لا والله. قال: لكني أرى نفسي كذلك. اهـ

“শাকিক রহ. এর ব্যাপারে জানা যায় যে, আবেদ ও যাহেদ হওয়ার পাশাপাশি তিনি শীর্ষস্থানীয় মুজাহিদ ছিলেন। মুহাম্মাদ ইবনু ইমরান, হাতিম আলআছাম্ম থেকে বর্ণনা করেন, একবার তুর্কি দুশমনদের বিরুদ্ধে যুদ্ধে শাকিকের সাথে আমরা কাতারবন্দী দণ্ডায়মান ছিলাম। সেদিন এমনই এক ভয়াবহ দিন ছিল যে, শুধু দেখছি- দেহ থেকে মাথা বিচ্ছিন্ন হচ্ছে। তরবারি ভেঙে খানখান হচ্ছে। বৃষ্টির মতো তীর-বর্শা নিক্ষিপ্ত হচ্ছে। এমন সময় তিনি আমাকে জিজ্ঞেস করলেন, ‘নিজেকে কেমন অনুভব করছো? বাসর রাতের মতো মনে হচ্ছে কি’? আমি উত্তর দিলাম, ‘না তো’। তিনি বললেন, তবে আমার কিন্তু এমনই অনুভব হচ্ছে।”- সিয়ারু আ’লামিন নুবালা ৮/৭১

এ মর্দে মুজাহিদ অবশেষে ১৯৪ হিজরিতে মা-ওয়ারাউন নাহরে এক যুদ্ধে শহীদ হন। **আব্দুল কাদির আলকুরাশি রহ. (৭৭৫হি.) বলেন,**

مات قتيلا شهيدا فى غزوة كولار سنة أربع وتسعين ومائة رحمه الله تعالى. اهـ

"১৯৪ হিজরিতে কুলার যুদ্ধে তিনি শহীদ হন। আল্লাহ তাআলা তার উপর রহম করুন।"- আলজাওয়াহিরুল মুজিয়্যাহ ফি তাবাকাতিল হানাফিয়্যাহ ২৫৮

***

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন: ছয়. আলী ইবনু বাক্কার (২০৭হি.)

ছয়

আলী ইবনু বাক্কার আবুল হাসান আলবাসরী রহ. (২০৭হি.)

আলী ইবনু বাক্কার

রিবাত-ই শান তার

পাহারায় পাহাড়

রণাঙ্গণে বারবার

জিহাদই প্রাণ তার

আবু নুআইম ইস্পাহানি রহ. (৪৩০হি.) ‘হিলইয়াতুল আওলিয়া’ গ্রন্থে (৯/৩১৭) তার আলোচনা এভাবেই শুরু করেছেন। (1)

তিনিও ইবরাহীম ইবনু আদহাম রহ. এর মুরীদ। বিশিষ্ট যাহেদ। ময়দানের বীর সেনানী। ইমাম যাহাবি রহ. বলেন,

الإمام، الرباني، العابد، أبو الحسن البصري، الزاهد، نزيل المصيصة، ومريد إبراهيم بن أدهم ... قال يوسف بن مسلم: بكى علي بن بكار حتى عمي، وكان قد أثرت الدموع في خديه. قلت: وكان فارسا، مرابطا، مجاهدا، كثير الغزو، فروي عنه أنه قال: واقعنا العدو، فانهزم المسلمون، وقصر بي فرسي، فقلت: إنا لله وإنا إليه راجعون. فقال الفرس: نعم، إنا لله وإنا إليه راجعون، حيث تتكل على فلانة في علفي، فضمنت أن لا يليه غيري. اهـ

“আবুল হাসান আলবাসরী। ইমামে রব্বানী। আবেদ। যাহেদ। (রিবাতের জন্য) মিসসিসিয়্যাতে এসে বসবাস করেন। ইবরাহীম ইবনু আদহামের মুরীদ। ...

ইউসুফ ইবনু মুসলিম বলেন, ‘আলী ইবনু বাক্কার রহ. এতে বেশি কাঁদতেন যে, কাঁদতে কাঁদতে শেষে অন্ধ হয়ে গিয়েছিলেন। চোখের পানিতে উভয় গালে দাগ পড়ে গিয়েছিল’।

আমি বলি (অর্থাৎ যাহাবি রহ. বলেন), তিনি বিশিষ্ট ঘোড়সওয়ারও ছিলেন। মুরাবিত ও মুজাহিদ ছিলেন। অনেক বেশি জিহাদ করতেন। তার থেকে একটি (আশ্চর্য) ঘটনা বর্ণিত আছে। তিনি বলেন, একবার আমরা শত্রুর উপর হামলা করলাম। কিন্তু মুসলিম বাহিনি পশ্চাদপসরণ করল। আমার ঘোড়া আমাকে নিয়ে দ্রুত দৌড়াতে পারছিল না। আমি বলে উঠলাম, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন! তখন ঘোড়াও বলে উঠল, হ্যাঁ; এখন তো ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন- ই পড়তে হবে। আমার দানা-পানির দায়িত্ব যখন অমুক মহিলার হাতে সোপর্দ করে আপনি নিশ্চিন্ত হয়ে বসে ছিলেন, তখন তো এমনটাই হবে। তখন থেকে ঠিক

করলাম, এ দায়িত্ব আমি নিজেই পালন করবো, অন্য কারো হাতে ছাড়বো না।”- সিয়ারু আ’লামিন নুবালা ৮/২৩৪

***

প্রিয় পাঠক! যেহেতু একজন সুফি সাহেবের বিভ্রান্তিকর বয়ানের প্রেক্ষিতে আলোচনা শুরু হয়েছিল, তাই প্রথমে বিখ্যাত কয়েকজন যাহেদের আলোচনা আনলাম। সামনের পর্ব থেকে ইনশাআল্লাহ প্রসিদ্ধ উলামায়ে কেরামের আলোচনা আনবো।

***

---

1. المرابط الصبار المجاهد الكرار علي بن بكار - رحمه الله تعالى. سكن المصيصة مرابطا، صحب إبراهيم بن أدهم وأبا إسحاق الفزاري. اهـ

জিহাদি কাফেলায় আইম্মায়ে দ্বীন: সাত. কাজি আসাদ ইবনুল ফুরাত রহ. (২১৩হি.)

সাত

কাজি আসাদ ইবনুল ফুরাত (২১৩হি.)

তিনি ইমাম মালেক, আবু ইউসুফ ও মুহাম্মাদ রাহিমাহুমুল্লাহ-সকলের শাগরেদ। ইমাম মালেক থেকে মুআত্তা রিওআয়াত করেছেন। আবু ইউসুফ ও মুহাম্মাদ রাহিমাহুমাল্লাহর কাছে ফিকহ শিখেছেন। **'আলআসাদিয়া'** কিতাবের জন্য তিনি প্রসিদ্ধ। আবু ইউসুফ রহ. উস্তাদ হয়েও তার থেকে মুআত্তা মালেক রিওয়াত করেছেন।

তিনি বংশীয়ভাবে খুরাসানের নিশাপুরের মানুষ। তবে তার পিতার সাথে আফ্রিকার মাগরিবে কায়রাওয়ান শহরে চলে যান। তার পিতা সেনাবাহিনির উচ্চ পদস্থ সৈনিক ছিলেন। ইলম তলবের জন্য তিনি আবার মাশরিকে আসেন। মদীনায় ইমাম মালেক রহ. এর কাছে হাদিস পড়েন। ইরাকে গিয়ে আবু ইউসুফ রহ. ও মুহাম্মাদ রহ. এর কাছে ফিকহ শিখেন। ইরাকে থাকাবস্থায়ই ইমাম মালেক রহ. এর ইন্তেকাল হয়ে

যায়।

ইরাকে আবু হানিফা রহ. এর মাযহাব শিখে তিনি মিশরে চলে যান। সেখানে ইমাম মালেক রহ. এর বড় বড় দু'জন শাগরেদ বিদ্যমান ছিলেন: আব্দুল্লাহ ইবনু ওয়াহব ও আব্দুর রহমান ইবনুল কাসিম। প্রথমে তিনি ইবনু ওয়াহব রহ. এর কাছে গিয়ে আবু হানিফা রহ. এর মাসআলাসমূহ পেশ করেন। আবেদন করেন, এর বিপরীতে প্রতিটি মাসআলায় ইমাম মালেকের কি অভিমত তা তুলে ধরতে। কিন্তু ইবনু ওয়াহব রহ. হিম্মত করেননি। তিনি ইবনুল কাসিম রহ. এর কাছে চলে যান। ইবনুল কাসিম রহ. প্রতিটি মাসআলায় ইমাম মালেক রহ. এর অভিমত তুলে ধরেন। যেখানে ইমাম মালেকের স্পষ্ট কোন বক্তব্য নেই, সেখানে তার অন্যান্য বক্তব্যের আলোকে সমাধান কি হতে পারে তা বলে দেন। আসাদ রহ. এসব মাসআলা সংকলন করে মাগরিবে চলে যান। তার সংকলিত এ কিতাবগুলো **'আলআসাদিয়া'** নামে প্রসিদ্ধ।

কাজি ইয়াজ রহ. (৫৪৪ হি.) বলেন,

قال سلمان بن عمران: ... بسبب أسد ظهر العلم بإفريقية. قال غيره. كان أسد أعلم العراقيين بالقيروان كافة. ومذهبه السنة لا يعرف غيرها. اهـ

"সুলাইমান ইবনু ইমরান রহ. বলেন, আসাদ রহ. এর মাধ্যমেই আফ্রিকায় ইলমের প্রচার-প্রসার হয়েছে। অন্য একজন বলেন, ইরাক থেকে ইলম অর্জনকারীদের মধ্যে কায়রাওয়ান শহরে আসাদ রহ.- ই ছিলেন সবচেয়ে বড় আলেম। তার মাযহাব সম্পূর্ণ সুন্নাহর উপর প্রতিষ্ঠিত। এতদ্ব্যতীত (বিদআতি) কিছেই তিনি জানেন না।"- তারতিবুল মাদারিক ৩/৩০২

আরো বলেন,

قال عمران بن أبي محرز: جاءنا موت أسد فاستعظمه أبي، وقال: اليوم مات العلم. اهـ

"ইমরান ইবনু আবু মুহরিয রহ. বলেন, আমাদের কাছে আসাদ রহ. এর মৃত্যুর খবর আসলো। আমার পিতার কাছে

তার মৃত্যু অতিশয় দুঃখের বিষয় মনে হল। বললেন, আজ ইলমের মৃত্যু ঘটে গেছে।”- তারতিবুল মাদারিক ৩/৩০২

বীরত্ব

যাহাবি রহ. বলেন,

وكان مع توسعه في العلم فارسا، بطلا، شجاعا، مقداما. اهـ

“প্রভূত ইলমের অধিকারী হওয়ার পাশাপাশি তিনি ছিলেন একজন দক্ষ ঘোড়সওয়ার। বাহাদুর। সাহসী বীর। ময়দানের অগ্রসৈনিক।”- সিয়ারু আ’লামিন নুবালা ৮/৩৫১

জিহাদ ও শাহাদাত

মাগরিরেবর গভর্নর যিয়াদাতুল্লাহ আলআগলাবি প্রথমে ২০৩/২০৪ হিজরিতে তাকে কায়রাওয়ানের কাজি নিয়োগ দেন। তিনি কাজি হিসেবেই বহাল ছিলেন। ২১২ হিজরিতে তিনি তাকে দশ হাজার সৈন্যের আমীর বানিয়ে সিকিল্লিয়া দ্বীপ বিজয়ের জন্য পাঠান। তখন তিনি একাধারে বাহিনির আমীর ও কাজি ছিলেন। সিকিল্লিয়ার সম্রাট দেড় লাখ সৈন্য নিয়ে তার মোকাবেলায় আসে। তিনি তাদের পরাজিত

করেন। পরে গিয়ে সারাকুসা অবরোধ করেন। এ অবরোধকালে তিনি মারা যান। আঘাতে আঘাতে গোটা শরীর ক্ষত-বিক্ষত হয়ে গিয়েছিল। এ জখমেই তিনি শহীদ হন। রাহিমাহুল্লাহ। কাজি ইয়াজ রহ. (৫৪৪ হি.) বলেন,

- কাশ্মীরে কারা জিহাদ করছে তা জানা নেই। আর হাদিসে এসেছে, ومن قاتل تحت راية عمية يغضب لعصبة أو يدعو إلى عصبة أو ينصر عصبة فقتل فقتلة جاهلية "যে ব্যক্তি এমন ঝাণ্ডা তলে যুদ্ধ করে যা হক না বাতিল জানা নেই, যে তার আপন গোত্রের স্বার্থে ক্রোধান্বিত হয় কিংবা গোত্রের দিকে আহবান করে বা অন্যায়ভাবে গোত্রের সহায়তা করে আর এভাবেই মারা যায়, তাহলে সে জাহিলী মরা মরল।"- মুসলিম: ৪৮৯২

এছাড়াও আরও অনেক কিছু বলেছেন। সংক্ষেপে একটু গুছিয়ে বলতে গেলে এভাবে বলা যায়-

[কোন মুসলিম ভূখণ্ডে কাফেররা আগ্রাসন চালালে প্রথমত যাদের উপর আক্রমণ হয়েছে মোবাবেলা করা তাদের উপর ফরযে আইন- যদি মোকাবেলার সামর্থ্য তাদের থাকে। মোকাবেলার সামর্থ্য না থাকলে ফরয নয়। তখন হয়তো হিজরত করবে, নয়তো সবর করবে (তথা মার খেতে থাকবে)। আর সামর্থ্যের মাপকাটি হল, কাফেরদের সংখ্যা

মুসলমানদের ডবলের চেয়ে বেশি না হওয়া।

আক্রান্ত মুসলমানরা যদি জিহাদে না দাঁড়ায়, তাহলে তাদেরকে সাহায্য করা এবং তাদের হয়ে জিহাদ করা বাহিরের মুসলামনদের দায়িত্ব নয়। বাহিরের মুসলমানদের উপর তখনই জিহাদ ফরয হবে, যখন আক্রান্তরা কোনো অভিজ্ঞ ব্যক্তি তথা আমীরের অধীনে মোকাবেলায় দাঁড়াবে। যখন তারা আমীরের অধীনে দাঁড়াবে এবং মোকাবেলা করতে অক্ষম হয়ে পড়বে তখনই কেবল বাহিরের মুসলমানদের উপর ফরয হবে, অন্যথায় নয়।

যদি তারা কোনো অভিজ্ঞ ব্যক্তি তথা আমীরের অধীনে মোকাবেলায় দাঁড়ায় কিন্তু মোকাবেলা করতে সক্ষম না হয়, তাহলে পার্শ্ববর্তী মুসলমান রাষ্ট্রের সকলের উপর জিহাদ ফরয হবে না, কেবল সেনাবাহিনির উপর ফরয হবে। সাধারণ জনগণের উপর ফরয হবে না। তবে সেনাবাহিনি যদি সাধারণ জনগণকে যেতে বলে তাহলে যাবে এবং সেনাবাহিনি তাদের ট্রেনিংয়ের ব্যবস্থা করবে।

পার্শ্ববর্তীরা যদি জিহাদে যায় এবং তারাও মোকাবেলা করতে অক্ষম হয়ে পড়ে, তাহলে দূরবর্তীদের উপর জিহাদ ফরয। পার্শ্ববর্তী দেশের মুসলমানরা যদি জিহাদে না যায়, তাহলে দূরবর্তী দেশগুলোর মুসলমানদের উপর জিহাদ ফরয নয়। (শায়খ যদিও কথাটি এত পরিষ্কার করে বলেননি, তবে বয়ান থেকে কথাটি স্পষ্ট।)

তবে সেনাবাহিনি হোক, সাধারণ মুসলমান হোক, পার্শ্ববর্তী হোক বা দূরবর্তী হোক: তাদের জন্য তখনই জিহাদে যাওয়া জায়েয হবে, যখন রাষ্ট্র প্রধান অনুমতি দেবে। রাষ্ট্র প্রধান অনুমতি না দিলে জিহাদে যাওয়া হারাম।]

এককথায়, সব বিভ্রান্তির গোঁড়া হল, ইমাম। শায়খের মতে জিহাদ ফরয হওয়ার জন্য ইমাম, ইমামের আহ্বান ও অনুমতি লাগবে। যারা আক্রান্ত হয়েছে, তাদেরও একজন ইমাম লাগবে; আর বাহিরের মুসলমান যারা জিহাদে যেতে

চাচ্ছে তাদেরও তাদের ইমাম তথা রাষ্ট্র প্রধানের অনুমতি লাগবে। অবশ্য তিনি এতটুকু ব্যবধান করেছেন যে, যারা বাহিরের তাদের জন্য তো নিয়মতান্ত্রিক রাষ্ট্র ও রাষ্ট্র প্রধান লাগবে; কিন্তু যারা আক্রান্ত হয়েছে তাদের জন্য এমন রাষ্ট্র প্রধান লাগবে না। অন্তত জিহাদে অভিজ্ঞ এমন কোন ব্যক্তির অধীনে জিহাদে দাঁড়াতে হবে। যদি তারা জিহাদে দাঁড়ায় তাহলেই কেবল বাহিরের মুসলমানদের জন্য এখানে এসে জিহাদ করা জায়েয হবে, অন্যথায় যদি তারা শুধু মারই খেতে থাকে, অভিজ্ঞ কোন ব্যক্তির অধীনে জিহাদে না দাঁড়ায়, তাহলে বাহিরের মুসলমানদের জন্য তাদেরকে রক্ষা করতে এগিয়ে আসা জায়েয নয়, হারাম। কারণ, যারা আক্রান্ত হয়েছে তাদের কোন ইমাম নেই।

দ্বিতীয়ত যদি তারা কোন আমীরের নেতৃত্বে দাঁড়ায়ও এবং অক্ষম হয়ে মারও খেতে থাকে, তথাপি বাহিরের মুসলমানদের জন্য তাদের সাহায্যার্থে এগিয়ে আসা ততক্ষণ পর্যন্ত হারাম, যতক্ষণ না তাদের রাষ্ট্র প্রধান তাদেরকে

অনুমতি দেয়।

এর দলীল তিনি দিয়েছেন নিচের হাদিসটি দিয়ে-

إنما الإمام جنة يقاتل من ورائه ويتقى به

“ইমাম হচ্ছেন ঢালস্বরূপ। তার পেছনে থেকে যুদ্ধ করা হবে এবং তার দ্বারা আত্মরক্ষা করা হবে।”- বুখারি ২৭৯৭, মুসলিম ১৮৪১

অতএব, যাদের উপর আক্রমণ হয়েছে তাদেরও একজন ইমাম লাগবে, আর বাহিরের মুসলমান যারা যাবে, তাদেরও ইমামের অনুমতি লাগবে। এ হাদিসের আলোচনা আমরা সামনে করবো ইনশাআল্লাহ।

উল্লেখ্য, শায়খ বলেছেন, যাদের উপর আক্রমণ হয়েছে তাদের উপর জিহাদ তখনই ফরয হবে, যখন শত্রু প্রতিহত করার কুদরত তাদের থাকবে। এর মাপকাটি তিনি

বুঝাচ্ছেন, শত্রু সংখ্যা মুসলমানদের দ্বিগুণের বেশি না হওয়া। দ্বিগুণের বেশি হলে কুদরত নেই ধরা হবে। তখন আর ফরয থাকবে না। ধরলাম ফরয নয়, তাহলে অন্তত প্রতিরোধ করা জায়েয হবে কি'না? এ ব্যাপারে তিনি স্পষ্ট কিছু না বললেও যতটুকু বুঝা যায়, তার মতে এমতাবস্থায় প্রতিরোধ করা হারাম হবে। কেননা, এটা 'ইলক্বাউন নাফস ইলাততাহলুকা' তথা আত্মহত্যার শামিল। শায়খের আরেকটা কথা থেকে এমনটা বুঝা যায়। তাহ হল, শায়খ যখন বলেছিল, রাষ্ট্র প্রধানের অনুমতি না হলে জিহাদে যাওয়া হারাম, তখন একজন সূরা নিসার নিম্নোক্ত আয়াত দিয়ে এর আপত্তি করেছিল-

﴿وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا﴾

"তোমাদের কী হলো! তোমরা কিতাল করছো না আল্লাহর রাস্তায় এবং অসহায় নর-নারী ও শিশুদের জন্য? যারা বলে, 'হে আমাদের রব! আমাদেরকে বের করে নিন এ জনপদ থেকে, যার অধিবাসীরা যালিম। আমাদের জন্য আপনার পক্ষ থেকে কোনো অভিভাবক নির্ধারণ করে দিন এবং নিযুক্ত

করে দিন আপনার পক্ষ থেকে কোনো সাহায্যকারী।”- নিসা ৭৫

আপত্তি করেছিল যে, এ আয়াতে তো রাষ্ট্র প্রধানের অনুমতি লাগবে বলা হয়নি। তখন তিনি আজগুবি একটা জওয়াব দিয়েছেন। সাথে এও বলেছেন, দুর্বলদেরকে তো একথা বলা হয়নি যে, তোমরা জিহাদ শুরু কর। তাদেরকে সবর করতে বলা হয়েছে।

শায়খের এ কথা এবং আগের কথা মিলালে বুঝা যাচ্ছে যে, তিনি বুঝাচ্ছেন, দুর্বলদের জন্য জিহাদ করা হারাম। এটা আত্মহত্যার নামান্তর। এছাড়াও আরো বিভিন্ন যুক্তি দিয়ে তিনি বিষয়টি বুঝানোর পায়তারা করেছেন। যদি এমনটাই হয়, তাহলে শায়খের এ দাবি নির্জলা মিথ্যা। কারণ, আয়াতে তো এ কথা বলা হয়নি যে, ‘তোমরা মার খেয়ে যাও, তবুও জিহাদ শুরু করবে না। তোমরা দুর্বল। জিহাদ শুরু করা তোমাদের জন্য হারাম হবে’। বেশির চেয়ে বেশি একথা বলা

যায়, দুর্বলদের জন্য জিহাদ ফরযে আইন করা হয়নি। তাই না করার অনুমতি আছে। কিন্তু করলে হারাম হবে একথা তো বলা হয়নি। বরং করাটাই প্রশংসনীয়। মার খেয়ে খেয়ে ধুকে ধুকে মরার চেয়ে, ইজ্জত-আব্রু হারিয়ে মরার চেয়ে যুদ্ধ করে মরে যাওয়া প্রশংসনীয়। এ ব্যাপারে ইনশাআল্লাহ আমরা সামনে আলোচনা করবো।

অধিকন্তু দুর্বলদের জন্য জিহাদ না করে থাকার অনুমতি আছে কথাটা ঢালাওভাবে সহীহ নয়। কাফেররা আপনাকে, আপনার সামনে আপনার ছেলে-মেয়ে, মা-বাপা ও ভাই-বোনকে নির্যাতন ও হত্যা করছে আর আপনি শুধু তাকিয়ে তাকিয়ে দেখবেন? কিছুই করবেন না? এটার অনুমতি শরীয়ত দেয় না। সামর্থ্যে যতটুকু আছে আপনাকে করতে হবে। বসে বসে মার খেয়ে খেয়ে, নিজের ইজ্জত-আব্রু হারিয়ে মরার অনুমতি শরীয়ত দেয় না। সামনে ইনশাআল্লাহ এর আলোচনা করবো।

আর শায়খ শত্রু সংখ্যা দ্বিগুণের বেশি হলেই যে জিহাদ ফরয নয় বলেছেন, সেটা মূলত তার অজ্ঞতার ফল। আহযাবের যুদ্ধে যখন কুরাইশরা আরবের বড় বড় কয়েকটি কাফের গোত্র এবং মদীনার ইয়াহুদিদের সমন্বয়ে বহুজাতিক বাহিনি গঠন করে মদীনা অবরোধ করেছিলে, তখন কি কাফেরদের সংখ্যা মুসলমানদের দ্বিগুণের চেয়েও বেশি ছিল না? তখন কি জিহাদ ফরযে আইন ছিল না? না'কি হারাম ছিল? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাদের নিয়ে যে প্রতিরোধ করেছেন তা কি হারাম করেছেন? শায়খ আপনি কি বলছেন? আপনার মাথা ঠিক আছে তো? আমার মনে হয় শায়খ কি যে বলেন তা চিন্তা করেন না। মুখে যা আসে বলে দেন। এজন্য শায়খের আগে পিছে কথার মধ্যে অনেক গড়মিল দেখা যায়। ২০ মিনিটের দু'টো বয়ানে মধ্যেও শায়খের অনেক গড়মিল আছে। বরং বলতে গেলে শায়খের প্রতিটি কথাতেই একেকটি মহা বিভ্রান্তি লুকায়িত। সব আলোচনা করতে গেলে বিশাল কিতাব লিখতে হবে। আলোচনা সংক্ষেপ করতে চাচ্ছি।

***

তাহলে এখন মুসলমানদের করণীয় কি? বাইরের মুসলামানদের করণীয় বলেছেন, দোয়া করা এবং যাদেরকে বললে কাজ হবে তাদেরকে বলা। এর বাইরে কোন কাজ নেই। এমনকি কাশ্মীরিদের দাবিতে মিছিলও করতে তিনি নিষেধ করেছেন।

দোয়ার বিষয়টা মেনে নিলাম। মুসলমানের বিপদে অন্য মুসলমান দোয়া করবে এটাই তো ভ্রাতৃত্বের দাবি। এতে আপত্তি নেই। আপত্তি হলো, দোয়া ছাড়া আর কিছু করণীয় আছে কি'না- সেটা নিয়ে।

তিনি দোয়া ছাড়া আর করণীয় বলেছেন, **'যাদেরকে বললে কাজ হবে তাদেরকে বলা'।** এর দ্বারা তিনি মুসলিম রাষ্ট্রগুলোর তাগুত শাসকগোষ্ঠী, অন্যান্য কাফের রাষ্ট্রের শাসকদের বুঝিয়েছেন। জাতিসংঘকেও হয়তো বুঝিয়ে থাকবেন। কিন্তু তাদের কাছে যদি বলা না যায় (বিশেষত যখন তিনি মিছিল করতেও নিষেধ করেছেন তখন বলার আর কি সূরত বাকি রইল? আর শাসকগোষ্ঠীর কাছে দাবি

নিয়ে পৌঁছা যে মোটামুটি অসম্ভব আশাকরি বর্তমানে কারো কাছে অস্পষ্ট নয়; আর পৌঁছতে পারলেও তাতে সমূহ বিপদের আশঙ্কা); কিংবা বলার পর যদি তারা কোন কার্যকরি পদক্ষেপ গ্রহণ না করে তাহলে কি করণীয় তা তিনি বলেননি। তবে তিনি এতটুকু বলেছেন, বাংলাদেশ সরকার যদি ভারতের পক্ষ হয়ে কাশ্মীরিদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়, তাহলে ভারতের পক্ষে যোগ দেয়া আমাদের জন্য জায়েয হবে না। সাথে এ কথাও বলেছেন যে, বাংলাদেশ সরকার ভারতকে সমর্থন করে যাচ্ছে। **তবে আরো কিছু প্রশ্ন তিনি এড়িয়ে গেছেন, যেগুলো বর্তমান পরিস্থিতিতে আরো গুরুত্বপূর্ণ ছিল। যেমন,**

- সরকার যখন কুফরের পক্ষ নিয়ে ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে তখন সরকারের কি বিধান? সে মুসলমান থাকবে কি'না বা তার আনুগত্য জরুরী কি'না বা সে আমীরুল মু'মিনীন হিসেবে বহাল থাকবে কি'না (যেমনটা তারা বর্তমানে সরকারকে আমীরুল মু'মিনীন মনে করে থাকে এবং তার আনুগত্য ফরয বলে থাকে)?

- সরকার যদি নিজেও কোন পদক্ষেপ গ্রহণ না করে এবং

জিহাদেরও অনুমতি না দেয় তখন মুসলমানদের কি করণীয়?

- সরকার যদি ভারতের পক্ষে যোগ দেয়, তাহলে এদেশের মুসলমানদের কি করণীয়?

এসব প্রশ্ন তিনি এড়িয়ে গেছেন।

***

ফতোয়ার নাতিজা-ফলাফল

শায়খের ফতোয়া অনুযায়ী ফলাফল কি দাঁড়াচ্ছে একটু লক্ষ করি:

শায়খ বলেছেন, কাশ্মীরে যে পরিমাণ হিন্দু সৈন্য আছে এবং তাদের যে পরিমাণ অস্ত্রশস্ত্র আছে, তার সামনে কাশ্মীর মুসলমানদের দাঁড়ানোর সামর্থ্য নেই। এমনকি এও বলেছেন, বাংলাদেশের অর্ধেক মানুষ কাশ্মীরে চলে গেলেও কিছু করতে পারবে না। এতই যখন দুর্বল, তখন কাশ্মীরিদের জন্য জিহাদে দাঁড়ানো আত্মহত্যার শামিল। শায়েখের ফতোয়া

অনুযায়ী (যদি আমি শায়খের কথা সঠিক বুঝে থাকি) কাশ্মীরিদের জন্য জিহাদে দাঁড়ানো হারাম। কিংবা অন্তত ফরয নয়। আর শায়খ বলেছেন, কাশ্মিরিরা জিহাদে দাঁড়ায়নি। মোটকথা দাঁড়ানো হারামই হোক কিন্তু এমনটাই হয়ে থাকুক যে, তারা দাঁড়ায়নি- সর্বাবস্থায় বহির্বিশ্বের মুসলমানদের জন্য কাশ্মিরে যাওয়া হারাম। কারণ, এক দিকে তারা নিজেরা যখন দাঁড়ায়নি (যদিও শায়খের এ বক্তব্য সঠিক নয়, বরং কাশ্মিরিরা টুকটাক হলেও জিহাদ করে যাচ্ছে) তখন শায়খের দরবারি ফতোয়া অনুযায়ী তাদেরকে সাহায্য করা বাকি মুসলমানদের দায়িত্ব নয়। অধিকন্তু পাকিস্তান যেহেতু এগিয়ে যায়নি, তাই আমাদের কোন দায়িত্ব নেই। সর্বোপরি রাষ্ট্রপ্রধানের যেহেতু অনুমতি হয়নি, তাই বাহিরের মুসলমানদের জন্য কাশ্মিরে সহায়তা করতে যাওয়া হারাম। অতএব, এখন যদি গোটা কাশ্মীরকে মৃত্যুপুরীও বানানো হয়; কাশ্মীরের নারী, শিশু, যুবক, বৃদ্ধ সকলকেও যদি ধরে ধরে যবাই করা হয় বা বোম্বিং করে উড়িয়ে দেয়া হয়; যদি মা-বোনদের আহাজারিতে আকাশ বাতাস প্রকম্পিতও হয়, যদি তাদের প্রতি দরদে হৃদয় ফেঁটে টুকরো টুকরোও হয়ে যায়, তথাপি আমাদের জন্য এবং বিশ্বের সকল মুসলমানের জন্য জিহাদে যাওয়া হরাম! হারাম! হারাম!

কাঁদতে পারবেন, দোয়া করতে পারবেন, জিহাদ করতে পারবেন না। এমনকি মিছিলও করতে পারবেন না। করলেই হারাম হবে। জাহান্নামে যেতে হবে। আল্লাহর সামনে কেয়ামতের দিন জবাবদিহি করতে হবে- কেন তুমি রাষ্ট্র প্রধানের অনুমতি ছাড়া জিহাদে গেলে? তাগুতদের কথা মতো কেন ঘরে বসে থাকলে না? কেন কাশ্মীরিদের নীরবে হত্যা করতে দিলে না? কেন মালউনদেরকে বাধা দিলে? আরো হাজারো জবাবদিহিতার সম্মুখীন হতে হবে!!

এই হল ফতোয়ার সারকথা। বাহ! অনেক সুন্দর ফতোয়া। এ ধরণের সরকারি ফতোয়া দেয়ার জন্যই বালআম বিন বাউরার উত্তরসূরি কুকুরদেরকে রুটি আর উচ্ছিষ্ট দিয়ে তাগুতগোষ্ঠী পোষে যাচ্ছে। না হলে তাদের কি-ই বা দরকার পড়েছে যে, এদেরকে তারা পোষে যাবে- যদিও তা উচ্ছিষ্ট দিয়েই হোক না কেন!!

(চলমান ইনশাআল্লাহ)

জিহাদে কাশ্মীর এবং বালআম বিন বাউরার উত্তরসূরিদের বিভ্রান্তির অপপ্রয়াস-০২

উপরে আমরা দরবারি ফতোয়াটি দেখেছি। এবার একটু পর্যালোচনায় যাব। শায়খের সংশয়গুলোর উপর একটু আলোকপাত করবো ইনশাআল্লাহ।

প্রথমে মনে করিয়ে দিতে চাই যে, সুবিধাবাদিরা কাফের-মুরতাদদের পক্ষে যতই ওকালতি করুক; যতই তাবিল, তাহরিফ ও অপব্যাখ্যা করুক- আল্লাহ তার দ্বীনকে বিজয়ী করবেনই। আল্লাহ তাআলার চিরসত্য ওয়াদা-

يُرِيدُونَ أَنْ يُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَيَأْبَى اللَّهُ إِلَّا أَنْ يُتِمَّ نُورَهُ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ (32) هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ (33)

"ওরা আল্লাহর নূরকে নিজেদের মুখের (ফুঁ) দ্বারা নিভিয়ে দিতে চায়, অথচ আল্লাহ তার নূরের পূর্ণতা বিধান ব্যতীত বাকি সকল কিছুতেই অসম্মত- যদিও কাফেররা (তা) অপছন্দ করে। তিনিই তো সেই সত্তা যিনি তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীন দিয়ে প্রেরণ করেছেন, যেন তিনি সকল দ্বীনের উপর তাকে বিজয়ী করেন- যদিও মুশরিকরা তা অপছন্দ করে।"- তাওবা ৩২-৩৩

♣ সংশয়: ইমামের অনুমতি

এ ব্যাপারে কিছু আলোচনা আগেও হয়েছে। তবে শায়খের বক্তব্য যেহেতু নতুন করে ফিতনার সৃষ্টি করেছে তাই কিছু আলোচনা সমীচিন করছি। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

সরকারি মোল্লারা মূলত কথার একাংশ বলে আরেকাংশ বাদ দিয়ে ফিতনার সৃষ্টি করে। পূর্ণ কথাটি বললে তখন সকলেই সঠিক বিষয়টি বুঝতে পারতো। **ইমামের আনুগত্য আমরা অস্বীকার করি না, ফরয মনে করি।** যেমনটা আল্লাহ তাআলা আদেশ দিয়েছেন,

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا الله وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ

“হে ঈমানদারগণ! তোমরা আল্লাহর আদেশ মান্য কর এবং আদেশ মান্য কর রাসূলের ও তোমাদের মধ্যে যারা দায়িত্বশীল, তাদের।”- নিসা ৫৯

কিন্তু এ আনুগত্য দু’টি শর্ত সাপেক্ষে:

প্রথম শর্ত:

ইমাম মুসলমান হতে হবে। কাফের কখনও মুসলমানদের ইমাম হতে পারে না। যেমনটা এ আয়াতেও বলা হয়েছে (مِنْكُمْ) তথা ইমাম মুসলমান হতে হবে। **শায়খ আব্দুল্লাহ আদদুমাইজি বলেন,**

فقوله تعالى (منكم) نص على اشتراط أن يكون ولي الأمر من المسلمين ، قال د . محمود الخالدي : [ولم ترد كلمة (أولي الأمر) إلا مقرونة بأن يكونوا من المسلمين ، فدل على أن ولي الأمر يشترط أن يكون مسلما]. اهـ

“আল্লাহ তাআলার বাণী (منكم)- ‘তোমাদের মধ্য থেকে’ সুস্পষ্ট ভাষ্য যে, উলূল আমর মুসলমানদের মধ্য থেকে হওয়া শর্ত। ডক্টর মাহমুদ

আলখালিদি বলেন, ‘(উলূল আমর) শব্দটি যত জায়গায় এসেছে, সব খানেই (মুসলমানদের মধ্য থেকে হওয়া) কথাটির সাথে মিলে এসেছে। বুঝা গেল, উলূল আমর মুসলমান হওয়া শর্ত’।”- আলইমামতুল উজমা ১৫৭

আল্লাহ তাআলা অন্যত্র ইরশাদ করেন,

وَلَنْ يَجْعَلَ اللَّهُ لِلْكَافِرِينَ عَلَى الْمُؤْمِنِينَ سَبِيلًا

‘আল্লাহ কিছুতেই কাফেরদের জন্য মু’মিনদের বিরুদ্ধে কোন পথ রাখবেন না।’- নিসা: ১৪১

ইবনুল হুমাম রহ. (৮৬১ হি.) বলেন,

لا ولاية لكافر على مسلم لقوله تعالى {ولن يجعل الله للكافرين على المؤمنين سبيلا} [النساء: 141]. اهـ

“কোন মুসলমানের উপর কোন কাফেরের কোন কর্তৃত্ব নেই। কেননা, আল্লাহ তাআলা ইরশাদ করেন- ‘আল্লাহ কিছুতেই কাফেরদের জন্য মু’মিনদের বিরুদ্ধে কোন পথ রাখবেন না’।”- ফাতহুল কাদীর: ৫/২৬৫

দ্বিতীয় শর্ত:

আদেশ বা নিষেধ শরীয়তসম্মত হতে হবে। শরীয়ত পরিপন্থী আদেশ-নিষেধে কোন আনুগত্য নেই। যেমনটা হাদিসে এসেছে যে, **রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,**

« على المرء المسلم السمع والطاعة فيما أحب وكره إلا أن يؤمر بمعصية فإن أمر بمعصية فلا سمع ولا طاعة ».

“পছন্দ-অপছন্দ সকল বিষয়ে মুসলমানের জন্য শ্রবণ ও আনুগত্য আবশ্যক। তবে যদি গুনাহের আদেশ করা হয়, তাহলে ভিন্ন কথা। গুনাহের আদেশ করা কোন হলে শ্রবণ বা আনুগত্য নেই।”- মুসলিম ৪৮৬৯, বুখারি ৬৭২৫

এটাই আমাদের আকীদা। যেমনটা **ইমাম ত্বহাবি রহ. (৩২১হি.) আহলুস সন্নাহর আকীদায় লিখেছেন,**

ولا نرى الخروج على أئمتنا وولاة أمورنا وإن جاروا ولا ندعوا عليهم ولا ننزع يدا من طاعتهم ونرى طاعتهم من طاعة الله عز و جل فريضة ما لم يأمروا بمعصية. اهـ

“আমরা আমাদের আইম্মা ও আমাদের দায়িত্বশীলদের বিরুদ্ধে বিদ্রোহ করা জায়েয মনে করি না- যদিও তারা জুলুম করে। তাদের বিরুদ্ধে বদ দোয়া করি না। আনুগত্যের হাতও গুটিয়ে নিই না। (বরং) তাদের আনুগত্যকে আল্লাহ আযযা ওয়াজাল্লাহ-এর আনুগত্য মনে করি ও ফরয মনে করি- যতক্ষণ তারা কোনো গুনাহের আদেশ না দেন।”- আলআকিদাতুত ত্বহাবিয়্যাহ ৪৭

***

শর্তের ব্যতয় ঘটলে

উপরোক্ত দুই শর্তের কোন একটায় ব্যাত্যয় ঘটলেই হুকুম বিপরীত হবে।

যদি প্রথম শর্তে ব্যত্যয় ঘটে তথা ইমাম মুসলমান না থাকে, তাহলে শরীয়তের নির্দেশ: যুদ্ধ করে হলেও তাকে অপসারণ করে দিতে হবে।

যেমনটা হাদিসে এসেছে যে, হযরত উবাদ ইবনু সামিত রাদিয়াল্লাহু আনহু বলেন,

دعانا النبي صلى الله عليه وسلم فَبَايَعْنَاهُ. فكان فيما أخذ علينا أَنْ بَايَعَنَا على السمع والطاعة في مَنشَطِنا ومَكْرَهِنا، وعُسرنا ويُسرنا، وَأَثَرَة علينا، وَأَنْ لا نُنَازِعَ الأَمْرَ أَهْلَه. قَالَ: إِلاَّ أَنْ تَرَوْا كُفْرًا بَوَاحًا عِنْدَكُمْ مِنَ اللَّهِ فِيهِ بُرْهَانٌ. (متفق عليه وهذا لفظ مسلم.)

"আমাদেরকে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ডাকলেন এবং আমরা তাঁর হাতে বাইআত হলাম। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের থেকে যে বিষয়ে বাইআত নিলেন তার মধ্যে একটি ছিল: আমরা আমাদের পছন্দনীয়-অপছন্দনীয় সকল বিষয়ে, সুখে-দুঃখে এবং আমাদের উপর যদি অন্য কাউকে প্রাধান্য দেয়া হয় তথাপি (আমীরের কথা) শুনবো ও আনুগত্য করবো এবং আমরা দায়িত্বশীলের সাথে দায়িত্ব নিয়ে বিবাদে জড়াবো না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন তবে হ্যাঁ, যদি তোমরা কোন স্পষ্ট কুফর দেখতে পাও, যার ব্যাপারে আল্লাহর পক্ষ থেকে তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ বিদ্যমান রয়েছে- তাহলে ভিন্ন কথা।"- সহীহ বোখারি: ৬৬৪৭, সহীহ মুসলিম: ৪৮৭৭

এটি মুসলিম উম্মাহর ইজমায়ী তথা সর্বসম্মত সিদ্ধান্ত। **ইমাম নববি রহ. (৬৭৬ হি.) কাজি ইয়াজ রহ. (৫৪৪ হি.) এর বক্তব্য বর্ণনা করেন,**

قال القاضي عياض: أجمع العلماءُ على أن الإمامةَ لا تنعقد لكافر وعلى أنه لو طرأ عليه الكفرُ انعزل. اهـ

"উলামায়ে কেরাম সবাই একমত যে, কোনো কাফেরকে খলিফা নিযুক্ত করলে সে খলিফা হবে না এবং কোনো খলিফার মাঝে যদি কুফরী প্রকাশ পায়, তাহলে সে স্বয়ংক্রিয়ভাবে অপসারিত হবে যাবে।"- শরহে

নববি আলা মুসলিম ১২/২২৯

আরো বলেন,

قال القاضي: فلو طرأ عليه كفر وتغيير للشرع أو بدعة خرج عن حكم الولاية وسقطت طاعته. اهـ

“কাজী ইয়ায রহ. আরও বলেন, শাসকের উপর যদি কুফর আপতিত হয় এবং সে যদি শরীয়া বিনষ্ট করে অথবা বিদআত করে, তবে সে পদচ্যুত হয়ে যাবে এবং তার আনুগত্যের অপরিহার্যতা শেষ হয়ে যাবে।”- শরহে নববি আলা মুসলিম ১২/২২৯

হাফেয ইবনে হাজার রহ. (৮৫২ হি.) বলেন,

يَنعَزِلُ بالكفر إجماعا فيجبُ على كل مسلمٍ القيامُ في ذلك، فمن قَوِيَ على ذلك فله الثوابُ، ومن داهن فعليه الإثمُ، ومن عَجَزَ وجبتْ عليه الهجرةُ من تلكَ الأرضِ. اهـ

“কুফরীর কারণে শাসক সর্বসম্মতিক্রমে অপসারিত হয়ে যাবে। তখন প্রতিটি মুসলমানের উপর ফরজ হলো, তার বিরুদ্ধে রুখে দাঁড়ানো। যে তাতে সক্ষম হবে, তার জন্য রয়েছে প্রতিদান। যে শিথিলতা করবে, সে গুনাহগার হবে। আর যে অক্ষম, তার জন্য আবশ্য হলো ঐ ভূমি থেকে হিজরত করা।”– ফাতহুল বারি: ১৩/১৫৩

আর যদি দ্বিতীয় শর্তের ব্যত্যয় ঘটে তথা ইমাম শরীয়ত বহির্ভূত আদেশ দেন, তাহলে তার বিরুদ্ধে বিদ্রোহ তো করা যাবে না, তবে

তার উক্ত আদেশ বা নিষেধ মেনে চলা যাবে না। বরং যা শরীয়তের নির্দেশ তাই পালন করতে হবে।

***

আমাদের প্রেক্ষাপট

উপরোক্ত সারসংক্ষেপ কথা বুঝার পর এবার আমাদের প্রেক্ষাপটে আসি। আমরা জানি, বর্তমান তাগুত শাসকগোষ্ঠী মুরতাদ। আল্লাহর শরীয়ত প্রত্যাখান করে কুফরি শাসন প্রবর্তন, ইসলাম ও মুসলামানদের বিপক্ষে যুদ্ধে কাফেরদের পক্ষাবলম্বন, শরীয়তের বিধি বিধান নিয়ে তুচ্ছ-তাচ্ছিল ইত্যাদি অসংখ্য কারণে এরা মুরতাদ হয়ে আছে। এমতাবস্থায় জিহাদের মাধ্যমে এদেরকে অপসারণ করে মুসলিম ভূমি এদের থেকে উদ্ধার করা ফরয। তাদের আদেশ-নিষেধ মেনে চলার তো কোন প্রশ্নই নেই।

শায়খের কথা মতো যদি এসব তাগুতকে মুসলমান এবং আমীরুল মু'মিনীন ধরেও নিই, তথাপি জিহাদের অনুমতি না দেয়া বা তাতে বাধা দেয়া সুস্পষ্ট শরীয়ত বহির্ভূত কাজ। এ ধরণের আদেশ-নিষেধে কোনো আনুগত্য নেই। আল্লাহ তাআলার আদেশ আমীরের আদেশের অগ্রবর্তী। জিহাদ আল্লাহ তাআলার নির্দেশ। আমীরের নিষেধের কারণে তা থেকে বিরত থাকা যাবে না। যারা আমীরের নিষেধের কারণে জিহাদ থেকে বিরত থাকবে, তাদেরকে ফরয তরকের গোনাহ মাথায় নিয়ে অপরাধী অবস্থায় আল্লাহ তাআলার সামনে হাজির হতে হবে। এ বিষয়টি সামনে ইনশাআল্লাহ আমরা আরো একটু বিস্তারিত আলোচনা করবো।

***

জিহাদে কাশ্মীর এবং বালআম বিন বাউরার উত্তরসূরিদের বিভ্রান্তির অপপ্রয়াস- ০৩

আমীরের অনুমতি মাসলাহাতের সাথে সম্পৃক্ত

জিহাদ একটি নাজুক ইবাদত। এখানে সামান্য ভুল ভয়াবহ পরিণতি ডেকে আনতে পারে। এজন্য অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের নির্দেশনা ছাড়া এখানে কাজ করা শঙ্কামুক্ত নয়। সাধারণত জিহাদের ব্যাপারে ইমামুল মুসলিমীন ও তার উমারাগণ অভিজ্ঞ হয়ে থাকেন। আর তারা হবেন-ই বা না কেন, তাদেরকে তো এ কাজের জন্যই নিয়োগ দেয়া হয়েছে। তারা তো সর্বক্ষণ এ কাজেই থাকেন। অধিকন্তু যে যার মতো

জিহাদ করতে গেলে বিশৃংখলা দেখা দেবে। তাই শরীয়ত আমীর উমারাদের মেনে চলতে বলেছে। ইকদামি জিহাদের ক্ষেত্রেও এ কথা, দিফায়ী জিহাদের ক্ষেত্রেও এ কথা। ইকদামি জিহাদের বিষয়টা তো স্পষ্টই। আর দিফায়ির ক্ষেত্রেও বিষয়টা এমনই। কারণ, সব সময় এমন হয় না যে, শত্রু এসেই হঠাৎ সকলের অগোচরে হামলা করে বসে। বরং অনেক সময় আগে থেকেই জানা যায় যে, শত্রু আসছে। আবার অনেক সময় শত্রু এসে অবরোধ করে, আক্রমণ করে না। এসব ক্ষেত্রেও শরীয়ত যুদ্ধ শুরুর আগে ইমামের সাথে আলোচনা করে নিতে বলে। কারণ, সাধারণ মানুষ অনেক সময় শত্রুর অবস্থা, শক্তি, যুদ্ধের কলা-কৌশল ভাল জানে না। উমরাগণ এসব বিষয় ভাল জানেন। তাই তাদের অনুমতি ও নির্দেশনা নিয়ে কাজ করা উচিৎ। হঠাৎ কিছু করতে গেলে বিপদের আশঙ্কা। তবে কোথাও যদি এমন হয় যে, শত্রু হামলা করে দিয়েছে এবং ইমামের নির্দেশনা নেয়ারও সুযোগ নেই, তখন ইমামের অনুমতি ছাড়াই হামলা প্রতিরোধ করবে। কারণ, ইমামের নির্দেশনা নিতে বলা হয়েছিল তো মূলত শত্রু প্রতিহত করার জন্যই। যখন ইমামের অনুমতির অপেক্ষায় থাকলে শত্রু প্রতিহত করা সম্ভব হচ্ছে না বা আরো কষ্টকর হচ্ছে, তখন

আর অনুমতির দরকার নেই। এখানে নিজেরা জিহাদ শুরু করে দেয়ার মাঝেই মাসলাতাহ।

দলীল

সুন্নাহ থেকে এর প্রকৃষ্ট দুটি দলীল বিদ্যমান।

এক. গাযওয়ায়ে যু কারাদ

একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একপাল উষ্ট্রী মাঠে চড়ছিল। কাফেররা হঠাৎ আক্রমণ করে সেগুলো ছিনিয়ে নেয়। হযরত সালামা ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু আনহু বাহিরে বের হয়েছিলেন। যখন তিনি দেখলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উষ্ট্রীপাল ছিনতাই হয়েছে, অনুমতির অপেক্ষা না করে এদের পেছনে ধাওয়া করেন এবং উটগুলো ফিরিয়ে আনতে সক্ষম হন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতে খুশি হন।

যেহেতু অনুমতির অপেক্ষায় থাকলে উটগুলো উদ্ধার করা সম্ভবপর ছিল না, তাই অনুমতি ছাড়াই তিনি কিতালে জড়ান। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার এ কাজে খুশি হন

এবং তার প্রশংসা করেন এবং অধিক পরিমাণে গনিমত দেন। বুঝা গেল, এ ধরণের পরিস্থিতিতে অনুমতির প্রয়োজন নেই। হাদিসটি সহীহাইনে এসেছে। **মুসলিম শরীফে সালামা ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু আনহুর যবানিতে হাদিসটি নিম্নরূপ:**

خرجت قبل أن يؤذن بالأولى وكانت لقاح رسول الله -صلى الله عليه وسلم- ترعى بذى قرد - قال - فلقينى غلام لعبد الرحمن بن صلى الله عليه وسلم- فقلت -عوف فقال أخذت لقاح رسول الله من أخذها قال غطفان قال فصرخت ثلاث صرخات يا صباحاه. قال فأسمعت ما بين لابتى المدينة ثم اندفعت على وجهى حتى أدركتهم بذى قرد وقد أخذوا يسقون من الماء فجعلت أرميهم بنبلى وكنت راميا ... حتى استنقذت اللقاح منهم واستلبت منهم ثلاثين بردة - قال - وجاء النبى -صلى الله عليه وسلم- والناس ... قال - ثم رجعنا ويردفنى رسول الله -صلى الله عليه وسلم- على ناقته حتى دخلنا المدينة.

“ফজরের আযান হওয়ার আগেই আমি বের হলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দুধাল উষ্ট্রীগুলো যু কারাদে চড়ছিল। তখন আব্দুর রহমান ইবনু আউফ রাদিয়াল্লাহু আনহুর এক গোলামের সাথে সাক্ষাৎ হল। সে বলল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উষ্ট্রীপাল লুণ্টন হয়েছে। জিজ্ঞেস করলাম, কে নিয়েছে? উত্তর দিল, গাতফান গোত্রের লোকেরা।

তিনি বলেন, তখন আমি (মদীনাবাসীকে সতর্ক করা এবং তাদের থেকে সাহায্য চাওয়ার উদ্দেশ্যে) তিনবার ‘ইয়া সাবাহা....’ বলে চিৎকার দিলামা। তিনি বলেন, সমগ্র মদীনায় আমার আওয়াজ পৌঁছাতে সক্ষম হলাম। এরপর দিলাম সামনের দিকে দৌঁড়। অবশেষে গিয়ে যু কারাদে তাদের নাগাল পেল। তারা তখন পানি উঠাচ্ছিল। আমি আমার তীর তাদের প্রতি নিক্ষেপ করতে লাগলাম। আর আমি ভাল তীরন্দাজ ছিলাম। ... এভাবে অবশেষে তাদের থেকে সকল উষ্ট্রী উদ্ধার করতে সক্ষম হলাম এবং আরো ত্রিশটি চাদরও তাদের থেকে চিনিয়ে নিলাম। তিনি বলেন, এরপর রাসূর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও অন্যান্য লোক এসে উপস্থিত হল। ... তিনি বলেন, এরপর আমরা মদীনার দিকে ফিরলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তার উষ্ট্রীর পেছনে সওয়ার করালেন। এভাবে মদীনায় পৌঁছলাম।”- সহীহ মুসলিম ৪৭৭৮

অন্য বর্ণনায় এসেছে,

فلما أصبحنا قال رسول الله -صلى الله عليه وسلم- « كان خير فرساننا اليوم أبو قتادة وخير رجالتنا سلمة ». قال ثم أعطانى

رسول الله -صلى الله عليه وسلم- سهمين سهم الفارس وسهم الراجل

"(পরদিন) যখন সকাল হল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমাদের শ্রেষ্ঠ ঘোড়সওয়ার আবু কাতাদা আর শ্রেষ্ঠ পদাতিক সালামা। তিনি বলেন, এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে গনিমতে দুই ভাগ দিলেন: এক ভাগ অশ্বারোহীর, আরেক ভাগ পদারোহীর।"- সহীহ মুসলিম ৪৭৭৯

দুই. ইমাম মুরতাদ হয়ে গেলে

ইমাম যখন মুরতাদ হয়ে যাবে, তাকে অপসারণ করা ফরয। যারা কাফের ইমামের পক্ষ নেবে, তাদের বিরুদ্ধে কিতাল করতে হবে। এটিই শরীয়তের নির্দেশ, যেমনটা হযরত উবাদা ইবনু সাবিত রাদিয়াল্লাহু আনহুর হাদিস থেকে আমরা আলোচনা করে এসেছি। এখানে তো মুসলমানদের কোন ইমাম নেই। ইমাম তো মুরতাদ হয়ে গেছে। কিন্তু ইমাম নেই বলে শরীয়ত জিহাদ বন্ধ রাখতে বলেনি। সম্ভব হলে একজনকে ইমাম বানিয়ে নেবে। সম্ভব না হলে আপাতত

একজনকে আমীর বানিয়ে নিয়ে মুরতাদের বিরুদ্ধে কিতাল করবে। মুরতাদ সরে গেলে নিজেরা একজনকে ইমাম বানিয়ে নেবে। তাতারদের বিরুদ্ধে সাইফুদ্দিন কুতজ এর জিহাদ এভাবেই হয়েছে। রাশিয়ার বিরুদ্ধে আফগান জিহাদও এভাবেই হয়েছে।

এবার ফুকাহায়ে কেরামের কয়েকটি বক্তব্য লক্ষ করুন-

ইবনে কুদামা রহ. (৬২০ হি.) বলেন,

وواجب على الناس إذا جاء العدو، أن ينفروا؛ المقل منهم، والمكثر، ولا يخرجوا إلى العدو إلا بإذن الأمير، إلا أن يفجأهم عدو غالب يخافون كلبه، فلا يمكنهم أن يستأذنوه. اهـ

"শত্রু এসে পড়লে ধনী-গরীব সকলের জন্য বের হয়ে পড়া ফরয। তবে ইমামের অনুমতি ছাড়া শত্রুর দিকে রওয়ানা দেবে না। তবে যদি এমন কোন শক্তিধর শত্রু হঠাৎ আক্রমণ করে বসে যার (সাথে কিতাল করতে দেরি করলে তার) থেকে

সকলে অনিষ্টের আশঙ্কা করছে, যার ফলে ইমামের অনুমতি নেয়া সম্ভব হচ্ছে না- তাহলে কথা ভিন্ন।”- আলমুগনি ৯/২১৩

সামনে বলেন,

لا يخرجون إلا بإذن الأمير؛ لأن أمر الحرب موكول إليه، وهو أعلم بكثرة العدو وقلتهم، ومكامن العدو وكيدهم، فينبغي أن يرجع إلى رأيه، لأنه أحوط للمسلمين؛ إلا أن يتعذر استئذانه لمفاجأة عدوهم لهم، فلا يجب استئذانه، لأن المصلحة تتعين في قتالهم والخروج إليه، لتعين الفساد في تركهم، ولذلك لما أغار الكفار على لقاح النبي - صلى الله عليه وسلم - فصادفهم سلمة بن الأكوع خارجا من المدينة، تبعهم، فقاتلهم، من غير إذن، فمدحه النبي - صلى الله عليه وسلم - وقال: خير رجالتنا سلمة بن الأكوع. وأعطاه سهم فارس وراجل. اهـ

“আমীরের অনুমতি ছাড়া বের হবে না। কারণ, যুদ্ধের দায়-দায়িত্ব তারই উপর ন্যাস্ত। শত্রুর সংখ্যা কম না বেশি এবং শত্রুর গোপন ঘাঁটি ও কৌশল-ষড়যন্ত্র সম্পর্কে তিনিই ভাল অবগত। তাই তার মতামতই মেনে নেয়া চাই। এটাই মুসলামনদের জন্য অধিক কল্যাণ। তবে শত্রু যদি আকস্মিক আক্রমণ করে বসে, যার ফলে অনুমতি নেয়া সম্ভব না হয়, তাহলে তখন অনুমতি নেয়া আবশ্যক নয়। কেননা, তখন

শত্রুর সাথে কিতাল করা এবং তার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার মাঝেই সনিশ্চিত কল্যাণ আর তাদেরকে ছেড়ে রাখার মাঝেই সুনিশ্চিত ক্ষতি। এ কারণেই কাফেররা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উটপালের উপর আক্রমণ করেছিল এবং সালামা ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু আনহু মদীনার বাহিরে তাদের নাগাল পেলেন, তিনি অনুমতি ছাড়াই তাদের পেছনে ধাওয়া করলেন এবং কিতাল করলেন। এতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার প্রশংসা করে বলেছেন, 'সালামা আমাদের পদাতিক বাহিনির শ্রেষ্ঠ যোদ্ধা' এবং তাকে একজন ঘোড়সওয়ার ও একজন পদাতিক যোদ্ধার সমপরিমাণ গনিমত দিয়েছেন।"- আলমুগনি ৯/২১৩-২১৪

এ আলোচনা ফরযে আইনের সময়কার। মাসলাহাতের খাতিরে এখানেও অনুমতির কথা বলেছেন। তদ্রূপ যখন অনুমতির অপেক্ষায় না থেকে কিতাল শুরু করার মাঝেই মাসলাহাত তখন অনুমতি ছাড়াই জিহাদ শুরু করতে বলেছেন। বুঝা গেল, ইমাম বা আমীরের অনুমতি এমন কোন বিষয় নয় যা ব্যতীত জিহাদ সর্বাবস্থায় নাজায়েয। বরং বিষয়টি মাসলাহাতের সাথে সম্পৃক্ত।

খতিব শারবিনি রহ. (৯৭৭ হি.) বলেন,

لا تتسارع الطوائف والآحاد منا إلى دفع ملك منهم عظيم شوكته دخل أطراف بلادنا لما فيه من عظم الخطر. اهـ

"কাফেরদের প্রভূত শক্তিধর কোন সম্রাট আমাদের (দারুল ইসলাম) রাষ্ট্রের সীমান্তে প্রবেশ করে গেলে (আমীরের অনুমতি ও নির্দেশনা ছাড়া) ক্ষুদ্র ক্ষুদ্র দল বা সাধারণ জনগণ তাকে প্রতিহত করতে তাড়াহুড়া করে কোন ব্যবস্থা নেবে না। কেননা, এতে ভীষণ বিপদের আশঙ্কা আছে।"- মুগনিল মুহতাজ ৬/২৪

এ আলোচনাও ফরযে আইনের বেলায়। কিন্তু বিপদের আশঙ্কা আছে বিধায় ইমামের অনুমতি ছাড়া জনগণ তড়িঘড়ি কোন ব্যবস্থা নিতে নিষেধ করা হয়েছে। তবে আকস্মিক শত্রু আক্রমণ করে বসলে ভিন্ন কথা- যেমনটা উপরে বর্ণিত হয়েছে।

ইবনে কুদামা রহ. (৬২০ হি.) বলেন,

فان عدم الامام لم يؤخر الجهاد لان مصلحته تفوت بتأخيره، وان حصلت غنيمة قسموها على موجب الشرع، قال القاضي وتؤخر قسمة الاماء حتى يقوم إمام احتياطا للفروج.اهـ

“যদি ইমাম না থাকে তাহলে এ কারণে জিহাদ পিছিয়ে দেয়া যাবে না। কেননা, পিছিয়ে দেয়ার দ্বারা জিহাদে নিহিত মাসলাহাত ও কল্যাণসমূহ হাতছাড়া হয়ে যাবে। গনীমত লাভ হলে হকদারদের মাঝে শরীয়তে বর্ণিত নিয়মানুযায়ী বণ্টন করে নেবে। তবে কাজী রহ. বলেন, ইমাম নির্ধারণ না হওয়া পর্যন্ত সতর্কতাবশত দাসীদের বণ্টন স্থগিত রাখবে।”- আলমুগনী ১০/৩৭৪

বুঝা গেল, জিহাদ ফরযে আইন হোক আর ফরযে কিফায়া হোক সকল অবস্থায় ইমাম বা আমীরের নির্দেশনা মেনে চলতে হবে। এর মাঝে মাসলাহাত। তবে যখন অনুমতি নিতে গেলে মাসলাহাত নষ্ট হবে, তখন অনুমতি ছাড়াই জিহাদ করবে। তদ্রূপ যদি ইমাম না থাকে, তথাপি বসে থাকা যাবে না। অবশ্য জিহাদ শুরু করার সময় তৎক্ষণাৎ একজনকে আমীর

বানিয়ে নেবে। তদ্রূপ আমীর শহীদ হয়ে গেলেও একজনকে ততক্ষণাৎ আমীর বানিয়ে নেবে, যাতে শৃংখলা ঠিক থাকে; যেমনটা মূতার যুদ্ধে সাহাবায়ে কেরাম করেছিলেন।

ইবনে কুদামা রহ. (৬২০ হি.) বলেন,

فإن بعث الإمام جيشا، وأمر عليهم أميرا، فقتل أو مات، فللجيش أن يؤمروا أحدهم، كما فعل أصحاب النبي - صلى الله عليه وسلم - في جيش مؤتة، لما قتل أمراؤهم الذين أمرهم النبي - صلى الله عليه وسلم - أمروا عليهم خالد بن الوليد، فبلغ النبي - صلى الله عليه وسلم - فرضي أمرهم، وصوب رأيهم، وسمى خالدا يومئذ: " سيف الله ". اهـ

“ইমাম যদি কাউকে আমীর নির্ধারণ করে তার নেতৃত্বে কোন বাহিনি পাঠান, অতঃপর উক্ত আমীর নিহত হয় বা মারা যায়, তাহলে বাহিনি নিজেরা নিজেদের একজনকে আমীর বানিয়ে নিতে পারবে। যেমনটা মূতার যুদ্ধে সাহাবায়ে কেরাম করেছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতৃক নির্ধারিত আমীরগণ যখন সকলে শহীদ হয়ে যান, তখন তারা খালেদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহুকে নিজেদের আমীর বানিয়ে নেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এ

সংবাদ পৌঁছলে তিনি তাদের এ কাজে সন্তুষ্ট এবং একে সঠিক বলেন। সেদিনই খালেদ রাদিয়াল্লাহুকে তিনি 'সাইফুল্লাহ'- 'আল্লাহর তরবারি' উপাধি দেন।"- আলমুগনি ৯/২০২-২০৩

ইমাম মুহাম্মাদ রহ. (১৮৯ হি.) বলেন,

وإن نادى منادي الأمير بالنهي عن الخروج للعلافة فلا ينبغي لأهل منعة ولا لغيرهم أن يخرجوا. إلا أنه ينبغي للإمام أن يبعث لذلك قوماً وينبغي أن يؤمر عليهم أميراً لتتفق كلمتهم ويتمكنوا من المحاربة مع المشركين إن ابتلوا بذلك وكذلك إن خرجوا مفريقين قبل نهي الإمام فهجم عليهم العدو فينبغي لهم أن يجتمعوا ويؤمروا عليهم أميراً ثم يقاتلوا. اهـ

"(যুদ্ধের ময়দানে যাওয়ার পর) আমীরের ঘোষক যদি ঘোষণা দেয় যে, দানা পানির জন্য বাহিরে যাওয়া নিষেধ- তাহলে সংঘবদ্ধ হোক বা না হোক- কারো জন্যই বাহিরে যাওয়া উচিৎ হবে না। তবে ইমামের উচিৎ দানা পানির জন্য কিছু লোককে পাঠানো এবং পাঠানোর সময় একজনকে আমীর বানিয়ে দেয়া। যাতে তারা পরস্পর ঐক্যবদ্ধ থাকতে পারে এবং মুশরিকদের সাথে যুদ্ধে জড়িয়ে পড়তে হলে যেন যুদ্ধ করতে সমর্থ্য হয়।

তদ্রূপ ইমাম নিষেধ করার পূর্বেই যদি (আমীর ছাড়া) বিক্ষিপ্তভাবে বেরিয়ে পড়ে অতঃপর তাদের উপর শত্রুরা আকস্মিক আক্রমণ করে বসে, তাহলে তাদের উচিৎ ঐক্যবদ্ধ থাকা এবং একজনকে আমীর বানিয়ে নেয়া তারপর যুদ্ধ শুরু করা।”- শরহুস সিয়ারিল কাবির ১/৯৪

সারমর্ম

উপরোক্ত আলোচনার সারমর্ম, জিহাদের জন্য একজন আমীর এবং তার নির্দেশনা আবশ্যক। আমীরের অনুমতি ব্যতীত নিজেরা কিছু করতে যাবে না। তবে বিষয়টি মাসলাহাতের সাথে সম্পৃক্ত। যেখানে আমীরের অনুমতি নিতে গেলে মাসলাহাত ছুটে যাবে, সেখানে আমীরের অনুমতি নিতে হবে না। আমীরের অনুমতি ছাড়াই জিহাদ করবে। তবে উপস্থিত সময়ে ঐক্য ঠিক রাখার জন্য আমীর না থাকলে একজনকে আমীর বানিয়ে নেবে। তদ্রূপ আগের আমীর শহীদ হয়ে গেলে বা মারা গেলেও নিজেদের একজনকে আমীর বানিয়ে নেবে তারপর কিতাল শুরু করবে। আমীর না বানিয়ে কিতাল শুরু করা উচিৎ নয়।

***

যখন প্রমাণ হল, আমীরের সম্পর্ক মাসলাহাতের সাথে তখন আমাদের সামনে নিম্নের সূরতগুলো আপনা আপনি সমাধান হয়ে যাবে:

♣ ইমাম ফরযে আইন জিহাদে বাধা দিলে

ইমাম মুহাম্মদ রহ. 'আসসিয়ারুল কাবীর' এ বলেন,

وإن نهى الإمام الناس عن الغزو والخروج للقتال فليس ينبغي لهم أن يعصوه إلا أن يكون النفير عاما. اهـ

"ইমাম যদি লোকজনকে যুদ্ধ করতে এবং কিতালে বের হতে নিষেধ করে, তাহলে তাদের জন্য তার আদেশ অমান্য করা

জায়েয হবে না। তবে যদি নাফীরে আম হয়ে যায় তাহলে ভিন্ন কথা।” -শরহুস সিয়ারিল কাবীর: ২/৩৭৮

অর্থাৎ নাফিরে আম হয়ে গেলে তথা কাফেররা মুসলিম ভূখণ্ডে আগ্রাসন চালালে ইমাম নিষেধ করলেও জিহাদে যেতে হবে। কাফেররা আক্রমণ করার কারণে আল্লাহ তাআলার পক্ষ থেকে জিহাদ ফরযে আইন হয়ে গেছে। ইমাম যদি এ জিহাদে বের হতে নিষেধ করেন, তাহলে তিনি আল্লাহর আদেশের পরিপন্থী আদেশ দিলেন যা মান্য করা যাবে না। যেমনটা আমরা আগে আলোচনা করে এসেছি। আরেকটি হাদিসে কথাটি এভাবে এসেছে,

لا طاعة لمخلوق في معصية الخالق

“খালেকের নাফরমানী করে মাখলূকের আনুগত্য বৈধ নয়।”-মুসান্নাফে ইবনে আবি শাইবা: ৩৪৪০৬

মালিকী মাযহাবের কিতাব ‘ফাতহুল আলিয়্যিল মালিক’ এ বলা হয়েছে:

قال ابن حبيب سمعت أهل العلم يقولون إن نهى الإمام عن القتال لمصلحة حرمت مخالفته إلا أن يزحمهم العدو وقال ابن رشد طاعة الإمام لازمة , وإن كان غير عدل ما لم يأمر بمعصية ومن المعصية النهي عن الجهاد المتعين.اهـ

“ইবনে হাবীব রহ. বলেন, আমি আহলে ইলমদেরকে বলতে শুনেছি, ইমাম কোন মাসলাহাতের প্রতি লক্ষ্য করে কিতাল করতে নিষেধ করলে তার বিরুদ্ধাচরণ করা হারাম। তবে যদি শত্রু আক্রমণ করে বসে তাহলে ভিন্ন কথা। ইবনে রুশদ রহ.বলেন, ইমাম ন্যায় পরায়ণ না হলেও তার আনুগত্য আবশ্যক, যতক্ষণ না কোন গুনাহের আদেশ দেন। আর ফরযে আইন জিহাদে বাধা দেয়া গুনাহের কাজ।”- ফাতহুল আলিয়্যিল মালিক: ৩/৩

আল্লামা ইবনে হাযম রহ. বলেন-

و لا إثم بعد الكفر أعظم من إثم من نهي عن جهاد الكفار و أمر بإسلام حريم المسلمين إليهم ...اهـ

“কুফরের পর কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা থেকে বাধা দেয়া এবং মুসলমানদের ভূমিকে তাদের হাতে সমর্পণ করতে আদেশ করার চেয়ে বড় কোন গুনাহ নেই।” -আল-মুহাল্লা:

৭/৩০০

অতএব, ইমাম জিহাদে বাধা দিলে তার নিষেধাজ্ঞা মান্য করা যাবে না। শত্রু আক্রমণ করে বসলে আল্লাহ তাআলার আদেশ হল তাদের বিরুদ্ধে কিতাল করা। আল্লাহ তাআলার আদেশের সামনে ইমামের নিষেধের কোন মূল্য নেই।

♣ ইমাম জিহাদ না করলে বা জিহাদের অনুমতি না দিলে

ইবনু আসাকির রহ. (৫৭১হি.) আহমাদ ইবনু সা'লাবা আলআমিলি রহ. থেকে বর্ণনা করেন,

سئل وكيع بن الجراح عن قتال العدو مع الإمام الجائر قال: إن كان جائرا وهو يعمل في الغزو بما يحق عليه فقاتل معه. وإن كان يرتشي منهم ويهادنهم فقاتل على حيالك. اهـ

“জালেম ইমামের সাথে মিলে শত্রুর (তথা কাফেরদের) বিরুদ্ধে যুদ্ধ করার ব্যাপারে ওয়াকি’ ইবনুল জাররাহ রহ.

(১৯৭হি.) এর কাছে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি উত্তর দেন, জালেম হলেও যদি যথাযথভাবে জিহাদ করে, তাহলে তার সাথে মিলেই যুদ্ধ কর। পক্ষান্তরে যদি শত্রুদের থেকে ঘুষ নেয় এবং তাদের সাথে স্বজনপ্রীতির আচরণ করে, তাহলে তুমি তোমার নিজের মতো করে (আলাদা) জিহাদ করো।”- তারিখে দিমাশক ৭১/৪৭

লক্ষ্যণীয়, ইমাম বিদ্যমান থাকাকালেও যদি ইমাম খিয়ানত করে, অর্থের লোভে জিহাদ বন্ধ করে দেয় বা শত্রুদের সাথে স্বজনপ্রীতি দেখায়, তাহলে ইমামের অনুমতি ছাড়াই আলাদা জিহাদ করার কথা বলেছেন। এ কথা বলেননি যে, ইমাম জিহাদ বন্ধ করে রাখলে, তিনি অনুমতি না দিলে নিজে থেকে জিহাদ করতে যেও না; নিজে থেকে করতে গেলে হারাম হবে- এসব কিছুই বলেননি। বরং জিহাদ করতে বলেছেন। এবার আমাদের সরকারগুলোর অবস্থা বিবেচনা করুন।

খতীব শারবিনী শাফিয়ি রহ. (৯৭৭ হি.) বলেন,

فصل] فيما يكره من الغزو ، ومن يحرم أو يكره قتله من] الكفار ، وما يجوز قتالهم به (يكره غزو بغير إذن الإمام أو نائبه) تأدبا معه ، ولأنه أعرف من غيره بمصالح الجهاد ، وإنما لم يحرم ؛ لأنه ليس فيه أكثر من التغرير بالنفوس وهو جائز في الجهاد...

. تنبيه : استثنى البلقيني من الكراهة صورا

. إحداها : أن يفوته المقصود بذهابه للاستئذان

ثانيها : إذا عطل الإمام الغزو وأقبل هو وجنوده على أمور الدنيا . كما يشاهد

ثالثها : إذا غلب على ظنه أنه لو استأذنه لم يأذن له . اهـ

"ইমাম বা তার নায়েবের অনুমতি ছাড়া জিহাদ মাকরুহ। ... তবে বুলকিনি রহ. কয়েক সূরতকে এর ব্যতিক্রম বলেছেন।

১. অনুমতি নিতে গেলে যদি জিহাদের মূল উদ্দেশ্য হাতছাড়া হয়ে যায়।

২. যদি ইমাম ও তার সৈন্য-সামন্ত জিহাদ ছেড়ে দুনিয়ার ভোগ বিলাসিতায় লিপ্ত হয়ে যায়।

৩. যদি প্রবল ধারণা হয় যে, অনুমতি চাইলে অনুমতি দেবে না।" – মুগনিল মুহতাজ: ১৭/২৮৭

অর্থাৎ যদি শত্রু আক্রমণ করে বসে আর ইমামের অনুমতি নিতে গেলে শত্রুর পক্ষ থেকে ক্ষতির আশঙ্কা থাকে, তাহলে

অনুমতি ছাড়াই জিহাদ করবে। কেননা, এখানে অনুমতি নিতে গেলে জিহাদের উদ্দেশ্য- তথা শত্রু প্রতিহত করা- ব্যহত হবে। তদ্রূপ ইমাম যদি জিহাদ ছেড়ে বসে থাকে বা কোন ওজর ছাড়াই কাউকে জিহাদে যেতে নিষেধ করবে মনে হয়ে থাকে, তাহলে ইমামের অনুমতি ছাড়া নিজেরাই জিহাদ করে নেবে। শারবিনী রহ. এর বক্তব্য থেকে স্পষ্ট যে, জিহাদ আল্লাহ তাআলার বিধান। ইমাম শুধু শৃংখলার জন্য। যখন ইমামের অনুমতি নিতে গেলে যখন এ ফরযে ব্যাঘাত ঘটার আশঙ্কা থাকবে, তখন অনুমতি নেবে না। তদ্রূপ, ইমাম এ ফরয আদায়ে গাফলতি করলে নিজেদের দায়িত্ব নিজেদেরকেই আদায় করতে হবে।

***

♣ কাশ্মীর জিহাদ ও রাষ্ট্র প্রধানের অনুমতি

পূর্বোক্ত আলোচনা থেকে বুঝলাম: ইমাম না থাকলেও জিহাদ ছাড়া যাবে না; তদ্রূপ ইমাম জিহাদ না করলে, অনুমতি না দিলে বা বাধা দিলে ইমামের অনুমতি ব্যতিরেকেই জিহাদ করে

নিতে হবে। অর্থাৎ আমরা জিহাদের দায়িত্বটা ইমামের হাতে তখনই ন্যাস্ত করবো, যখন ইমাম নিয়মিত জিহাদ করবেন। এর ব্যতিক্রম হলে নিজেদের দায়িত্ব নিজেদেরকেই আদায় করতে হবে।

এবার আমাদের বাংলাদেশসহ অন্য সকল তাগুতি রাষ্ট্রের দিকে তাকাই। আমাদের বিশ্বাস অনুযায়ী এরা মুরতাদ। স্বয়ং এদের বিরুদ্ধেই জিহাদ ফরয। আর তাদের আনুগত্যের তো কোন প্রশ্নই আসে না। যেমনটা আল্লাহ তাআলা আদেশ দিয়েছেন,

يَا أَيُّهَا النَّبِيُّ اتَّقِ اللَّهَ وَلا تُطِعِ الْكافِرِينَ وَالْمُنافِقِينَ إِنَّ اللَّهَ كانَ عَلِيماً حَكِيماً

“হে নবী, আপনি আল্লাহকে ভয় করুন এবং কাফের মুনাফিকদের আনুগত্য করবেন না। নিশ্চয়ই আল্লাহ সর্বজান্তা ও মহাপ্রজ্ঞাময়।” – সূরা আহযাব: ১

কাজেই তাদের আদেশ নিষেধের কোন মূল্য নেই।

আর আবু বকর যাকারিয়া সাহেবের মতো যারা এদেরকে মুসলমান এবং আমীরুল মুমিনীন মনে করেন, তাদের ধারণা অনুযায়ীও কাশ্মীর বা অন্য কোন ভূখণ্ডে জিহাদে যেতে এদের অনুমতি লাগবে না। তারা যখন জিহাদ ছেড়ে দিয়েছে, অন্যদেরকেও করতে দিচ্ছে না, বরং তারা নিজেরাই কাফেরদের বাহিনিতে পরিণত হয়েছে, তখন এদের আদেশ নিষেধের কোন মূল্য নেই। কাজেই বর্তমান তাগুতি রাষ্ট্রগুলোতে বসবাসরত যেকোন মুসলমান – নিরাপত্তা ও মাসলাহাতের দিকটি বিবেচনায় রেখে- পৃথিবীর যেকোন রাষ্ট্রে গিয়ে জিহাদে শরীক হতে পারবে। শরয়ী *দৃষ্টিকোণ থেকে কোনই বাধা নেই; বরং এটাই দায়িত্ব। অবশ্য আগেও বলেছি,

- যার-তার কথায় চলে যাবে না। মুজাহিদদের সাথে নিরাপদ ও পাকাপোক্ত যোগাযোগ হওয়ার পরই কেবল যাবে।

- তদ্রূপ এ কথাও বলেছি, নিজ দেশের তাগুতদের বিরুদ্ধে জিহাদের দাঁড়ানোর প্রচেষ্টা করাই নিয়ম। বিশেষ দরকার পড়লেই কেবল অন্য ভূমিতে হিজরত করবে, অন্যথায় নয়। সারা দুনিয়াই এখন জিহাদের ময়দান। সুবিধামতো সব

জায়গাতেই জিহাদের ঝাণ্ডা বুলন্দ করতে হবে। ওয়াল্লাহু আ'লাম।

***

জিহাদে কাশ্মীর এবং বালআম বিন বাউরার উত্তরসূরিদের বিভ্রান্তির অপপ্রয়াস- ০4

সংশয়: দুর্বলতা এবং শত্রু সৈন্যের আধিক্যতা

শায়খের কথা থেকে বুঝা যাচ্ছে, ভারতের মোকাবেলা করার মতো শক্তি কাশ্মিরিদের নেই। ভারতের সৈন্য সংখ্যা মুসলমানদের দ্বিগুণের চেয়েও বেশি। এমতাবস্থায় জিহাদ করতে যাওয়া 'ইলকাউন নাফস ইলাততাহলুকা' তথা আত্মহত্যা হবে। কাজেই কাশ্মিরিদের জন্য জিহাদে দাঁড়ানো হারাম।

পর্যালোচনা

প্রথমত

কাশ্মিরে অন্তত ২০/২৫ লাখের মতো যুদ্ধোপোযোগি যুবক আছে। তারা অন্তত তাদের দ্বিগুণ তথা ৪০/৫০ লাখ মুশরিকের মোকাবেলা করতে সক্ষম। আর যদি ভারতের মুসলমানদের ধরা হয়, তাহলে সমগ্র ভারতে অন্তত ৩/৪ কোটি যুদ্ধোপোযোগি যুবক আছে। এরা অন্তত ৬-৮ কোটি মুশরিকের মোকাবেলা করতে সক্ষম। তাহলে মুসলমানরা দুর্বল কোথায়? আমাদের দুর্বলতা ফ্রিজে পানি বরফ করে রেখে ঠাণ্ডার অজুহাতে তায়াম্মুম করার মতো।

দ্বিতীয়ত

শত্রু সংখ্যা দ্বিগুণ হলে জিহাদ হারাম বলে কোন কথা শরীয়তে নেই। এটি সম্পূর্ণই বানোয়াট। ইয়াহুদিদের মানস সন্তান দরবারি আলেমরাই কেবল এ কথা বলে বেড়ায়। নতুবা কুরআন, হাদিস বা আইম্মায়ে কেরামের কারো বক্তব্যে আপনি এ ধরণের কথা পাবেন না। আল্লাহ তাআলা শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর উপর রহম করুন, তিনি এসব

নিফাকপ্রসূত সংশয়ের অপনোদন করে উম্মাহর সঠিক রাহনুমায়ি করে গেছেন সাতশো বছর আগেই। এ ব্যাপারে قاعدة في الإنغماس في العدو তথা 'শত্রুবাহিনির ব্যূহের ভেতরে ঢুকে আক্রমণ' নামক তার একটি স্বতন্ত্র রিসালা রয়েছে। ইনশাআল্লাহ সেখান থেকে চয়নকৃত কিছু বক্তব্য পেশ করবো। বিস্তারিত ঐ রিসালাতে দেখা যেতে পারে।

♣ শত্রুবাহিনি দ্বিগুণের বেশি হলে

এ ব্যাপারে প্রথমে আমরা সংক্ষিপ্ত ব্যাখ্যাসহ কুরআনে কারীমের আয়াতগুলো দেখি। আল্লাহা তাআলা ইরশাদ করেন,

يَاأَيُّهَا النَّبِيُّ حَسْبُكَ اللَّهُ وَمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِينَ (64) يَاأَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ إِنْ يَكُنْ مِنْكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ يَغْلِبُوا أَلْفًا مِنَ الَّذِينَ كَفَرُوا بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ (65)

"৬৪. হে নবী! আপনার এবং আপনার অনুসারি মুমিনদের জন্য আল্লাহই যথেষ্ট (কাজেই জনবল ও সরঞ্জামাদির স্বল্পতায় আপনি ঘাবড়াবেন না)।

৬৫. হে নবী! আপনি মুমিনদেরকে যুদ্ধের প্রতি উৎসাহিত করুন। তোমাদের মধ্যে যদি বিশজন দৃঢ়পদ-অবিচল ব্যক্তি

থাকে, তাহলে (ওদের) দু’শো জনের উপর বিজয়ী হবে। আর তোমাদের একশো থাকলে তারা কাফেরদের হাজার জনের উপর বিজয়ী হবে, কারণ তারা (কাফেররা) এমন সম্প্রদায় যারা (জিহাদের ফজিলত) বুঝে না। (তারা যুদ্ধ করে দুনিয়ার জন্য, আর তোমরা দ্বীনের জন্য এবং আল্লাহর সন্তুষ্টি ও মহা প্রতিদান লাভের উদ্দেশ্যে। কাজেই তারা তোমাদের সামনে দৃঢ়পদ থাকতে পারবে না।)।”- আনফাল ৬৪-৬৫

ইসলামের শুরু যামানায় একজন মুমিন দশজন কাফেরের মোকাবেলা করা ফরয ছিল। আল্লাহ তাআলা সুসংবাদ দিয়েছেন, তোমাদের যদি একজন দশজনের মোকাবেলাও করতে হয় তথাপি তোমরাই বিজয়ী হবে। শর্ত হল, সবরের সাথে মোকাবেলা করতে হবে। কিন্তু পরবর্তীতে যখন মুহাজির ও আনসারদের বাহিরের লোকজনও মুসলমান হতে থাকলো, যাদের ঈমানী মজবুতি ও সবর তাদের সমান ছিল না, তাই তাদের পক্ষে একজন দশজনের মোকাবেলা কঠিন ছিল। এ দিকটি বিবেচনা করে আল্লাহ তাআলা দায়িত্ব হালকা করে দিয়েছেন। বিধান দিয়েছেন, একজন দু’জনের মোকাবেলা

করতে হবে। দ্বিগুণের বেশি হলে মোকাবেলা ফরয নয়। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ أَلْفٌ يَغْلِبُوا أَلْفَيْنِ بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ (66)

“আল্লাহ এখন ভার লাঘব করে দিয়েছেন এবং তিনি জেনেছেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা আছে। অতএব, তোমাদের যদি একশো দৃঢ়পদ-অবিচল ব্যক্তি থাকে, তাহলে দু’শো জনের উপর বিজয়ী হবে। আর তোমাদের এক হাজার থাকলে আল্লাহর হুকুমে দু’ হাজারের উপর বিজয়ী হবে। আর আল্লাহ সবরকারী-দৃঢ়পদ লোকদের সাথে আছেন। (সংখ্যায়-সরঞ্জামে স্বল্প হলেও আল্লাহ তাদের নুসরত করবেন)।”- আনফাল ৬৬

এখানে কয়েকটি বিষয় লক্ষ্যণীয়:

এক.

শত্রু সংখ্যা দ্বিগুণ হলে মোকাবেলা ফরয নয়। কিন্তু এর অর্থ

এই নয় যে, মোকাবেলা জায়েয নয়। বরং শরীয়তের অন্যান্য দলীল দ্বারা স্পষ্ট যে, শত্রু সংখ্যা অনেক গুণ বেশি হলেও, মৃত্যু নিশ্চিত হলেও ময়দান ত্যাগ না করে লড়াই করে যাওয়া এমনকি শহীদ হয়ে যাওয়া আল্লাহ তাআলার পছন্দ। এ ব্যাপারে আমরা সামনে ইনশাআল্লাহ দলীলভিত্তিক আলোচনা করবো। ইবনে তাইমিয়া রহ. বলেন,

هذا أكثر ما فيه أنه لا تجب المصابرة لما زاد على الضعف ليس في الآية أن ذلك لا يستحب ولا يجوز. اهـ

"এখানে বেশির চেয়ে বেশি এ কথা বলা যায় যে, দ্বিগুণের বেশি হলে মোকাবেলা ফরয নয়। আয়াতে এ কথা নেই যে, মোকাবেলা মুস্তাহাব নয় বা জায়েয নয়।"- কায়িদাতুন ফিলইনগিমাসি ফিলআদুউ ৫৭

দুই.

প্রথমে একজন দশজনের মোকাবেলা ফরয ছিল। পরে আল্লাহ তাআলা স্বীয় অনুগ্রহে দায়িত্ব হালকা করে দিয়েছেন। বুঝা গেল, একজন মুমিন হিম্মত করলে দশজনের মোকাবেলা করতে সক্ষম। এক হাজার দশ হাজরের, এক লাখ দশ লাখের মোকাবেলা করতে সক্ষম। যদি তারা সবরের সাথে

মোবাবেলা করে, তাহলে আল্লাহ তাআলা সুসংবাদ দিয়েছেন যে, তারা বিজয়ী হবে। জাসসাস রহ. (৩৭০হি.) বলেন,

قوله تعالى {الآن خفف الله عنكم وعلم أن فيكم ضعفا} لم يرد به ضعف القوى والأبدان وإنما المراد ضعف النية لمحاربة المشركين فجعل فرض الجميع فرض ضعفائهم. اهـ

“আল্লাহ তাআলার বাণী- ‘আল্লাহ এখন ভার লাঘব করে দিয়েছেন এবং তিনি জেনেছেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা আছে’: এখানে সাজ-সরঞ্জাম ও শারিরীক শক্তির দুর্বলতা উদ্দেশ্য নয়। উদ্দেশ্য হল, মুশরিকদের বিরুদ্ধে কিতালের নিয়্যত ও হিম্মতের দুর্বলতা। দুর্বল হিম্মতের লোকদের ফরয যতটুকু (তথা দু’জনের মোকাবেলা করা), (উচ্চ হিম্মতের লোকসহ) সকলের বেলায় সেটুকুই ফরয করা হয়েছে।”- আহকামুল কুরআন ৩/৯২

অর্থাৎ ফরয তো সকলের জন্য একই, কিন্তু হিম্মত করলে একজন দশজনের মোকাবেলা করতে পারবে। যেমনটা আল্লাহ তাআলা অন্য আয়াতে বলেন,

كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ

“কত ছোট ছোট দল রয়েছে যারা আল্লাহর হুকুমে বড় বড় বাহিনির উপর বিজয়ী হয়েছে!! আল্লাহ সবর ও অবিচলতার পরিচয়দাতাদের সাথে আছেন।”- বাকারা ২৪৯

তিন.

দ্বিগুণের বেশি হলে মোকাবেলা ফরয নয়- এ বিধান ইকদামি জিহাদে। পক্ষান্তরে দিফায়ি জিহাদ তথা যেখানে মুসলমানরা নিজেরাই আগ্রাসনের শিকার, সেখানে বিধান ভিন্ন। সেখানে শত্রু সংখ্যা যতই বেশি হোক মোকাবেলা করতে হবে। একান্তই যদি কেউ মোকাবেলায় অক্ষম হয়ে পড়ে তার কথা ভিন্ন। ইবনে তাইমিয়া রহ. বলেন,

فإذا كان المؤمنون طالبين لم تجب عليهم أن يصابروا أكثر من ضعفيهم، وأما إذا كانوا هم المطلوبين وقتالهم قتال وقع عن أنفسهم فقد تجب المصابرة كما وجبت عليهم المصابرة يوم أحد ويوم الخندق مع أن العدو كانوا أضعافهم.

وذم الله المنهزمين يوم أحد والمعرضين عن الجهاد يوم الخندق في سورة آل عمران والأحزاب؛ بما هو ظاهر معروف. اهـ

“যখন মুমিনরা (কাফেরদের ভূমি বিজয়ের জন্য) কাফেরদের উপর আক্রমণ করতে যাবে, তখন দ্বিগুণের বেশির মোকাবেলা ফরয নয়। পক্ষান্তরে যখন মুমিনরা নিজেরাই আগ্রাসনের

শিকার হবে এবং তাদের কিতাল হবে আত্মরক্ষার্থে, তখন মোকাবেলা ফরয। যেমন, উহুদ ও খন্দকের দিন মোকাবেলা ফরয ছিল- অথচ শত্রুবাহিনি অনেক গুণ বেশি ছিল। উহুদের দিন যারা ময়দান ত্যাগ করে চলে গিয়েছিল এবং খন্দকের দিন যারা জিহাদবিমুখতা প্রদর্শন করেছিল, আল্লাহ তাআলা সূরা আলে ইমরান ও আহযাবে তাদের যে কত কুৎসা বর্ণনা করেছেন তা (সকলের) কাছে সুস্পষ্ট ও জানাশুনা।"- কায়িদাতুন ফিলইনগিমাসি ফিলআদুউ ৫৭

[বি.দ্র. কিতাবে ظالمين ও المظلومين লেখা আছে। তবে আলোচনার আগ-পর থেকে স্পষ্ট যে, طالبين ও المطلوبين হবে।]

উহুদে সাহাবায়ে কেরাম ছিলেন সাতশো আর কাফেররা ছিল তিন হাজার, তদ্রূপ খন্দকে সাহাবায়ে কেরাম ছিলেন তিন হাজার আর কাফেররা ছিল দশ হাজার- যা তাদের তিনগুণেরও বেশি। তখন মোকাবেলা ফরয ছিল। উহুদে মুনাফিক আব্দুল্লাহ ইবনু উবাই তার তিনশো সাথীসহ চলে আসে। খন্দকে মুনাফিকরা বিভিন্ন বাহানা তুলে জিহাদ থেকে

সরে পড়তে চেয়েছিল। কুরআনে কারীমে তাদের সকলের নিফাক তুলে ধরে সমালোচনা করা হয়েছে। বুঝা গেল, দিফায়ি জিহাদে সংখ্যার হিসাব নেই। সামর্থ্যানুযায়ী দিফা করতে হবে। যেমনটা ইবনে তাইমিয়া রহ. অন্যত্র বলেছেন,

وأما قتال الدفع فهو أشد أنواع دفع الصائل عن الحرمة والدين واجب إجماعا ، فالعدو الصائل الذي يفسد الدين والدنيا لا شيء أوجب بعد الإيمان من دفعه، فلا يشترط له شرط بل يدفع بحسب الإمكان، وقد نص على ذلك العلماء أصحابنا وغيرهم. اهـ

"প্রতিরোধমূলক যুদ্ধ মুসলমানদের দ্বীন ও সম্মানের উপর আক্রমণকারীকে প্রতিরোধ করার সবচেয়ে গুরুতপূর্ণ স্তর, যা সর্বসম্মতিক্রমে ফরয। যে আগ্রাসী শক্তি মুসলমানদের দ্বীন-দুনিয়া উভয়টিকে ধ্বংস করে, ঈমান আনার পর তাকে প্রতিরোধের চেয়ে কোনো গুরুতর ফরয নেই। এই ক্ষেত্রে কোনো শর্ত প্রযোজ্য নয়, বরং সামর্থ্য অনুযায়ী প্রতিরোধ করতে হবে। আমাদের ফুকাহাগণ ও অন্যান্য ফুকাহায়ে কেরাম সুস্পষ্টভাবে তা বর্ণনা করেছেন।"- আলফাতাওয়াল কুবরা ৪/৬০৮

অন্যত্র বলেন,

فأما إذا أراد العدو الهجوم على المسلمين، فإنه يصير دفعه واجبًا على المقصودين كلهم، وعلى غير المقصودين؛ لإعانتهم، كما قال الله تعالى : {وَإِنِ اسْتَنصَرُوكُمْ فِي الدِّينِ فَعليكم النَّصْرُ إِلاَّ على قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُم مِّيثَاقٌ} [الأنفال : 72]، وكما أمر النبي صلى الله عليه وسلم بنصر المسلم، وسواء كان الرجل من المرتزقة للقتال أو لم يكن. وهذا يجب بحسب الإمكان على كل أحد بنفسه وماله، مع القلة والكثرة، والمشي والركوب، كما كان المسلمون لما قصدهم العدو عام الخندق لم يأذن الله في تركه لأحد، كما أذن في ترك الجهاد ابتداء لطلب العدو، الذي قسمهم فيه إلى قاعد وخارج. بل ذم الذين يستأذنون النبي صلى الله عليه وسلم: {يَقُولُونَ إِنَّ بُيُوتَنَا عَوْرَةٌ وَمَا هِيَ بِعَوْرَةٍ إِن يُرِيدُونَ إِلَّا فِرَارًا} [الأحزاب: 13]. اهـ

“শত্রু যখন মুসলমানদের উপর আক্রমণ করার ইচ্ছা করে, তখন যাদের উপর আক্রমণ করতে চায়, তাদের সকলের উপর ফরজ হয়ে যায় তাদেরকে প্রতিহত করা। যাদের উপর আক্রমণ করেনি, তাদের উপরও আক্রান্তদের সাহায্যে শত্রুর মোকাবেলা করা ফরজ হয়ে যায়। আল্লাহ তাআলা ইরশাদ করেন, ‘আর যদি তারা দ্বীনের জন্য তোমাদের সাহায্য চায়, তাহলে তোমাদের কর্তব্য তাদের সাহায্য করা। তবে তা যেন এমন ক্বওমের বিরুদ্ধে না হয়, যাদের সাথে তোমাদের চুক্তি রয়েছে।’ যেমন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

মুসলমানের সাহায্য করার আদেশ দিয়েছেন। (যার কাছে সাহায্য চাওয়া হচ্ছে) সে ব্যক্তি চাই যুদ্ধের জন্য বেতনভুক্ত হোক বা না হোক (উভয় অবস্থায়ই তার উপর আবশ্যক সাহায্য করা)। প্রত্যেকের সামর্থ্য অনুযায়ী জান এবং মাল দিয়ে সাহায্য করা ফরজ। কম-বেশি, পায়দল কিংবা সওয়ার হয়ে- যেভাবে সম্ভব। যেমন, খন্দকের বছর (আহযাব যুদ্ধে) যখন শত্রুরা মুসলমানদের উপর আক্রমণ চালায়, তখন আল্লাহ তায়ালা কাউকেই জিহাদ থেকে বিরত থাকার অনুমতি দেননি; যেমন অনুমতি দিয়েছিলেন আক্রমণাত্মক জিহাদের বেলায়, যেখানে আগে বেড়ে কাফেরদের উপর হামলা করা হয়। সেখানে মুসলমানদেরকে দুই ভাগে ভাগ করেছেন। অংশগ্রহণকারী ও তরককারী। কিন্তু এখানে যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে জিহাদ ত্যাগ করার অনুমতি চেয়েছিল, তাদের তিরস্কার করে বলেছেন, ‘তাদের একদল এই বলে যুদ্ধে না যাওয়ার অনুমতি চাইল যে, আমাদের বাড়ি-ঘরগুলো অরক্ষিত। অথচ বাস্তবে সেগুলো অরক্ষিত ছিল না; বরং তাদের অভিপ্রায় ছিল (কোনো উপায়ে) পালিয়ে যাওয়া’।”- মাজমুউল ফাতাওয়া ২৮/৩৫৮

ইবনুল কায়্যিম রহ. (৭৫১হি.) বলেন,

فقتال الدفع أوسع من قتال الطلب وأعم وجوبا ولهذا يتعين على كل أحد. يجاهد فيه العبد بإذن سيده وبدون إذنه والولد بدون إذن أبويه والغريم بغير إذن غريمه وهذا كجهاد المسلمين يوم أحد والخندق ولا يشترط في هذا النوع من الجهاد أن يكون العدو ضعفي المسلمين فما دون فإنهم كانوا يوم أحد والخندق أضعاف المسلمين فكان الجهاد واجبا عليهم لأنه حينئذ جهاد ضرورة ودفع لا جهاد اختيار. اهـ

“দিফায়ি জিহাদ ইকদামি জিহাদের তুলনায় বিস্তৃত ও ব্যাপকভাবে ফরজ হয়। এ কারণেই তা প্রত্যেকের উপর ফরজে আইন। গোলাম তাতে মনিবের অনুমতি নিয়ে, না নিয়ে উভয় অবস্থায়ই জিহাদ করবে। সন্তান পিতা-মাতার এবং ঋণগ্রস্ত ব্যক্তি ঋণদাতার অনুমতি ছাড়াই জিহাদ করবে। *এই প্রকার জিহাদের দৃষ্টান্ত উহুদ ও খন্দকের জিহাদ। এই প্রকার জিহাদে শত্রুসংখ্যা মুসলমানদের দ্বিগুণ বা তার কম হওয়া শর্ত নয়। কারণ, উহুদ ও খন্দকে কাফেরদের সংখ্যা মুসলমানদের চেয়ে অনেকগুণ বেশি ছিল। এরপরও জিহাদ ফরজ ছিল।* কারণ, এ জিহাদ করতে হয় জরুরি ভিত্তিতে এবং আক্রমণকারী শত্রুর প্রতিরোধে। এটি স্বেচ্ছাপ্রণোদিত (তথা ইকদামি) জিহাদ নয়।”- আলফুরূসিয়্যাতুল মুহাম্মাদিয়া ১৮৮

নিশ্চিত মৃত্যু জেনেও মোকাবেলা করা জায়েয বরং প্রশংসনীয়

পূর্বোক্ত আলেচনা থেকে স্পষ্ট, শত্রু সংখ্যা যতই হোক, মোকাবেলা করা কাশ্মিরিদের জন্য ফরয। দ্বিগুণ বা তার কম হওয়ার শর্ত প্রযোজ্য নয়। এ আলোচনা থেকে আশাকরি শায়খ আবু বকর মুহাম্মাদ যাকারিয়ার মূর্খতাও স্পষ্ট। শরীয়তের এমন সুস্পষ্ট বিষয় এবং যার ব্যাপারে স্বয়ং ইবনে তাইমিয়া রহ. এর স্পষ্ট নসও বিদ্যমান (যে ইবনে তাইমিয়াকে আশ্রয় করে তারা নিজেদেরকে সালাফি দাবি করে)- এমন স্পষ্ট বিষয়কে যারা অস্বীকার করে, অপব্যাখ্যা করে: তারা কিসের সালাফি? সালাফিয়্যাত আর হাদিস হাদিস করে এরা উম্মাহকে ধোঁকায় ফেলতে চায়। তাগুতের নেক

দৃষ্টি লাভের জন্য তারা সব কিছুই করে। এদের সাথে ইবনে তাইমিয়ার কি সম্পর্ক, আর সালাফিয়্যাতেরই বা কি সম্পর্ক? এগুলো সব ধোঁকা। শুধু আল্লাহ আরশে সমাসীন কি'না, তাবিজ ব্যবহার বৈধ কি'না- এসব মাসআলার জিগির তোলে সালাফিয়্যাতের রং লাগাতে চায়। যখন কুফর বিততাগুতের কথা আসে, কিতাল ফি সাবিলিল্লাহর কথা আসে- তখন মুনাফিকদের মতো এদের চোখ ছানা বড় হয়ে যায়, যেন মৃত্যুর মূর্চা শুরু হয়ে গেছে। এরা আর যাই হোক- ইবনে তাইমিয়ার সাথে এদের কোন সম্পর্ক নেই। সালাফিয়্যাত থেকেও এরা হাজারো লাখো ক্রোশ দূরে।

যাহোক, শায়খ মূর্খতা বা স্বার্থ হাসিলের উদ্দেশ্যে কুরআনে কারীমের আয়াতগুলোর অপব্যাখ্যা করে শত্রু সংখ্যা দ্বিগুণের বেশি হলে জিহাদ নিষেধ করে দিয়েছেন। আমরা আলহামদুলিল্লাহ দেখিয়েছি, কুরআন সুন্নাহর আলোকে এ কথা সম্পূর্ণ মিথ্যা আর ধোঁকা। শত্রু সংখ্যা বেশি এবং মৃত্যু নিশ্চিত জেনেও মোকাবেলা করা শুধু জায়েযই নয় বরং

প্রশংসনীয়। **শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর কয়েকটি সূরত তুলে ধরে বলেন,**

الرجل أو الطائفة يقاتل منهم أكثر من ضعفيهم إذا كان في "
"قتالهم منفعة للدين، وقد غلب على ظنهم أنهم يقتلون

كالرجل: يحمل وحده على صف الكفار ويدخل فيهم. ويسمي العلماء ذلك: "الانغماس في العدو"؛ فإنه يغيب فيهم كالشيء ينغمس فيه فيما يغمره.

وكذلك الرجل: يقتل بعض رؤساء الكفار بين أصحابه. مثل أن يثب عليه جهرة إذا اختلسه، ويرى أنه يقتله ويغتفل بعد ذلك

والرجل: ينهزم أصحابه فيقاتل وحده أو هو وطائفة معه العدو وفي ذلك نكاية في العدو، ولكن يظنون أنهم يقتلون
وَلُوطًا إِذْ قَالَ لِقَوْمِهِ أَتَأْتُونَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ أَحَدٍ مِنَ الْعَالَمِينَ (80) إِنَّكُمْ لَتَأْتُونَ الرِّجَالَ شَهْوَةً مِنْ دُونِ النِّسَاءِ بَلْ أَنْتُمْ قَوْمٌ مُسْرِفُونَ (81) وَمَا كَانَ جَوَابَ قَوْمِهِ إِلَّا أَنْ قَالُوا أَخْرِجُوهُمْ مِنْ قَرْيَتِكُمْ إِنَّهُمْ أُنَاسٌ يَتَطَهَّرُونَ (82) فَأَنْجَيْنَاهُ وَأَهْلَهُ إِلَّا امْرَأَتَهُ كَانَتْ مِنَ الْغَابِرِينَ (83) وَأَمْطَرْنَا عَلَيْهِمْ مَطَرًا فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِينَ (84)

“আমি লূতকেও পাঠালাম। যখন তিনি নিজ সম্প্রদায়কে বললেন, তোমরা কি এমন অশ্লীল কর্ম করছ, যা তোমাদের আগে সারা বিশ্বে কেউ করেনি? তোমরা কামেচ্ছা পূরণের জন্য নারীদের ছেড়ে পুরুষদের কাছে যাও! (আর এটা তো কোন আকস্মিক ব্যাপার নয় বরং তোমরা এমন লোক যে,

(সভ্যতার) সীমা চরমভাবে লংঘন করেছো। তার সম্প্রদায়ের উত্তর ছিল কেবল এই যে, ‘এদেরকে তোমাদের জনপদ থেকে বের করে দাও। এরা তো এমন লোক, যারা বড় পবিত্র থাকতে চায়।’ অতঃপর (যখন আমার আযাব এলো,) তখন আমি তাকে ও তার পরিবারবর্গকে (জনপদ থেকে বের করে) রক্ষা করলাম। তবে তার স্ত্রী ছাড়া। সে অবশিষ্ট লোকদের মধ্যে শামিল থাকলো (যাদের উপর আযাব আপতিত হল)। আমি তাদের উপর (পাথরের) বৃষ্টি বর্ষণ করলাম। সুতরাং চেয়ে দেখ, অপরাধীদের পরিণাম কেমন ভয়াবহ হয়েছিল!” (আ’রাফ: ৮০-৮৪)

وَأَمْطَرْنَا عَلَيْهِمْ مَطَرًا فَسَاءَ مَطَرُ الْمُنْذَرِينَ (58)

“আমি তাদের উপর বর্ষণ করলাম এক মারাত্মক (পাথর) বৃষ্টি। আগে থেকেই যেসব লোককে সতর্ক করা হয়েছিল, তাদের উপর বর্ষিত সে বৃষ্টি কতই না মন্দ ছিল!” (নামল: ৫৮)

فَلَمَّا جَاءَ أَمْرُنَا جَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِنْ سِجِّيلٍ مَنْضُودٍ (82) مُسَوَّمَةً عِنْدَ رَبِّكَ وَمَا هِيَ مِنَ الظَّالِمِينَ بِبَعِيدٍ (83)

“অতঃপর যখন আমার আদেশ এসে গেল, তখন আমি সে জনপদের উপর দিককে নিচের দিকে উল্টিয়ে দিলাম এবং তাদের উপর থাকে থাকে পাকা মাটির পাথর বর্ষণ করলাম, যা আপনার প্রতিপালকের পক্ষ হতে চিহ্নিত ছিল। সে জনপদ এই জালিমদের থেকে দূরে নয়।” (হুদ: ৮২-৮৩)

فَأَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُشْرِقِينَ (73) فَجَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهِمْ حِجَارَةً مِنْ سِجِّيلٍ (74) إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِلْمُتَوَسِّمِينَ (75)

“সুতরাং সূর্যোদয় হওয়া মাত্রই মহানাদ তাদের আঘাত করল। অনন্তর আমি সে ভূখণ্ডকে উল্টিয়ে উপর-নিচ করে দিলাম এবং তাদের উপর পাকা মাটির পাথর-ধারা বর্ষণ করলাম। নিশ্চয়ই অনুসন্ধানীদের জন্য এসব ঘটনার মাঝে বহু নিদর্শন রয়েছে।” (হিজর: ৭৩-৭৫)

হাদিস শরীফে সমকামিদের হত্যা করে দিতে বলা হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

(من وجدتموه يعمل عمل قوم لوط فاقتلوا الفاعل والمفعول به)

“কাউকে লূত আলাইহিস সালামের কাওমের মতো কাজ

(অর্থাৎ সমকামিতা) করতে দেখলে যে করেছে এবং যার সাথে করেছে, তাদের উভয়কে হত্যা করে দাও।” (আবু দাউদ: ৪৪৬৪ , তিরিমিযি: ১৪৫৬)

তবে সমকামিদের শাস্তির ব্যাপারে আইম্মায়ে কেরামের দ্বিমত আছে:

কেউ কেউ বলেন, তাদেরকে সর্বাবস্থায় হত্যা করে দিতে হবে।

কেউ কেউ বলেন, তাদের শাস্তি যিনার শাস্তির অনুরূপ। অর্থাৎ অবিবাহিত হলে একশো বেত্রাঘাত আর বিবাহিত হলে রজম তথা প্রস্তরাঘাতে হত্যা। তাদের মতে সমকামিতা যিনার মতোই হদের অন্তর্ভুক্ত।

আবার কারো কারো মতে তাদের শাস্তি হদের অন্তর্ভুক্ত নয়। তাদের শাস্তি যিনার শাস্তির অনুরূপ নয়। আবার সর্বাবস্থায় তাদের হত্যা করাও আবশ্যক নয়। বরং তাদের শাস্তি তা’যিররূপে গণ্য। তা’যির বলা হয় অনির্ধারিত শাস্তিকে। অর্থাৎ

ইমামুল মুসলিমীন যে ধরণের শাস্তি উপযুক্ত মনে করবেন দিতে পারবেন। যদি প্রহার ও বন্দীর দ্বারাই তারা বিরত হবে মনে হয়, তাহলে এতেই ক্ষান্ত রাখবেন। কিন্তু যারা এ কাজে অভ্যস্ত হয়ে পড়বে, তাদেরকে হত্যা করে দেবেন। বিবাহিত হলেও, অবিবাহিত হলেও।

ইমামুল মুসলিমীন এদেরকে অত্যন্ত ভয়াবহ পন্থায় হত্যা করবেন। যেমন:

১. আগুন দিয়ে জ্বালিয়ে দেবেন।
২. কিংবা দেয়াল ধ্বসিয়ে দিয়ে চাপা দিয়ে হত্যা করবেন।
৩. কিংবা উঁচু পাহাড় বা বিল্ডিংয়ের উপর থেকে নিক্ষেপ করবেন। পড়ন্ত অবস্থায় উপর থেকে পাথর বর্ষণ করবেন, যেমনটা লূত আলাইহিস সালামের কওমের সাথে করা হয়েছে।
৪. কিংবা অতীব দূর্গন্ধময় স্থানে আটকে রাখবেন, যতক্ষণ না দূর্গন্ধের প্রকটতায় মৃত্যুমুখে পতিত হয়।
(দেখুন: হেদায়া: ২/৫১৬, ফাতহুল কাদির: ৫/২৪৯-২৫২, রদ্দুল মুহতার: ৪/২৭)

বি.দ্র.

*জুলহাজ মান্নান ও তার সমকামি বন্ধু সামির মাহবুব তনয় যদি মুরতাদ নাও হয়ে থাকতো, তাহলেও শুধু এ সমকামিতার অপরাধে এবং তার প্রচার-প্রসারের অপরাধেই তাদের হত্যা করে দেয়া আবশ্যক হতো। *এমন নাপাক কীটদের যমিনে বেঁচে থাকার অধিকার নেই।*

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে- ১১

চার. নামায তরককারী

নামায তরককারীর ব্যাপারে আইম্মায়ে কেরামের মতভেদ রয়েছে।

হানাফি মাযহাব মতে নামায তরককারীকে বন্দী করে শাস্তি দিতে থাকা হবে। যতদিন নামায পড়তে শুরু না করবে, ততদিন জেলে আটকে রেখে শাস্তি দিতেই থাকা হবে। হয়তো নামায পড়তে সম্মত হবে, নয়তো এভাবে বন্দী অবস্থায়ই মারা যাবে।

আর আইম্মায়ে সালাসা (মালেক, শাফিয়ি ও আহমাদ) রাহিমাহুমুল্লাহর অভিমত অনুযায়ী- বন্দী করার পর যদি নামায পড়তে সম্মত না হয়, তাহলে হত্যা করে দেয়া হবে।

তবে কি হিসাবে হত্যা করা হবে সেটাতে মতভেদ আছে। আহমদ রহ. এর মতে সে মুরতাদ হয়ে গেছে। মুরতাদ হিসেবে হত্যা করা হবে। আর মালেক রহ. ও শাফিয়ি রহ. এর মতে হদরূপে হত্যা করা হবে, যেমন বিবাহিত যিনাকারকে হদরূপে হত্যা করা হয়। অর্থাৎ তাদের মতে সে মুরতাদ হয়নি, তবে যিনার শাস্তির মতো নামায তরকের শাস্তি হল- হত্যা।

অর্থাৎ আহমাদ রহ. এর মতে নামায তরককারী মুরতাদ। মুরতাদ হিসেবে তাকে হত্যা করা হবে। আর বাকি তিন ইমামের মতে মুরতাদ নয়। তবে মালেক রহ. ও শাফিয়ি রহ. এর মতে হদরূপে হত্যা করা হবে। আর আবু হানিফা রহ. এর মতে জেলে বন্দী রেখে শাস্তি দেয়া হবে।
[দেখুন: কিতাবুস সালাত ওয়া হুকমু তারিকিহা- ইবনুল কায়্যিম রহ. (৭৫১হি.); পৃষ্ঠা: ১২-১৩]

পাঁচ. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে কটুক্তিকারী

আইম্মায়ে কেরাম সকলে একমত যে, সাধারণ মুরতাদের শাস্তি হল- হত্যা করে দেয়া। তবে যদি তাওবা করে মুসলমান হয়ে যায় তাহলে তার তাওবা কবুল করা হবে। তখন আর হত্যা করা হবে না।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে যে কটুক্তি করবে, সে সর্বসম্মতিতে মুরতাদ। তবে সাধারণ মুরতাদ যেমন তাওবা করে মুসলমান হয়ে গেলে তার তাওবা কবুল করে হত্যা না করে ছেড়ে দেয়া হয়, এর ব্যাপারেও এমনটি করা হবে কি'না সেটা মতভেদপূর্ণ।

মালেকি ও হাম্বলি মাযহাব মতে দুনিয়াতে তার তাওবা গ্রহণযোগ্য নয়। তাকে সর্বাবস্থায় হত্যা করতে হবে। কেননা, তাদের মতে কটুক্তিকারী মুরতাদের শাস্তি হদের অন্তর্ভুক্ত। আর হদ তাওবা করার দ্বারা মাফ হয় না। যেমন- কারো

ব্যাপারে সাক্ষ্য-প্রমাণ দিয়ে যিনা প্রমাণিত হওয়ার পর যদি সে তাওবা করে, তাহলে আল্লাহ তাআলা তাকে আখেরাতে মাফ করবেন ঠিকই, কিন্তু দুনিয়াতে অবশ্যই তার উপর যিনার শাস্তি কায়েম করতে হবে। তদ্রূপ কটুক্তিকারী (মুসলিম হোক অমুসলিম হোক) তাওবা করে মুসলমান হয়ে গেলে আখেরাতে আল্লাহ তাআলার কাছে মাফ পেয়ে যাবে, কিন্তু দুনিয়াতে অবশ্যই তাকে হদরূপে হত্যা করে দিতে হবে।

শাফিয়ি মাযহাব মতে কটুক্তিকারীর শাস্তি কোন কোন সূরতে হদের অন্তর্ভুক্ত (তখন তাকে মুসলমান হয়ে গেলেও হত্যা করে দিতে হবে) আর কোন কোন সূরতে হদের অন্তর্ভুক্ত নয় (তখন তাওবা করে মুসলমান হলে মাফ করে দেয়া হবে)।

হানাফি মাযহাব মতে কটুক্তিকারী মুরতাদের শাস্তি অন্যান্য মুরতাদদের মতোই। হদের অন্তর্ভুক্ত নয়। তাই তাওবা করে মুসলমান হয়ে গেলে হত্যা করা হবে না। তবে কোন যিম্মি যদি কটুক্তির পর তাওবা করে মুসলামন হয়, তাহলে তার ব্যাপারে একটু ভিন্নতা আছে। তাহলো- যদি পাকড়াও করার আগেই মুসলমান হয়ে যায়, তাহলে হত্যা করা হবে না। আর পাকড়াও করার পর মুসলমান হয়ে গেলেও হত্যা করে দিতে

হবে।

[দেখুন: ফাতাওয়া শামী, ৪/২৩৩, বাবুল মুরতাদ; ৪/২১৫, বাবুল উশরি ওয়াল খারাজি ওয়াল জিযইয়া]

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১২

দুই. কেসাস (القصاص)

কেউ কাউকে হত্যা করলে হত্যার বদলায় তাকেও হত্যা করা, কিংবা কেউ কারো কোন অঙ্গ নষ্ট করলে অঙ্গের বদলায় তারও উক্ত অঙ্গ নষ্ট করাকে কেসাস বলে। তবে আমাদের এ আলোচনায় কেসাস দ্বারা হত্যার বদলে হত্যা উদ্দেশ্য।

কোন মুসলমান অন্যায়ভাবে কাউকে হত্যা করলে কেসাসের বিধান রয়েছে। তবে কিছু শর্ত সাপেক্ষে। যে কাউকে হত্যা করলেই তার বিপরীতে হত্যাকারীকে হত্যা করা হবে- এমনটা নয়।

কেসাসের বিধান আরোপ হওয়ার জন্য মৌলিকভাবে দু'টি শর্ত বলা যায়-

প্রথম শর্ত

যাকে হত্যা করা হয়েছে সে ব্যক্তি محقون الدم على التابيد হতে হবে। অর্থাৎ এমন ব্যক্তি হতে হবে, শরীয়ত যার জীবনের নিরাপত্তা দিয়ে রেখেছে এবং শরীয়ত সম্মত কোন কারণ না পাওয়া গেলে চিরদিনের জন্য তাকে হত্যা করা নিষিদ্ধ করে দিয়েছে।

উপরোক্ত মূলনীতির নিম্নোক্ত ব্যক্তিদের হত্যার দ্বারা কেসাস আসবে না-

১. হরবি তথা এমন কাফের যাদের সাথে মুসলমানদের কোন চুক্তি নেই।

২. মুআহাদ তথা এমন কাফের যাদের সাথে সাময়িক যুদ্ধ বিরতি চুক্তি হয়েছে।

৩. মুসতা'মিন তথা এমন কাফের যে মুসলমানদের অনুমোদন

নিয়ে সাময়িক সময়ের জন্য দারুল ইসলামে এসেছে। এদের কাউকে হত্যার দ্বারা কেসাসের বিধান আসবে না। অর্থাৎ কোন মুসলমান এ তিন শ্রেণীর কোন কাফেরকে হত্যা করলে তার বিপরীতে উক্ত মুসলামনকে হত্যা করা হবে না। কারণ, এসব কাফেরের জান-মাল মূলত মুসলমানদের জন্য হালাল। মূলত এদেরকে হত্যা করাও বৈধ, তাদের মাল-সম্পদ লুট করাও বৈধ।

সরাসরি হরবি তথা যেসব কাফেরের সাথে কোন চুক্তি নেই- তাদের বিষয়টা তো স্পষ্টই। আর বাকি দুই প্রকার কাফের তথা মুআহাদ ও মুসতা'মিনকে যদিও চুক্তি ও নিরাপত্তা দানের কারণে আপাতত হত্যা করা বৈধ নয়, কিন্তু মূলত তাদের জান-মাল মুসলমানদের জন্য হালাল। চুক্তি বা নিরাপত্তার মেয়াদ শেষ হয়ে গেলেই অন্যান্য হরবি কাফেরের মতো তাদের হত্যা করা ও মাল লুণ্টন করা হালাল হয়ে যাবে। অতএব, তাদের জান-মাল চিরদিনের জন্য সংরক্ষিত নয়। তাই তাদের হত্যা দ্বারা কোন মুসলমানের উপর কেসাসের বিধান আরোপিত হবে না। অবশ্য চুক্তি ও নিরাপত্তা বহাল থাকাবস্থায় হত্যা করার কারণে মুসলমান গুনাহগার হবে।

কাফেরের চতুর্থ প্রকার- যিম্মি। তথা মুসলমানদের বশ্যতা স্বীকার করে জিযিয়া প্রদান করত দারুল ইসলামের বসবাসকারী কাফের। এদের হত্যার দ্বারা মুসলমান থেকে কেসাস নেয়া হবে কি'না সেটা আইম্মায়ে কেরামের মাঝে মত বিরোধপূর্ণ।

৪. মুরতাদ। কেননা, তার জীবনের নিরাপত্তা শেষ। তাকে হত্যা করা ফরয।

• এমনসব মুসলমানকে হত্যার দ্বারা কেসাস আসবে না, যারা হত্যাযোগ্য কোন অপরাধে লিপ্ত হয়েছে, তাদের নিজেদের স্বীকারোক্তি কিংবা শরয়ী সাক্ষ্য-প্রমাণ দিয়ে উপরোক্ত অপরাধ প্রমাণিত হয়েছে এবং দারুল ইসলামের শরয়ী কাযি তাদের হত্যার ফায়সালা দিয়েছেন। যেমন-

৫. বিবাহিত যিনাকারী পুরুষ বা মহিলা।

৬. ডাকাত ও রাহজান (পুরুষ হোক বা মহিলা)।

অতএব, যদি কাযি সাহেব কোন মুসলমানকে যিনা বা রাহজানির কারণে হত্যার ফায়সালা দেন, অতঃপর সরকারী জল্লাদ বা হত্যায় নিয়োজিত সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কোন সাধারণ মুসলমান তাকে হত্যা করে ফেলে- তাহলে উক্ত মুসলমানের উপর কেসাস আসবে না। অর্থাৎ হত্যার বদলে তাকে হত্যা করা হবে না। কেননা, মুসলমানের জান-মাল সুরক্ষিত হলেও সে যে মুসলামনকে হত্যা করেছে, সে মুসলমান সুরক্ষিত নয়। বরং শরয়ী দৃষ্টিকোণ থেকে সে হত্যাযোগ্য। তাই তাকে হত্যার কারণে কেসাস আসবে না। অবশ্য কাযি সাহেবের আদেশ ছাড়াই নিজে নিজে হত্যা করার কারণে তাকে তা'যির করা হবে। কিন্তু কাযি সাহেবের ফায়সালা দেয়ার আগেই যদি হত্যা করে দেয়, তাহলে মাসআলা ভিন্ন।

দ্বিতীয় শর্ত

قتل العمد হতে হবে। তথা জেনে-শুনে ইচ্ছাকৃত হত্যা করতে হবে। অতএব, কোন মুসলমান যদি অন্য কোন মুসলমানকে অজান্তে বা ভুলবশত হত্যা করে ফেলে তাহলে এ হত্যার

বিপরীতে কেসাস আসবে না। অবশ্য রক্তমূল তথা দিয়াত দিতে হবে এবং ইস্তিগফার করতে হবে। আল্লাহ তাআলার কাছে গুনাহ মাফ চাইতে হবে।

উল্লেখ্য যে, যাকে হত্যা করা হয়েছে, তার অভিভাবকরা ইচ্ছা করলে হত্যাকারীকে হত্যাও করতে পারে, ইচ্ছে করলে মাফও করে দিতে পারে। আবার ইচ্ছে করলে হত্যার বদলে দিয়াতও আদায় করতে পারে। অবশ্য দিয়াত আদায় করতে হলে হত্যাকারী তাতে সম্মত হতে হবে কি'না সেটা আইম্মায়ে কেরামের মাঝে মতবিরোধপূর্ণ।

সারকথা এই দাঁড়াল-

মুরতাদকে কিংবা যিম্মি ছাড়া অন্য কোন কাফেরকে হত্যার দ্বারা কেসাস আসবে না। যিম্মিকে হত্যার দ্বারা কেসাস আসবে কি'না সেটা মতবিরোধপূর্ণ। আর যেসব মুসলমানের ব্যাপারে যিনা বা রাহজানিতে লিপ্ত হওয়ার কারণে শরয়ী কাযি কর্তৃক হত্যার ফায়সালা এসেছে, তাদের হত্যার দ্বারাও কেসাস আসবে না। যাদের হত্যার দ্বারা কেসাসের বিধান আরোপিত

হয়, নিহতের অভিভাবকরা ইচ্ছে করলে সেখানেও কেসাস না নিয়ে মাফ করে দেয়ার কিংবা দিয়াত আদায় করার সুযোগ রয়েছে।

তবে হদ এর ব্যতিক্রম। হদ মাফ করার কিংবা তার বদলে দিয়াত বা কোন অর্থ আদায় করার অবকাশ নেই।

[দেখুন: ফাতাওয়া শামী: ৬/৫৩২-৫৩৪, ফি মা ইউজিবুল ক্বাওয়াদ ওয়া মা লা ইউজিবুহ্; হেদায়া: ২/২০২, বাবুশ শাহাদাতি আলায যিনা ওয়ার রুজুয়ি আনহা; ফাতহুল ক্বাদির: ৫/৪১৬, বাবু কত্বয়িত তরীক; আহকামুল ক্বুরআন- জাসসাস: ১/১৭৪, সূরা বাক্বারা, আয়াতুল কেসাস।]

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১৪

চার. সিয়াসত (السياسة) ও তা'যির (التعزير) হিসেবে হত্যা

সিয়াসত ও তা'যির সমার্থক। শরীয়তে যেসব অপরাধের শাস্তি সুনির্ধারিত নয় যেসব অপরাধের শাস্তি ইমামুল মুসলিমিন, সুলতান ও কাযির বিবেচনার উপর ন্যস্ত। যেখানে যে পরিমাণ

শাস্তি দেয়া মুনাসিব মনে হয় সে পরিমাণ দেবেন। যে পরিমাণের দ্বারা অপরাধীকে বিরত রাখা ও সমাজ থেকে সব ধরণের অন্যায়-অনাচার ও বিশৃংখলা দূর করে ভারসাম্য ও শান্তিপূর্ণ দ্বীনি সমাজ প্রতিষ্ঠা করা ও বহাল রাখা যায়, সে পরিমাণ শাস্তিই দেবেন। তবে প্রয়োজনের চেয়ে বেশি দেয়া জায়েয নয়। এ শাস্তির নির্দিষ্ট নিয়ম-নীতি ও সীমারেখা আছে। আল্লাহ চাহেন তো হদ-তা'যির নিয়ে আলাদাভাবে লিখার ইচ্ছা আছে। সেখানে এ সম্পর্কে ইনশাআল্লাহ কিছুটা বিস্তারিত আলোচনা করবো।

হত্যার মাধ্যমেও তা'যির হতে পারে। সাধারণত একে القتل سياسةً তথা সিয়াসতরূপে হত্যা বলা হয়। যেসব অপরাধের শাস্তি সুনির্ধারিত নয়, কিন্তু অপরাধগুলো এমন যে, সেগুলোর প্রভাব অন্যের উপর পড়ে, জনজীবন অতিষ্ট হয়ে পড়ে, সমাজের শান্তি-শৃংখলা বিনষ্ট হয়- সেগুলোতে হত্যার বিধান রয়েছে। এসব অপরাধ যখন কোন ব্যক্তি বার বার করতে থাকে, তখন তাকে হত্যা করে দিতে হয়। তদ্রূপ, যেসকল ব্যক্তি দ্বীনি পরিবেশ নষ্ট করে, যাদের দ্বারা দ্বীন বিকৃতির আশঙ্কা হয়- তাদেরকেও হত্যার বিধান রয়েছে।

এক কথায় বলতে গেলে- যারা সমাজে দ্বীনি বা দুনিয়াবি ফাসাদ ও বিপর্যয় ঘটায়, তাদেরকে হত্যা করে দেয়া হবে- যদিও তারা মুসলমান হয়, নামায-রোযাসহ অন্য সকল যাবতীয় ইবাদত বন্দেগীর পাবন্দ হয়।

কুরআন সুন্নাহয় ফাসাদকারীদেরকে হত্যার নির্দেশনা এসেছে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{ مَنْ قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الْأَرْضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ جَمِيعًا}

"কাউকে হত্যা বা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি ব্যতীতই কেউ কাউকে হত্যা করলে, সে যেন গোটা মানব জাতিকে হত্যা করল।" (মায়েদা: ৩২)

এ আয়ত থেকে বুঝা যায়, কেউ কাউকে হত্যা করলে হত্যার বদলে তাকে হত্যা করা যাবে। তদ্রূপ কেউ পৃথিবীতে ফাসাদ ও বিশৃংখলা করে বেড়ালে তাকেও হত্যা করা যাবে।

ইমাম জাসসাস রহ. (৩৭০হি.) বলেন,

فكان في مضمون الآية إباحة قتل المفسد في الأرض. اهـ

"আয়াত বুঝাচ্ছে- যমিনে বিশৃংখলাকারীকে হত্যা করা বৈধ।" (আহকামুল কুরআন: ২/৫০৫)

দ্বীনি-দুনিয়াবি উভয় ধরণের ফাসাদ এ আয়াতে অন্তর্ভুক্ত।

দুনিয়াবি ফাসাদ, যেমন: চুরি, ডাকাতি, রাহজানি, সন্ত্রাসী, খুন, ধর্ষণ, যাদু-টোনা ইত্যাদির মাধ্যমে সমাজের শান্তি-শৃংখলা নষ্ট করা, জনজীবন অতিষ্ট করে তোলা।
দ্বীনি ফাসাদ, যেমন: ইলহাদ, যান্দাকাহ্, নাস্তিকতা, বিদআত ইত্যাদি ছড়ানো।

এ উভয় ধরণের ফাসাদকারীকেই হত্যা করা যাবে- যদি হত্যা ব্যতীত তার অনিষ্ট দমন সম্ভব না হয়। এ ধরণের হত্যাকে সিয়াসত বলে।

সিয়াসত কাকে বলে?

উপরোক্ত আলোচনা থেকে সিয়াসত সম্পর্কে আশাকরি কিঞ্চিত ধারণা হয়েছে। তবে সিয়াসতের পরিধি অনেক ব্যাপক। শুধু হত্যার মাঝেই সীমাবদ্ধ নয়। তদ্রূপ কোন এক প্রকার অপরাধের মাঝেই সীমাবদ্ধ নয়। সিয়াসত সকল বিষয়ের সাথেই জড়িত। সমাজের শান্তি-শৃংখলা বজায় রাখার জন্য যেসব কর্মপন্থা গ্রহণ করা দরকার তার সবগুলোকেই সিয়াসত বলে। তবে তা শরীয়ত বহির্ভূত না হতে হবে। শরীয়ত বহির্ভূত হলে তা আর ইসলামী সিয়াসত থাকবে না, জুলুমে পরিণত হবে, যা আল্লাহ তাআলা হারাম করেছেন।

ইবনুল কায়্যিম রহ. (৭৫১হি.) ইবনে আকীল রহ. (৫১৩হি.) থেকে সিয়াসতের সংজ্ঞা বর্ণনা করেন,

السياسة ما كان فعلا يكون معه الناس أقرب إلى الصلاح وأبعد عن الفساد وإن لم يضعه الرسول صلى الله عليه و سلم ولا نزل به وحي. اهـ

“সিয়াসত হচ্ছে এমন কর্মপন্থা, যারা মাধ্যমে লোকজন কল্যাণ ও শৃংখলার অধিকতার নিকটবর্তী হবে এবং ফাসাদ ও বিপর্যয় থেকে অধিকতর দূরে থাকবে; যদিও তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রণয়ন করেননি এবং সে ব্যাপারে কোন ওহীও নাযিল হয়নি।” (আততুরুকুল হুকমিয়্যাহ্: ১৭)

উদ্দেশ্য- যদিও সে ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুস্পষ্ট কোন নির্দেশনা নেই এবং সুস্পষ্ট কোন ওহীও সে ব্যাপারে অবতীর্ণ হয়নি; কিন্তু শরীয়তের মূলনীতির দাবি এমনই। অর্থাৎ যেসব বিষয়ে শরীয়তের সুস্পষ্ট কোন বিধান নেই, সেগুলোতে শরীয়তের সার্বিক মূলনীতির আলোকে সিদ্ধান্ত গ্রহণ করা হল সিয়াসত। পক্ষান্তরে যদি তা শরীয়তের সুস্পষ্ট বিধানের বিপরীত হয় কিংবা শরীয়তের মূলনীতির পরিপন্থী হয়, তাহলে তা ইসলামী সিয়াসত থাকবে না, জালেম সিয়াসতে পরিণত হবে।

ইবনুল কায়্যিম রহ. (৭৫১হি.) বলেন,

فإن السياسة نوعان: سياسة ظالمة فالشريعة تحرمها، وسياسة عادلة تخرج الحق من الظالم الفاجر فهي من الشريعة. اهـ

“সিয়াসত দুই প্রকার: ১. জালেম সিয়াসত; শরীয়ত একে হারাম ঘোষণা করে। ২. আদেল তথা ইনসাফপূর্ণ সিয়াসত, যা জালেম ও পাপিষ্ঠের নিকট থেকে প্রাপ্য উদ্ধার করে। এটি শরীয়তের অন্তর্ভুক্ত।” (আততুরুকুল হুকমিয়্যাহ্: ১০)

তিনি আরোও বলেন,

فلا يقال إن السياسة العادلة مخالفة لما نطق به الشرع بل هي موافقة لما جاء به بل هي جزء من أجزائه ونحن نسميها سياسة تبعا لمصطلحهم وإنما هي عدل الله ورسوله. اهـ

“কাজেই এ কথা বলার সুযোগ নেই যে, ইনসাফপূর্ণ সিয়াসত শরীয়তের ভাষ্যের পরিপন্থি। বরং তা শরীয়ত যা নিয়ে এসেছে তার সাথে সামঞ্জস্যপূর্ণ। বরং তা শরীয়তেরই একটি অংশ, যদিও তোমাদের পরিভাষার অনুকরণে আমরা তাকে সিয়াসত নাম দিচ্ছি। প্রকৃতপক্ষে তা আল্লাহ ও তার রাসূল প্রদত্ত ইনসাফপূর্ণ বিধান।” (আততুরুকুল হুকমিয়্যাহ্: ১৮)

অতএব, নিজের মনগড়া বিধান ও ফায়সালা দিয়ে দেয়ার নাম ইসলামী সিয়াসত নয়, বরং শরয়ী উসূল ও মূলনীতির আলোকে সিদ্ধান্ত গ্রহণ হলো ইসলামী সিয়াসত। শরয়ী

উসূলের পরিপন্থি হলে তা আর ইসলামী সিয়াসত থাকবে না, জুলুম ও হারামে পরিণত হবে।

ইবনে আবিদিন রহ. (১২৫২হি.) বলেন,

أشار كلام الفتح إلى أن السياسة لا تختص بالزنا وهو ما عزاه الشارح إلى النهر. وفي القهستاني: السياسة لا تختص بالزنا بل تجوز في كل جناية، والرأي فيها إلى الإمام على ما في الكافي ... فالسياسة استصلاح الخلق بإرشادهم إلى الطريق المنجي في الدنيا والآخرة. اهـ

“ফাতহুল কাদিরের বক্তব্য এদিকে ঈঙ্গিত করে যে, সিয়াসত শুধু যিনার মাঝেই সীমাবদ্ধ নয়। ... কুহুসতানিতে রয়েছে, ‘সিয়াসত শুধু যিনার মাঝেই সীমাবদ্ধ নয়, বরং তা প্রত্যেক অপরাধের ক্ষেত্রেই বৈধ। এ ব্যাপারে সিদ্ধান্তের ভার ইমামুল মুসলিমীনের উপর ন্যস্ত। ... অতএব, সিয়াসত হচ্ছে- দুনিয়া ও আখেরাত উভয় বিষয়ে যে পথে মুক্তি মিলবে, সে পথের নির্দেশনা দানের মাধ্যমে সৃষ্টি জগতকে যথোপোযুক্ত পরিচালনা করা।” (রদ্দুল মুহতার: ৪/১৫)

ইমামুল মুসলিমিন বলতে শুধু তিনিই উদ্দেশ্য নন, বরং তার নিয়োগকৃত সুলতান, কাযি ও আমীর-উমারা সকলেই উদ্দেশ্য। সকলেই নিজ নিজ গণ্ডির ভেতর থেকে সিয়াসত প্রয়োগ করতে পারবেন। (দেখুন- রদ্দুল মুহতার: ৪/১৫)

সিয়াসতের পরিধি অনেক বড়। ক্ষেত্র বিশেষে শরীয়তের ভিতরে থেকে কোন কোন বিষয়ে এবং কারো কারো ব্যাপারে একটু শিথিলতা অবলম্বন করতে হয়। এটাও সিয়াসত। যেমন- মুসলিম বাহিনি দারুল হরবে থাকাবস্থায় হদ কায়েম করতে হাদিসে নিষেধ করা হয়েছে। কেননা, দারুল হরবে যুদ্ধাবস্থায় একজন সৈনিকের গুরুত্ব ও প্রয়োজন অনেক। তার হাত কেটে দিলে বা পা কেটে দিলে মুসলমানদের দুর্বলতা আসবে। কাফেরদের শক্তি ও সাহস বাড়বে। অধিকন্তু যার উপর হদ কায়েম করা হয়েছে সে ক্ষোভের শিকার হয়ে কাফেরদের সাথে গিয়ে মিলিত হয়ে যেতে পারে। তখন হদ কায়েমটা কল্যাণের কারণ না হয়ে বরং অকল্যাণের কারণ হয়ে যাবে।

এখানে দারুল ইসলামে ফিরা পর্যন্ত হদ কায়েমে বিলম্ব করা হচ্ছে। বাহ্যিক দৃষ্টিতে যদিও এটা কুরআনে কারিমের নির্দেশের পরিপন্থি- কেননা, কুরআনে কারিমে হদ কায়েমে বিলম্বের কথা নেই; কিন্তু শরীয়তের মূলনীতির আলোকে এটাই সিয়াসতের দাবি। কেননা, বিলম্ব করার দ্বারা হদও কায়েম করা যাচ্ছে এবং যে অকল্যাণ সাধিত হওয়ার আশঙ্কা ছিল, তাও প্রতিহত করা সম্ভব হচ্ছে। তাই এখানে হদ কায়েম বিলম্ব করাটাই শরীয়তের দাবি।

যাহোক, বুঝানো উদ্দেশ্য- শরীয়তের ভিতরে থেকে কোন কোন ক্ষেত্রে একটু শিথিলতা অবলম্বন করাও সিয়াসতের অন্তর্ভুক্ত। আবার অনেক ক্ষেত্রে কঠোর বিধান আরোপ করাও সিয়াসতের অন্তর্ভুক্ত। যেমন- চোরের শাস্তি হল: প্রথমবার চুরি করলে ডান হাত কেটে দেয়া, দ্বিতীয়বার চুরি করলে বাম পা কেটে দেয়া। এ দু’টি শাস্তি হদ হিসেবে নির্ধারিত। তাই এর ব্যতিক্রম করা যাবে না। তৃতীয় বার ও চতুর্থ বার চুরি করলে কি শাস্তি (হানাফি মাযহাব মতে) তা শরীয়তে নির্ধারিত নেই। মুনাসিব মনে হলে জেলে ভরে রাখতে পারেন, আবার যথাক্রমে বাম হাত ও ডান পা কেটে দিতে পারেন। আবার মুনাসিব মনে

হলে হত্যাও করে দিতে পারেন। চুরির শাস্তি যদিও হত্যা নয়, কিন্তু তৃতীয় ও চতুর্থ বার চুরি করলে হত্যা করা সিয়াসতের দাবি। কারণ, এ অবস্থায় সে আর স্বাভাবিক চোর থাকেনি, বরং মুফসিদ ফিল আরদ তথা যমিনে ফাসাদ ও বিপর্যয় সৃষ্টিকারীতে পরিণত হয়েছে। তার কারণে জনগণের মালের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। এটা একটা ফাসাদ। আর ফাসাদকারীকে হত্যা করে দেয়ার কথা কুরআনে কারীমে এসেছে, যেমনটা একটু আগে আয়াত উল্লেখ করেছি। তাই তৃতীয় বা চতুর্থ বারে চোরকে হত্যা করে দেয়া শরীয়তের পরিপন্থি নয়, বরং এটাই শরীয়তের উসূল ও মূলনীতির দাবি। এ চোরের ক্ষেত্রে এটাই ইসলামী সিয়াসত।

ইবনে আবিদিন রহ. (১২৫২হি.) বলেন,

عرفها بعضهم بأنها: "تغليظ جناية لها حكم شرعي حسما لمادة الفساد"، وقوله: " لها حكم شرعي" معناه أنها داخلة تحت قواعد الشرع وإن لم ينص عليها بخصوصها؛ فإن مدار الشريعة بعد قواعد الإيمان على حسم مواد الفساد لبقاء العالم، ولذا قال في البحر: وظاهر كلامهم أن السياسة هي فعل شيء من الحاكم لمصلحة يراها وإن لم يرد بذلك الفعل دليل جزئي اهـ.

وفي حاشية مسكين عن الحموي: السياسة شرع مغلظ، وهي نوعان: سياسة ظالمة فالشريعة تحرمها. وسياسة عادلة تخرج الحق من الظالم، وتدفع كثيرا من المظالم، وتردع أهل الفساد، وتوصل إلى المقاصد الشرعية فالشريعة توجب المصير إليها والاعتماد في إظهار الحق عليها، وهي باب واسع ...الخ اهـ.

"কেউ কেউ সিয়াসতের এই সংজ্ঞা দিয়েছেন যে, তা হচ্ছে- 'ফাসাদের বীজ নির্মূলের উদ্দেশ্যে যেসব অপরাধে শরয়ী বিধান রয়েছে, সেগুলোতে কঠোরতর শাস্তি প্রদান করা।' তার বক্তব্যে 'শরয়ী বিধান রয়েছে' দ্বারা উদ্দেশ্য- তা শরীয়তের উসূল ও মূলনীতির আওতায় পড়ে, যদিও সরাসরি সে বিষয়ে শরীয়তের কোন সুস্পষ্ট ভাষ্য নেই। কেননা, ঈমানের উসূল ও মূলনীতিসমূহের পর শরীয়তের ভিত্তি হল ফাসাদের বীজ নির্মূলের উপর, যেন জগত টিকে থাকতে পারে। এ জন্য আলবাহরুর রায়েকে বলা হয়েছে, 'আইম্মায়ে কেরামের বক্তব্যসমূহের ভাষ্য এই যে, সিয়াসত হল- বিচারকের এমন পদক্ষেপ যা তিনি মাসলাহাতের বিবেচনায় গ্রহণ করেছেন, যদিও উক্ত পদক্ষেপের ব্যাপারে (শরীয়তে) প্রত্যক্ষ কোন দলীল নেই।'

মিসকিন রহ. এর হাশিয়াতে হামাবি রহ. থেকে বর্ণনা করা হয়েছে, 'সিয়াসত হলো কঠোরতর বিধান। তা দুই প্রকার: ১.

জালেম সিয়াসত। শরীয়ত একে হারাম ঘোষণা করে। ২. আদেল তথা ইনসাফপূর্ণ সিয়াসত, যা জালেম থেকে প্রাপ্য অধিকার আদায় করে, অনেক রকমের জুলুম প্রতিহত করে, ফাসাদকারীদের দমন করে এবং শরীয়তের মাকাসিদ ও উদ্দেশ্যসমূহের বাস্তবায়নের দিকে ধাবিত করে। শরীয়ত একে অবলম্বন করা এবং হক ও প্রাপ্য প্রমাণ করার জন্য এর উপর নির্ভর করা আবশ্যক করে। এটি এক ব্যাপক বিস্তৃত অধ্যায় ...।” (রদ্দুল মুহতার: ৪/১৫)

মোটকথা- যেসব বিষয়ে শরীয়তের সুস্পষ্ট বিধান নেই, সেগুলোতে শরীয়তের সার্বিক উসূল ও মূলনীতির আলোকে সিদ্ধান্ত গ্রহণ হল- ইসলামী সিয়াসত। শরীয়তের সীমারেখার অভ্যন্তরে থেকে কোন কোন ক্ষেত্রে কিছুটা শিথিলতা করাও সিয়াসত, ফাসাদ ও ফাসাদকারীদের দমনের উদ্দেশ্যে কোন কোন ক্ষেত্রে কঠোরতর বিধান (এমন কি মৃত্যুদণ্ড) আরোপ করাও সিয়াসত। সিয়াসত একটি ব্যাপক-বিস্তৃত অধ্যায়। শরীয়তের প্রত্যেকটি বিষয়েই এর আওতাধীন।

সিয়াসতরূপে হত্যা

উপরোক্ত আলোচনা থেকে আশাকরি আপনাদের নিকট অস্পষ্ট নয় যে, অনেক ক্ষেত্রে শরীয়ত সিয়াসত বা তা'যিররূপে হত্যার বৈধতা দিয়েছে।

'আদদুররুল মুখতার' গ্রন্থকার (১০৮৮হি.) বলেন,

و يكون التعزير بالقتل. اهـ

"তা'যির হত্যার দ্বারাও হতে পারে।" [আদদুররুল মুখতার (রদ্দুল মুহতারের সাথে ছাপা): ৪/৬২]

আমরা শুরুতে বলে এসেছি যে, সিয়াসতরূপে ঐসব ব্যক্তিকে হত্যা করা হবে, যারা সমাজে ফাসাদ করে বেড়াচ্ছে, যাদের ফলে জনজীবন অতিষ্ট হয়ে পড়েছে, যাদের ফলে লোকজনের জান, মাল ও ইজ্জত-আব্রুর নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে কিংবা দ্বীন বিকৃত হচ্ছে। এমন ধরণের ব্যক্তিদেরকে সিয়াসতরূপে হত্যা করা হবে। অন্যথায় যাদের অপরাধের দ্বারা কেবল অপরাধী নিজেরাই ক্ষতিগ্রস্ত হচ্ছে, তাদের অপরাধের ফলে অন্যের কোন ক্ষতি হচ্ছে না- তাদের হত্যা করা হবে না। যেমন- কোন ব্যক্তি রোযা রাখে না। কিন্তু সে অন্য কাউকে রোযা না

রাখার দাওয়াত দেয় না। তাকে রোযা না রাখলে বন্দী করা হবে, শাস্তি দেয়া হবে; কিন্তু হত্যা করা হবে না। কেননা, রোযা না রাখার ক্ষতি তা তার নিজের পর্যন্তই সীমাবদ্ধ। এর দ্বারা অন্যের কোন ক্ষতি হচ্ছে না। পক্ষান্তরে কট্টর বিদআতি, যে নিজ বিদআতের দিকে অন্যদের আহ্বান করে থাকে- তাকে হত্যা করে দেয়া হবে। কেননা, তারা দ্বারা লোকজনের দ্বীন বরবাদ হওয়ার আশঙ্কা আছে। তদ্রূপ, চোর, ডাকাত, সন্ত্রাস, চাঁদাবাজ, লুটেরা, খুনি, ধর্ষক, সমকামি- এসব লোকের দ্বারা সমাজ বিনষ্ট হচ্ছে, জনশান্তিতে বিঘ্ন ঘটছে। তাই এরা যখন এসব অপরাধ বার বার করতে থাকবে, তখন তাদের হত্যা করে দেয়া হবে।

'আদদুররুল মুখতার' গ্রন্থকারের উপরোক্ত বক্তব্যের ব্যাখ্যায় আল্লামা শামী রহ. (১২৫২হি.) বলেন,

رأيت في [الصارم المسلول] للحافظ ابن تيمية أن من أصول الحنفية أن ما لا قتل فيه عندهم مثل القتل بالمثقل والجماع في غير القبل إذا تكرر فللإمام أن يقتل فاعله، وكذلك له أن يزيد على الحد المقدر إذا رأى المصلحة في ذلك، ويحملون ما جاء عن النبي - صلى الله عليه وسلم - وأصحابه من القتل في مثل هذه الجرائم على أنه رأى المصلحة في ذلك ويسمونه القتل سياسة، وكان حاصله أن له أن يعزر بالقتل في الجرائم التي تعظمت

اهـ ... ومن ذلك ما سيذكره .بالتكرار وشرع القتل في جنسها المصنف من أن للإمام قتل السارق سياسة أي إن تكرر منه.

وسيأتي أيضا قبيل كتاب الجهاد أن من تكرر الخنق منه في المصر قتل به سياسة لسعيه بالفساد، وكل من كان كذلك يدفع شره بالقتل، وسيأتي أيضا في باب الردة أن الساحر أو الزنديق الداعي إذا أخذ قبل توبته ثم تاب لم تقبل توبته ويقتل، ولو أخذ بعدها قبلت، وأن الخناق لا توبة له وتقدم كيفية تعزير اللوطي بالقتل. اهـ كلام ابن عابدين رحمه الله

"হাফেয ইবনে তাইমিয়া রহ. এর 'আসসারিমুল মাসলূল' গ্রন্থে দেখেছি: [হানাফিদের একটি মূলনীতি হলো- তাদের মতে যেসব অপরাধের শাস্তি হত্যা নয়; যেমন: ভারি বস্তু দ্বারা হত্যা করা, যোনিদ্বার ব্যতীত অন্য পথে সঙ্গম করা; যদি ব্যক্তি থেকে তা একাধিকবার প্রকাশ পায়, তাহলে ইমামুল মুসলিমীন তাকে হত্যা করতে পারবেন। তদ্রূপ মাসলাহাত মনে করলে তিনি নির্ধারিত পরিমাণের চেয়ে অতিরিক্ত শাস্তিও দিতে পারবেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার সাহাবায়ে কেরাম থেকে এ সকল অপরাধের বেলায় বর্ণিত হত্যাকে তারা এর উপর প্রয়োগ করেন যে, এতে তিনি মাসলাহাত রয়েছে মনে করেছেন। একে তারা 'সিয়াসতরূপে হত্যা' নাম দিয়ে থাকেন। এর সারকথা: যেসব অপরাধের অনুরূপ অপরাধে হত্যার বিধান রয়েছে, সেগুলো যখন বারংবার সংঘটিত হওয়ার দ্বারা

গুরুতর অবস্থা ধারণ করবে, তখন সেগুলোতে তিনি তা’যিররূপে হত্যা করতে পারবেন।] হাফেয ইবনে তাইমিয়া রহ. এর বক্তব্য শেষ হল। ...

(শামী রহ. বলেন,) গ্রন্থকার সামনে যা উল্লেখ করবেন, সেটাও এই শ্রেণীভুক্তই। তা হল- ইমামুল মুসলিমীন সিয়াসতরূপে চোরকে হত্যা করতে পারবেন। অর্থাৎ যখন তার থেকে বারংবার চুরি প্রকাশ পাবে। কিতাবুল জিহাদের একটু আগে আলোচনা আসবে যে, যে ব্যক্তি থেকে শহরের অভ্যন্তরে শ্বাসরুদ্ধ করে হত্যার ঘটনা বারংবার ঘটবে, তাকে সিয়াসতরূপে হত্যা করে দেয়া হবে। কেননা, সে যমিনে ফাসাদ করে বেড়াচ্ছে। প্রত্যেক ব্যক্তি, যার অবস্থা এমন হবে- তাকে হত্যা করে দিয়ে তার অনিষ্ট দমন করা হবে। বাবুর রিদ্দাহয় আলোচনা আসবে- যাদুকর কিংবা এমন যিন্দিক, যে নিজ কুফরি অভিমতের দিকে লোকজনকে দাওয়াত দেয়: যদি তাওবা করার আগেই ধৃত হয় এরপর তাওবা করে, তাহলে তার তাওবা কবুল হবে না বরং হত্যা করে দেয়া হবে। আর তাওবা করার পর ধৃত হলে তাওবা কবুল হবে। সামনে এও আসবে যে, শ্বাসরুদ্ধ করে হত্যাকারীর কোন তাওবার সুযোগ নেই। আর সমকামিকে তা’যিররূপে কিভাবে হত্যা করা হবে তার আলোচনা আগে গেছে।” (রদ্দুল মুহতার: ৪/৬২-৬৩)

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১৫

বি.দ্র.-১: এক অপরাধ কতবার করলে ফাসাদ ফিল আরদ গণ্য হবে?

এটি অপরাধের ভিন্নতায় ভিন্ন ভিন্ন হয়। যেমন- চুরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয়বার চুরি করাটা ফাসাদ ফিল আরদ গণ্য হয় না। এ দুই বারের শাস্তি হদের অন্তর্ভুক্ত যা সুনির্ধারিত। তৃতীয় বা চতুর্থ বার চুরি করা ফাসাদ ফিল আরদ বলে গণ্য। তখন মুনাসিব মনে হলে ইমামুল মুসলিমীন চোরকে হত্যা করতে পারেন।

অপর দিকে কাউকে শ্বাসরুদ্ধ করে হত্যা করা দ্বিতীয় বারেই ফাসাদ ফিল আরদ বলে গণ্য। কাজেই কারো থেকে একাধিক বার শ্বাসরুদ্ধ করে হত্যা করার অপরাধ পাওয়া গেলে তাকে হত্যা করে দেয়া হবে।

এক কথায় বলা যায়- যেখানে হদ নির্ধারিত আছে, সেখানে হদ কায়েম করা হবে। হদের সীমা পেরিয়ে গেলে তখন (যেমন তৃতীয় বার চুরি করা) ফাসাদ ফিল আরদ গণ্য হবে। আর

যেখানে হদ নেই সেখানে একাধিক বার পাওয়া গেলে (যেমন একাধিক বার শ্বাসরুদ্ধ করে হত্যা) ফাসাদ ফিল আরদ গণ্য হবে।

বি.দ্র.-২: ফাসাদকারীদেরকে অপরাধে লিপ্ত থাকা না থাকা উভয় অবস্থায় হত্যা করা হবে

আমরা আগে আলোচনা করেছি যে, দফউস সায়েলরূপে যাদের হত্যা করা হবে, তাদেরকে কেবল তখনই হত্যা করা হবে, যখন তারা অপরাধে লিপ্ত থাকে এবং হত্যা ব্যতীত তাদের থেকে জান-মাল ও ইজ্জত-আব্রু রক্ষা সম্ভব না হয়। অপরাধ থেকে নিবৃত হয়ে গেলে আর হত্যা করা যাবে না। তখন শরয়ী দলীল-প্রমাণের আলোকে যে অপরাধ প্রমাণিত হবে সে হিসেবে হদ-কেসাস বা অন্য শাস্তি কায়েম করা হবে।

এ আলোচনা থেকে কারো সন্দেহ হতে পারে যে, অপরাধে লিপ্ত থাকাবস্থা ছাড়া সাধারণ অবস্থায় কাউকে হত্যা করা যাবে

না। কিন্তু বাস্তবে বিষয়টা এমন নয়। যারা ফাসাদকারীরূপে চিহ্নিত হয়ে যাবে, তাদেরকে যেকোনো অবস্থায় হত্যা করা যাবে- চাই অপরাধে লিপ্ত থাকুক বা না থাকুক। যেমন ধরুন, এক লোক প্রসিদ্ধ সন্ত্রাস। সে ফাসাদকারীরূপে চিহ্নিত। সে হত্যার উপযুক্ত। এমতাবস্থায় তাকে যেখানে পাওয়া যাবে সেখানেই হত্যা করা যাবে। বাড়িতে কি বাড়ির বাইরে, রাস্তা-ঘাট, হাট-বাজার যেখানে যে অবস্থায়ই পাওয়া যাবে হত্যা করা যাবে।

যেমন ধরুন- সাপ, বিচ্ছু, ইঁদুর ইত্যাদি অনিষ্টকর প্রাণী। এদেরকে যেখানে যে অবস্থায় পাওয়া যাবে হত্যা করা হবে। এ অপেক্ষায় থাকা হবে না যে, সাপ-বিচ্ছু কামড় দিতে শুরু করলে বা ইঁদুর কাটতে শুরু করলে তখন হত্যা করা হবে, এর আগে হত্যা করা হবে না। কারণ, এদেরকে হত্যা করা হচ্ছে ফাসাদ দূরীকরণের জন্য। এরা যদি বর্তমানে ফাসাদে লিপ্ত নাও থাকে, তবুও তাদের ব্যাপারে জানা কথা যে, তারা অচিরেই ফাসাদ করে বেড়াবে। ভবিষ্যতে তাদের থেকে যে ফাসাদের আশঙ্কা, সেটাকে প্রতিহত করতেই তাদের হত্যা করা হচ্ছে। এ আশঙ্কা তাদের থেকে সর্বাবস্থায়ই বিদ্যমান। বাড়িতে

থাকলেও, গাড়িতে থাকলেও। হাটে থাকলেও, ঘাটে থাকলেও। ঘুমে থাকলেও, জাগ্রত থাকলেও। এ জন্য এদের ব্যাপারে কোন পরোয়া নেই। যখন যেখানেই সুযোগ মিলবে হত্যা করে দেয়া হবে।

ইবনুল কায়্যিম রহ. (৭৫১হি.) বলেন,

فإن قيل: فما تقولون في السنور إذا أكلت الطيور، وأكفأت القدور؟
قيل: على مقتنيها ضمان ما تتلفه من ذلك ... لأنها في معنى الكلب العقور ... وإن لم يكن ذلك من عادتها بل فعلته نادرا: فلا ضمان.
فإن قيل: فهل تسوغون قتلها لذلك؟ قلنا: نعم، إذا كان ذلك عادة لها.
وقال ابن عقيل، وبعض الشافعية: إنما تقتل حال مباشرتها للجناية، فأما في حال سكونها وعدم صولها: فلا.
والصحيح: خلاف ذلك، وأنها تقتل، وإن كانت ساكنة، كما يقتل ... من طبعه الفساد والأذى في حال سكونه، ولا تنتظر مباشرته
وفي " الصحيحين " عنه - صلى الله عليه وسلم -: «خمس فواسق يقتلن في الحل والحرم: الحدأة، والفأرة، والحية، والغراب العقرب " بدل " الحية " " الأبقع، والكلب العقور» وفي لفظ
ولم يشترط في قتلهن أن يكون حال المباشرة. اهـ

“যদি প্রশ্ন করা হয়- বিড়াল যদি পাখি খেয়ে ফেলে এবং ডেগ-পাতিল উল্টে ফেলে তাহলে এর (জরিমানার ব্যাপারে) আপনারা কি বলেন? উত্তর হবে- (যদি অনিষ্টসাধন করা ঐ বিড়ালের অভ্যাসে পরিণত হয়ে থাকে তাহলে) বিড়াল পালককে নষ্টকৃত জিনিসের জরিমানা দিতে হবে। ... কেননা, এ বিড়াল ঐ কুকুরের মতো, দংশন করা যার স্বভাব। ... আর যদি এমনটা এর অভ্যাস না হয়ে থাকে, বরং ঘটনাক্রমে করে ফেলেছে, তাহলে জরিমানা দিতে হবে না।

যদি প্রশ্ন করা হয়- এ অপরাধের কারণে কি আপনারা একে মেরে ফেলার অনুমতি দেন? উত্তরে বলব, হ্যাঁ (মেরে ফেলা যাবে)- যদি এমনটা করা এর অভ্যাসে পরিণত হয়ে থাকে। তবে ইবনে আকীল রহ. এবং শাফিয়ি মাযহাবের কেউ কেউ বলেন, অনিষ্টে লিপ্ত থাকাবস্থায় হত্যা করা যাবে। নিবৃত থাকাবস্থায় এবং আক্রমণ না করাবস্থায় হত্যা করা যাবে না।

তবে সঠিক কথা হল এর বিপরীতটা। নিবৃত থাকাবস্থায়ও একে হত্যা করা যাবে; যেমন- *ফাসাদ করে বেড়ানো এবং কষ্ট দেয়া যে লোকের অভ্যাস, তাকে নিবৃত থাকাবস্থায়ও হত্যা*

করা যাবে। অপরাধে লিপ্ত হওয়ার অপেক্ষায় থাকা হবে না। ...

সহীহাইনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে- 'পাঁচটি ফাসেক প্রাণী আছে, যেগুলোকে হরম শরীফ কি হরমের বাইরে সবখানে হত্যা করা হবে। সেগুলো হল: চিল, ইঁদুর, সাপ, পেটে বা পিটে সাদা দাগবিশিষ্ট কাক এবং ঐ কুকুর, দংশন করা যার স্বভাব।' অন্য বর্ণনায় সাপের বদলে বিচ্চুর কথা আছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এদের হত্যার জন্য হত্যা অনিষ্টে লিপ্ত থাকাবস্থায় হওয়ার শর্ত করেননি।" **(আততুরুকুল হুকমিয়্যাহ্: ২৪১-২৪২)**

হাদিসে যে পাঁচটি প্রাণীর কথা বলা হয়েছে, শুধু সেগুলোই নয়; যে প্রাণীই কষ্টদায়ক হবে- তাকেই হত্যা করে দেয়া হবে। যেখানে যে অবস্থায়ই পাওয়া যাবে, হত্যা করে দেয়া যাবে। হাদিসে এ পাঁচটি উল্লেখ করে এ দিকেই ঈঙ্গিত করা হয়েছে। যাহোক, বুঝানো উদ্দেশ্য- ফাসাদকারী যেই হবে, তাকেই হত্যা করা। যেখানে যে অবস্থায় পাওয়া যাবে- হত্যা করে দেয়া হবে। ফাসাদকারী মানুষ হোক কি অন্য কোন প্রাণী হোক। ফাসাদকারী যদি মানুষ হয়, তাহলে তাকে হত্যা করে দেয়ার

বিষয়টি সুবিদিত। এ কারণেই ইবনুল কায়্যিম রহ. বিড়াল হত্যা বুঝাতে গিয়ে মানুষ হত্যার দৃষ্টান্ত দিয়েছেন এবং এর উপর বিড়ালকে কিয়াস করেছেন।

কতক ব্যক্তির অভ্যাস এমন যে, তারা জালেম শাসকদের দরবারে গিয়ে লোকজনের ব্যাপারে বানিয়ে চিনিয়ে মিথ্যা অভিযোগ উত্থাপন করে থাকে। এদের মিথ্যা অভিযোগের ভিত্তিতে শাসকরা নিরপরাধ লোকজনকে হত্যা করে। এসব লোকও ফাসাদকারীদের অন্তর্ভুক্ত। এরাও হত্যাযোগ্য। এদের ব্যাপারে আলোচনা করতে গিয়ে আল্লামা ইবনে আবেদিন রহ. (১২৫২হি.) বলেন,

سئل شيخ الإسلام عن قتل الأعونة والظلمة والسعاة في أيام الفترة: قال يباح قتلهم؛ لأنهم ساعون في الأرض بالفساد، فقيل إنهم يمتنعون عن ذلك في أيام الفترة ويختفون. قال: ذلك امتناع ضرورة - {ولو ردوا لعادوا لما نهوا عنه} [الأنعام: 28]- كما نشاهد. قال وسألنا الشيخ أبا شجاع عنه، فقال: يباح قتله ويثاب قاتله. اهـ

“শাইখুল ইসলাম রহ.কে শাসকদের কাছে মিথ্যা অভিযোগ উত্থাপনকারী এবং জালেমদেরকে বিরতিকালীন সময়ে (হত্যার) ব্যাপারে জিজ্ঞাসা করা হলে তিনি উত্তর দেন, ‘তাদেরকে হত্যা করা বৈধ। কেননা, তারা যমিনে ফাসাদ সৃষ্টি করে বেড়ায়।’ এর উপর প্রশ্ন করা হল- বিরতিকালীন সময়ে তো তারা তা থেকে বিরত থাকে এবং আত্মগোপনে থাকে? তিনি উত্তর দেন: ‘এ বিরত থাকা তো জরুরতের কারণে। ***যদি তাদের ফিরিয়ে দেয়া হত, তাহলে যা হতে তাদেরকে বারণ করা হয়েছে তারা পুনর্বার তাতেই লিপ্ত হতো।*** [আনআম: ২৮] যেমনটা আমরা প্রত্যক্ষ করছি। তিনি বলেন, শায়খ আবু সুজা রহ.কে আমরা এ ব্যাপারে জিজ্ঞেস করেছিলাম। তিনি উত্তর দেন: একে হত্যা করা বৈধ এবং তার হত্যাকরী সওয়াবের অধিকারী হবে।”
(রদ্দুল মুহতার: ৪/৬৪)

মোটকথা: যমিনে ফাসাদ সৃষ্টি করে যারা বেড়ায়, তাদেরকে সর্বাবস্থায় হত্যা করা যাবে- চাই তারা সে সময়ে ফাসাদে লিপ্ত থাকুক বা না থাকুক।

বি.দ্র.-৩: ফাসাদকারী যদি তাওবা করে

ফাসাদকারীদের উক্ত বিধান হল যখন তারা তাওবা করে ভাল না হবে। কিন্তু যদি তাওবা করে ফেলে এবং ফাসাদ পরিত্যাগ করে সংশোধন হয়ে যায়, তাহলে তাদের বিধান কি হবে?

উত্তর: তাওবা হয়তো পাকড়াও করার আগে হবে, নয়তো পরে হবে। কোন কোন ফাসাদকারী এমন আছে যে, পাকড়াও করার আগে তাওবা করলে মাফ পেয়ে যাবে কিন্তু পাকড়াও করার পর তাওবা করলেও মাফ নেই। আবার কোন কোন ফাসাদকারী এমন আছে, তাদেরকে কোন অবস্থায়ই মাফ করে হবে না। আগে তাওবা করলেও তাদের বিধান- হত্যা। অবশ্য এ ব্যাপারে আইম্মায়ে কেরামের মতভেদ আছে। সামনে ইনশাআল্লাহ এর আলোচনা আসবে।

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১৬

সিয়াসতরূপে যাদের হত্যা করা হবে

কুরআন-সুন্নাহর আলোকে সিয়াসতরূপে অনেকেই হত্যার পর্যায়ে পড়ে। যথা:

১. যাদুকর।

২. বিদআতিদের সর্দার।

৩. যিন্দিক।

৪. সমকামী।

৫. পশুর সাথে সঙ্গমকারী।

৬. যে ব্যক্তি তার মাহরাম মহিলাকে বিবাহ করে।

৭. চোর।

৮. রাহজান ও ডাকাত।

৯. শ্বাসরূদ্ধ করে হত্যাকারী।

১০. ভারী বস্তু (যেমন পাথর ইত্যাদি) দিয়ে হত্যাকারী।

১১. মদখোর।

১২. যে ব্যক্তি শাসকদের কাছে মিথ্যা ও বানোয়াট অভিযোগ করে লোকজনকে হত্যা করায়।

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১৭

এক. যাদুকর

আহলে সুন্নত ওয়াল জামাআতের আকিদা হল, যাদুর হাকিকত-বাস্তবতা রয়েছে। এর দ্বারা লোকজনের ক্ষতি করা সম্ভব। যাদু এমন জিনিস যা শিখা ও শিখানো যায়। তবে তা শিখা বা শিখানো হারাম। তবে বিশেষ জরুরতের দুয়েক ক্ষেত্র এর ব্যতিক্রম। যাদু বিদ্যার ব্যাপক প্রচলন কেয়ামত নিকটবর্তী হওয়ার আলামত।

সকল যাদুকরই কি কাফের?

যাদুকর মাত্রই কাফের কি'না এ ব্যাপারে আইম্মায়ে কেরামে দ্বিমত রয়েছে:

- কারো কারো মতে যাদু বিদ্যা কুফর এবং প্রত্যেক যাদুকরই কাফের।

- কারো মতে (যেমন ইমাম শাফিয়ি রহ.) যদি যাদুতে কোন কুফরি বিশ্বাস, কথা বা কাজ থাকে তাহলে কাফের, অন্যথায় কাফের নয়।

যাদুকরের শাস্তি: হত্যা

যাদুকর তার যাদুর দ্বারা লোকজনকে কষ্ট দিয়ে থাকে। সমাজে অশান্তি সৃষ্টি করে। স্বামী-স্ত্রীতে বিচ্ছেদ ঘটায়। তাই সে মুফসিদ ফিল আরদ তথা সমাজে ফাসাদ সৃষ্টিকারীদের অন্তর্ভুক্ত। এদের শাস্তি হল- পাকড়াও হওয়ার আগেই যদি যাদু পরিত্যাগ করে তাওবা করে ভাল হয়ে যায়, তাহলে মাফ পাবে। আর যদি তাওবা করে ভাল হয়ে যাওয়ার আগেই পাকড়াও করা হয়, তাহলে হত্যা করে দেয়া হবে। পাকড়াও হওয়ার পর তাওবা করলেও মাফ করা হবে না। অবশ্য খালেস দিলে তাওবা করলে আখেরাতে আল্লাহ তাআলার কাছে মাফ পাবে।

‘আদদুররুল মুখতার’ গ্রন্থকার (১০৮৮হি.) বলেন,

الساحر ... (قبل توبته) ثم تاب لم تقبل توبته ويقتل، ولو (إذا أخذ) أخذ بعدها قبلت. اهـ

“যাদুকর ধৃত হওয়ার পর তাওবা করলে তার তাওবা কবুল হবে না বরং হত্যা করে দেয়া হবে। আর যদি তাওবার পর ধৃত হয়, তাহলে তাওবা কবুল হবে (হত্যা করা হবে না)।”

(‘আদদুররুল মুখতার’- রদ্দুল মুহতারের সাথে ছাপা: ৪/২৪২)

উল্লেখ্য, যাদুকর মুসলিম হোক কি অমুসলিম, মুসলিম হলে যাদুর দ্বারা কাফের হোক বা না হোক, পুরুষ হোক কি নারী- সর্বাবস্থায় তার শাস্তি: হত্যা। মুসলিম, কাফের, মুরতাদ; মহিলা, পুরুষ- সকলের বিধান এক তথা হত্যা।

মুরতাদ যাদুকর সাধারণ মুরতাদের মতো নয়

সাধারণ মুরতাদের বিধান হল, তিন দিন পর্যন্ত তাওবার সুযোগ দেয়া। এর মধ্যে মুসলমান হয়ে গেলে মাফ পেয়ে যাবে, অন্যথায় হত্যা করে দেয়া হবে। কিন্তু মুরতাদ যাদুকরের বিধান ব্যতিক্রম। তার কাছে তাওবা তলব করা হবে না। পাকড়াও করার পর অবশ্যই হত্যা করে দিতে হবে।

মুরতাদ যদি মহিলা হয় তাহলে হানাফি মাযহাব মতে তাকে হত্যা করা হয় না, বন্দী করে রেখে শাস্তি দেয়া হয়। কিন্তু মহিলা যদি যাদুকর হয় এবং যাদুর দ্বারা মুরতাদ হয়ে যায়, তাহলে তাকে হত্যা করে দিতে হবে। তার বিধান সাধারণ

মুরতাদ মহিলার মতো নয়। কারণ, তাকে মূলত হত্যা করা হচ্ছে ইরতিদাদের কারণে নয়, বরং তার যাদুর কারণে।

মোটকথা- মুরতাদ যদি যাদুকর হয়, তাহলে পাকড়াও করার পর তাকে আর মাফ করা হবে না। কারণ, সে সাধারণ মুরতাদ নয় বরং ফাসাদকারী মুরতাদ। সাধারণ মুরতাদরা তাওবা করে মুসলমান হয়ে গেলে মাফ করার সুযোগ আছে, কিন্তু ফাসাদকারী মুরতাদরা তাওবা করে ভাল হয়ে গেলেও মাফ পায় না। পাকড়াওয়ের পর মুফসিদ মুরতাদের শাস্তি হদের মতো। হদ যেমন মাফ হয় না, এদের শাস্তিও তেমন মাফ হয় না।

ইমাম জাসসাস রহ. (৩৭০হি.) বলেন,

وحكى محمد بن شجاع عن أبي علي الرازي قال: سألت أبا يوسف عن قول أبي حنيفة في الساحر "يقتل ولا يستتاب" لم لم يكن ذلك بمنزلة المرتد؟ فقال: الساحر قد جمع مع كفره السعي في الأرض بالفساد. اهـ

“মুহাম্মাদ ইবনে সুজা রহ. আবু আলী রাযি রহ. থেকে বর্ণনা করেন; তিনি বলেন, যাদুকরের ব্যাপারে আবু হানিফা রহ. এর অভিমত ‘তাওবা তলব করা ব্যতীতই তাকে হত্যা করে দেয়া হবে’- এর ব্যাপারে জিজ্ঞেস করলাম যে, তার বিধান সাধারণ মুরতাদের বিধানের মতো হল না কেন? তিনি উত্তর দেন- কারণ, যাদুকর কাফের হওয়ার পাশাপাশি যমিনে ফাসাদ সৃষ্টিরও সমন্বয় ঘটিয়েছে।” **(আহকামুল কুরআন: ১/৬১)**

তিনি আরও বলেন,

ويستدل بظاهر قوله تعالى: {إنما جزاء الذين يحاربون الله ورسوله ويسعون في الأرض فسادا} [المائدة: 33] إلى آخر الآية، على وجوب قتل الساحر حدا; لأنه من أهل السعي في الأرض بالفساد لعمله السحر واستدعائه الناس إليه وإفساده إياهم مع ما صار إليه من الكفر. اهـ

“আল্লাহ তাআলার বাণী, ‘যারা আল্লাহ ও তার রাসূলের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয় এবং যমিনে ফাসাদ-বিশৃংখলা সৃষ্টি করে বেড়ায় ... (আয়াতের শেষ পর্যন্ত)’- এর ভাষ্য থেকে এ ব্যাপারে দলীল দেয়া যায় যে, যাদুকরকে হদরূপে হত্যা করা ফরয। কেননা, সে যমিনে ফাসাদ সৃষ্টিকারী। সে যাদু করে। লোকদেরকে এর দিকে আহ্বান করে। তাদের মাঝে অশান্তি সৃষ্টি করে।

পাশাপাশি যে কুফরিতে সে নিপতিত হয়েছে তা তো আছেই।”
(আহকামুল কুরআন: ১/৬৫)

যেসব যাদুকর মুরতাদ হয়ে যায়নি, তাদেরও শাস্তি-পাকড়াওয়ের পর হত্যা। কারণ, সে মুরতাদ না হলেও মুফসিদ ফিল আরদ, যার শাস্তি হত্যা।

ইবনে আবেদিন রহ. (১২৫২হি.) বলেন,

لا يلزم من عدم كفره مطلقا عدم قتله؛ لأن قتله بسبب سعيه بالفساد كما مر. فإذا ثبت إضراره بسحره ولو بغير مكفر: يقتل دفعا لشره كالخناق وقطاع الطريق. اهـ

“অনেক সময় যাদুকর কাফের হয় না- এর অর্থ এই নয় যে, তাকে হত্যা করা হবে না। কেননা, তাকে হত্যা করা হচ্ছে যমিনে ফাসাদ করে বেড়ানোর কারণে- যেমনটা আগেও অতিবাহিত হয়েছে। অতএব, যখন প্রমাণিত হবে যে, সে যাদুর দ্বারা লোকজনের ক্ষতি করে- যদিও তা কুফরির দ্বারা না হয়: তখন তার অনিষ্ট দমনার্থে তাকে হত্যা করে দেয়া হবে। যেমন শ্বাসরুদ্ধ করে হত্যাকারী ও রাহজানদের হত্যা করা হয়।”
(রদ্দুল মুহতার: ১/৪৫)

যাদুকরদের সাথে সাহাবা তাবিয়িগণের আচরণ

সাহাবা ও তাবেয়িগণ যাদুকরদের হত্যা করে দিতেন। মুসান্নাফে ইবনে আবি শাইবাতে এসেছে,

عن عمرو ؛ سمع بجالة ، يقول : كنت كاتبا لجزء بن معاوية ، فأتانا كتاب عمر بن الخطاب : أن اقتلوا كل ساحر وساحرة ، قال :. فقتلنا ثلاث سواحر

"বাজালা রহ. বলেন, আমি জায ইবনে মুআবিয়ার কেরানী ছিলাম। তখন আমাদের নিকট হযরত উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহুর পত্র আসল এই মর্মে যে, 'প্রতিটি যাদুকর পুরুষ ও মহিলাকে হত্যা করে দাও।' তিনি বলেন, তখন আমরা তিনটি যাদুকরকে (পেয়ে) হত্যা করে দিলাম।" (মুসান্নাফে ইবনে আবি শাইবা: ২৯৫৮৫)

عن ابن عمر ؛ أن جارية لحفصة سحرتها ، ووجدوا سحرها ، واعترفت ، فأمرت عبد الرحمن بن زيد فقتلها

"ইবনে উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, হাফসা রাদিয়াল্লাহু আনহার এক বাঁদি তাকে - হাফসা রাদিয়াল্লাহু আনহাকে- যাদু করেছিল। তারা উক্ত বাঁদির যাদুর প্রমাণ

পেল। বাঁদিও যাদুর কথা স্বীকার করল। তখন হাফসা রাদিয়াল্লাহু আনহা আব্দুর রহমান ইবনে যায়েদকে আদেশ দেন বাঁদিটিকে হত্যা করে ফেলতে। ফলে তিনি একে হত্যা করে দেন।” (মুসান্নাফে ইবনে আবি শাইবা: ২৯৫৮৩)

عن همام بن يحيى ؛ أن عامل عمان كتب إلى عمر بن عبد العزيز في ساحرة أخذها ، فكتب إليه عمر : إن اعترفت ، أو قامت عليها البينة ، فاقتلها.

“হাম্মাম ইবনে ইয়াহইয়া রহ. বলেন, উম্মানের গভর্নর এক যাদুকর মহিলাকে গ্রেফতার করে হযরত উমর ইবনে আব্দুল আজিজ রহ. এর কাছে এর বিধান জানতে চেয়ে পত্র লেখেন। উমর ইবনে আব্দুল আজিজ রহ. লিখে পাঠান, ‘যদি মহিলা যাদুর কথা স্বীকার করে বা সাক্ষ্য-প্রমাণ দিয়ে তার যাদু প্রমাণিত হয়, তাহলে একে হত্যা করে দাও।” (মুসান্নাফে ইবনে আবি শাইবা: ২৯৫৮২)

ইবনুল হুমাম রহ. (৮৬১হি.) বলেন,

وقال أصحابنا: للسحر حقيقة وتأثير في إيلام الأجسام خلافا لمن منع ذلك وقال إنما هو تخييل. وتعليم السحر حرام بلا خلاف بين أهل العلم، واعتقاد إباحته كفر. وعن أصحابنا ومالك وأحمد يكفر

الساحر بتعلمه وفعله، سواء اعتقد تحريمه أو لا ويقتل. وقد روي عن عمر وعثمان وابن عمر وكذلك عن جندب بن عبد الله وحبيب بن كعب وقيس بن سعد وعمر بن عبد العزيز فإنهم قتلوه بدون الاستتابة. اهـ

“আমাদের আইম্মায়ে কেরামের অভিমত হল, যাদুর হাকিকত-বাস্তবতা রয়েছে (তা কেবল চোখের ধাঁ-ধাঁ নয়) এবং শারীরিক কষ্ট দেয়ার ক্ষেত্রে এর প্রভাব রয়েছে। তবে কেউ কেউ তা মানতে চান না বরং বলেন, তা কেবল চোখের ধাঁ-ধাঁ। আহলে ইলমদের মাঝে এ ব্যাপারে কোন দ্বিমত নেই যে, যাদু শিক্ষা দেয়া হারাম। একে বৈধ জ্ঞান করা কুফর। আমাদের আইম্মায়ে কেরাম, মালেক ও আহমাদ রহ. থেকে বর্ণিত যে, যাদুকর যাদু শিখা এবং তা প্রয়োগের দ্বারাই কাফের হয়ে যাবে এবং তাকে হত্যা করে দেয়া হবে- চাই তা হারাম জ্ঞান করুক বা না করুক। উমর, উসমান ও ইবনে উমর রাদিয়াল্লাহু আনহুম থেকে এমনই বর্ণিত আছে। তদ্রূপ, জুনদুব ইবনে আব্দুল্লাহ, হাবিব ইবনে কা’ব, কাইস ইবনে সা’দ এবং উমর ইবনে আব্দুল আজিজ রাদিয়াল্লাহু আনহুম থেকেও এমনই বর্ণিত আছে। কেননা, তারা একে -যাদুকরকে- তাওবা তলব করা ব্যতীতই হত্যা করে দিয়েছেন।” **(ফাতহুল কাদির: ৬/৯৯)**

সামনে গিয়ে বলেন,

وعند الشافعي لا يقتل ولا يكفر إلا إذا اعتقد إباحته ... ويجب أن لا يعدل عن مذهب الشافعي في كفر الساحر والعراف وعدمه.

وأما قتله فيجب ولا يستتاب إذا عرفت مزاولته لعمل السحر لسعيه بالفساد في الأرض لا بمجرد عمله إذا لم يكن في اعتقاده ما يوجب كفره. اهـ

"তবে শাফিয়ি রহ. এর অভিমত হল, একে বৈধ জ্ঞান না করলে হত্যা করা হবে না এবং সে কাফেরও হবে না। ... যাদুকর ও গণকের কাফের হওয়া না হওয়ার ব্যাপারে ইমাম শাফিয়ি রহ. এর অভিমত ছেড়ে অন্য কোন অভিমতের দিকে না যাওয়া আবশ্যক। তবে (তার হত্যার বিষয়ে শাফিয়ি রহ. এর অভিমত গ্রহণ করা হবে না, বরং) যাদু চর্চার বিষয়টা প্রমাণিত হলে তাকে হত্যা করে দেয়া আবশ্যক। এক্ষেত্রে তার থেকে তাওবা তলব করা হবে না। যদি তার মাঝে কোন কুফরি আকিদা না থাকে তাহলে তাকে হত্যা করা হবে শুধু যাদুর কারণে নয়, বরং যমিনে ফাসাদ করে বেড়ানোর কারণে।" **(ফাতহুল কাদির: ৬/৯৯)**

সারকথা-

যাদুতে কোন কুফরি কথা, কাজ বা বিশ্বাস থাকলে তা সর্বসম্মতিতে কুফর এবং যাদুকর (আগে মুসলিম থেকে থাকলে এখন) কাফের। আর কুফরি কিছু না থাকলে অনেকের মতে কাফের আর কারো কারো মতে কাফের নয়। তবে কুফরি থাকুক বা না থাকুক, কাফের হোক বা না হোক- তাওবার আগে পাকড়াও হলে সর্বাবস্থায় তাকে হত্যা করে দিতে হবে। যাদুকর মুসলিম হোক বা কাফের হোক, মুসলিম হয়ে থাকলে যাদুর দ্বারা মুরতাদ হোক বা না হোক, পুরুষ হোক কি মহিলা- সর্বাবস্থায় তার বিধান: তাওবার আগে পাকড়াও হলে হত্যা। কারণ, সে মুফসিদ ফিল আরদ তথা

যমিনে ফাসাদ বিস্তারকারী। আর মুফসিদের ক্ষেত্রে কাফের-মুসলিম, পুরুষ-মহিলা, স্বাধীন-গোলাম সবার হুকুম সমান।

যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১৯

যিন্দিকের শাস্তি:

মুসলিম বেশধারী যিন্দিক যদি ধৃত হওয়ার আগেই তাওবা করে ভাল হয়ে মুসলমান হয়ে যায়, তাহলে আখেরাতের পাশাপাশি দুনিয়াতেও তার তাওবা কবুল হবে। ফলে তার উপর থেকে মুরতাদের শাস্তি রহিত হয়ে যাবে। পরবর্তীতে মুসলমান গণ্য হবে। যেমন সাধারণ মুরতাদরা তাওবা করে মুসলমান হয়ে গেলে তাদের তাওবা কবুল হয় এবং তাদের উপর থেকে মুরতাদের শাস্তি রহিত হয়ে যায়।

মুসলিম পরিচয়ধারী কোন ব্যক্তি গোপনে গোপনে কাফের কি'না তা জানার পথ নেই। তাই কোন যিন্দিক ধৃত হওয়ার আগে তাওবার সূরত এ হবে যে, সে স্বেচ্ছায় কাযি বা ইমামুল মুসলিমিনকে জানাল, এতদিন সে কাফের ছিল। এখন তাওবা

করে বাস্তবেই মুসলমান হয়ে গেছে। তাহলে সে মাফ পেয়ে যাবে। কারণ, স্বেচ্ছায় নিজের অবস্থা প্রকাশ করে তাওবা করা থেকে বুঝা যায়, সে বাস্তবেই তাওবা করেছে।

পক্ষান্তরে যদি শরয়ী দলীল প্রমাণ দিয়ে তার কুফর প্রমাণ হয় এবং তারপর ধৃত হয়ে কাযির দরবারে উপস্থিত হয়, তাহলে তখন তার তাওবা (ইখলাসের সাথে হলে আখেরাতে আল্লাহ তাআলার কাছে গ্রহণযোগ্য হলেও, দুনিয়ার বিচারে) গ্রহণযোগ্য নয়। কেননা, তার ব্যাপারে প্রবল ধারণা এটাই যে, সে বাস্তবে তাওবা করেনি, হত্যা থেকে বাঁচার জন্য তাওবা জাহির করছে; যেমন এতদিন নিজেকে বাঁচানোর জন্য মুসলমান দাবি করে এসেছে।

সংশয়:

এখানে সংশয় হতে পারে যে, দারুল হরবে কাফেরদের উপর হামলা করলে যদি তারা তরবারির মুখে ইসলাম গ্রহণ করে, তাহলে তাদের ইসলাম গ্রহণযোগ্য হয়; তাহলে এখানে যিন্দিক ব্যক্তি তরবারির ভয়ে তাওবা করলে মাফ পাবে না কেন?

নিরসন:

হরবিরা এতদিন ইসলামের সাথে সুস্পষ্ট দুশমনি প্রকাশ করে আসছিল। এখন যখন ইসলাম গ্রহণ করেছে, তখন স্বাভাবিক এটাই যে, তারা তাদের আগের বিশ্বাস পরিত্যাগ করে ইসলামী বিশ্বাস ধারণ করেছে। কিন্তু যিন্দিক এর ব্যতিক্রম। কেননা, এতদিন সে নিজেকে বাঁচানোর জন্য –কাফের হওয়া সত্ত্বে- মুসলমান দাবি করে আসছিল। এখন ধরা পড়ার পর যখন নিজেকে মুসলমান দাবি করছে, তখন সে অতিরিক্ত কিছু করেনি, আগে যেমন মুসলমান দাবি করছিল, এখনও তেমনই দাবি করছে। আর তার কুফরি আকীদা থেকে ফিরে আসার দাবি যা সে করছে, তার ব্যাপারে প্রবল ধারণা এটাই যে, সে তরবারির ভয়ে শুধু জাহির করছে, বাস্তবে কুফর পরিত্যাগ করছে না। কেননা, এতদিন- কাফের হওয়া সত্ত্বে- নিজেকে বাঁচানোর জন্য শুধু মুসলমান দাবি করতো। এখন ধরা পড়ার পর তার আগের কুফর ছেড়ে দেয়া নিশ্চিত নয়। বরং প্রবল ধারণা এটাই যে, নিজেকে বাঁচানোর জন্যই এত দিনের মতো এখনও তাওবা জাহির করছে। পক্ষান্তরে হারবি কাফেররা নিজেদেরকে স্পষ্ট কাফের দাবি করে আসছিল। নিজেদের বাঁচানোর জন্য বা দুনিয়াবি কোন স্বার্থে নিজেদের মুসলমান

দাবি করার কোন প্রমাণ তাদের থেকে নেই। তাই তাদের বেলায় এ সম্ভাবনা প্রবল যে, তারা বাস্তবেই মুসলমান হয়ে গেছে।

অন্য কথায় বলা যায়, যার জাহির তার বাতিনের বিপরীত প্রমাণিত হবে, দুনিয়ার বিচারে তার তাওবা গ্রহণযোগ্য নয়- যদিও ইখলাসের সাথে হলে আখেরাতে আল্লাহ তাআলার কাছে গ্রহণযোগ্য। পক্ষান্তরে যাদের বাতিন তাদের জাহিরের অনুরূপ, তাদের তাওবা গ্রহণযোগ্য।

এছাড়াও বিভিন্ন কারণ আছে। সামনে আলোচনা আসবে ইনশাআল্লাহ।

***

দলীল-প্রমাণ ও আইম্মায়ে কেরামের বক্তব্য:

আল্লামা কাশ্মিরি রহ. (১৩৫২হি.) তার যুগান্তকারী গ্রন্থ 'ইকফারুল মুলহিদিন' এ বলেন,

قال: التفتازاني في "مقاصد الطالبين في أصول الدين": الكافر إن أظهر الإيمان خص باسم "المنافق"، وإن كفر بعد الإسلام "فبالمرتد"... وإن أبطن عقائد هي كفر بالإتفاق "فبالزنذيق"".

وقال في شرحه: قد ظهر أن: "الكافر" اسم لمن لا إيمان له: فإن أظهر الإيمان خص باسم المنافق، وإن طرأ كفره بعد الإسلام خص باسم المرتد، لرجوعه عن الإسلام ... وإن كان مع اعترافه وإظهاره شعائر الإسلام - بنبوة النبي - صلى الله عليه وسلم يبطن عقائد هي كفر بالإتفاق، خص باسم الزنيدق. اهـ

"'মাকাসিদুত ত্বালিবিন ফি উসূলিদ দ্বীন' গ্রন্থে তাফতাযানি রহ. (৭৯২হি.) বলেন, কাফের যদি নিজেকে মু'মিন জাহির করে, তাহলে তাকে 'মুনাফিক' বলা হবে। যদি মুসলমান থাকার পর কাফের হয়, তাহলে বলা হবে 'মুরতাদ'। ... আর যদি গোপনে গোপনে এমন সব আকীদা পোষণ করে, যেগুলো সর্বসম্মতিতে কুফর, তাহলে 'যিন্দিক'।

তিনি এর ব্যাখ্যায় বলেন: এতক্ষণে স্পষ্ট হল যে, ‘কাফের’ হচ্ছে এমন ব্যক্তির নাম, যার ঈমান নেই। যদি সে নিজেকে মু’মিন জাহির করে তাহলে ‘মুনাফিক’ বলা হবে। যদি মুসলমান থাকার পর তার উপর কুফর আপতিত হয়, তাহলে বলা হবে ‘মুরতাদ’ তথা দ্বীনত্যাগী । কেননা, সে ইসলাম ধর্ম ত্যাগ করেছে। ... যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নবুওয়াত স্বীকার করা এবং শাআয়েরে ইসলাম প্রকাশ্যে জাহির করা সত্ত্বেও গোপনে গোপনে এমন সব আকীদা পোষণ করে, যেগুলো সর্বসম্মতিতে কুফর, তাহলে ‘যিন্দিক’।”

(ইকফারুল মুলহিদিনি: ১২-১৩)

অন্যত্র বলেন,

المخالف للدين الحق إن لم يعترف به ولم يذعن له، لا ظاهراً ولا باطناً فهو كافر، وإن اعترف بلسانه وقلبه على الكفر فهو المنافق، وإن اعترف به ظاهراً لكنه يفسر بعض ما ثبت من الدين ضرورة بخلاف ما فسره الصحابة والتابعون وأجمعت عليه الأمة فهو الزنديق، كما إذا اعترف بأن القرآن حق، وما فيه من ذكر الجنة والنار حق، لكن المراد بالجنة: الابتهاج الذي يحصل بسبب الملكات المحمودة، والمراد بالنار: هي الندامة التي تحصل بسبب

الملكات المذمومة، وليس في الخارج جنة ولا نار فهو زنديق. اهـ

“দ্বীনে হকের বিরোধী ব্যক্তি যদি জাহিরি বাতিনি কোনভাবেই তা স্বীকার না করে এবং তার প্রতি আত্মসমর্পণ না করে, তাহলে সে ‘(প্রকাশ্য) কাফের’। যদি যবান দিয়ে তো স্বীকার করে কিন্তু তার অন্তর কুফরে অটল, তাহলে ‘মুনাফিক’। আর যদি বাহ্যত স্বীকার করে কিন্তু জরুরিয়্যাতে দ্বীনের কিছু বিষয়ের এমন ব্যাখ্যা করে, যা সাহাবা-তাবেয়ীন যে ব্যাখ্যা করেছেন এবং উম্মাহ যে ব্যাখ্যার উপর ঐক্যমত পোষণ করেছে সে ব্যাখ্যার বিপরীত; তাহলে সেই হচ্ছে ‘যিন্দিক’। যেমন: স্বীকার করলো যে, কুরআন সত্য এবং তাতে বিধৃত জান্নাত ও জাহান্নাম সত্য; কিন্তু জান্নাত দ্বারা উদ্দেশ্য- প্রশংসনীয় স্বভাবের কারণে অর্জিত প্রশান্তি, আর জাহান্নাম দ্বারা উদ্দেশ্য- নিন্দনীয় স্বভাবের কারণে উদ্ভূত অনুতপ্ততা; বাস্তবে কোন জান্নাত বা কোন জাহান্নাম নেই: তাহলে সে ‘যিন্দিক’।” **(ইকফারুল মুলহিদিনি: ৪৪)**

